লিসা অ্যাপারিসিও, সিরিজ সম্পাদক।

করা

যুবকদের শিষ্যত্বের সাথে জড়িত জাইমে রোমান আড়াইয়া • নিকোলাস বারাসা মিল্টন গে • নাবিল হাবিবি • আন্দ্রেয়া সোভেল্লে

• বাকো জাত্মিকো

কপিরাইট © ২০১৮

নাজারিন ইয়ুথ ইন্টারনাশনাল

সমস্ত অধিকার সংরক্ষিত

এই পুস্তকটি ব্যক্তিগত ব্যবহারের জন্য অবাধে বিতরন করা যেতে পারে।

আই এস বি এন (ISBN) XXX-X-XXXXX-XXX-X

সমস্ত শাস্ত্রের উদধৃতি বাইবেলের নিম্নলিখিত সংস্করন থেকে:

সমস্ত অধিকার সংরক্ষিত

কৃতিত্ব

লেখক: কেনি ওয়েড়, জাইম বোমান আড়াইয়া, নিকোলাস বারাসা, মিল্টন গে, নাবিল হাবিবি, আন্দ্রেয়া সোভেল্লে, বাখো জাটমিকো বই এবং সিরিজ সম্পাদক: লিসা অ্যাপারিসিও অনুলিপি সম্পাদক: হাইলি টিটার, এমিলি রেস এবং এমিলি নোক ।

কভার ডিজাইন: খ্রীষ্টান কার্ডোনা ।

আসল বিষয়বস্তু অনুবাদক: স্যামুয়েল

অ্যাপারিসিও (অধ্যায় ১ এবং ৩)

সূচিপত্র

এই সিরিজ সম্পর্কিত

মুখবন্ধ

প্রাপ্তি স্বীকার

ভূমিকা

অধ্যায় – ১

বাইবেল ভিত্তিক শিষ্যত্ব

অধ্যায় – ২

যেভাবে আপনি শুরু করেন: শিষ্যেরা শিষ্য তৈরী করে ।

অধ্যায় – ৩

শিষ্যত্ব: আধ্যাত্মিক অনুশীলনের মাধ্যমে গঠিত হওয়া ।

অধ্যায় – ৪

দলগুলিতে শিষ্যত্ব: জনসমাজ গঠনের সুবিধাগুলি আবিস্কার করা।

অধ্যায় – ৫

সামগ্রিক শিষ্যত্ব:  পরিবারগুলিকে এবং বিশ্বাসের সম্প্রদায়গুলিকে একত্রিত করা ।

অধ্যায় – ৬

সম্পর্কিত শিষ্যত্ব:  আমাদের জীবনকে পাঠ্যক্রম হিসাবে দেখা।

কাজ উদ্‌ধৃত এবং মোট

## এই সিরিজ সম্পর্কে

" আপনি কিভাবে যুবকদের সুসমাচার প্রচারে আত্মবিশ্বাসী হওয়ার জন্য পরিচালনা করবেন?" "আমার যুব সমাজ তাদের  বিশ্বাসে বৃদ্ধি পাচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য আমি কি ভাবছি?" "কখনও কখনও আমি মনে করি না যে আমি জানি  নেতা হিসাবে আমি কি করছি। আমার যুব সমাজকে কিভাবে সাহায্য করতে পারি তাদের নিজস্ব নেতৃত্বে দক্ষতা বিকাশের জন্য?" আমরা প্রায়শই সারা বিশ্বজুড়ে যুব নেতাদের কাছ থেকে এই জাতীয় প্রশ্ন শুনি। তারা ছোট  মন্ডলী এবং বৃহৎ মন্ডলীর যুব নেতা। তারা গঠনমূলক  প্রশিক্ষিত যুবক এবং অপেশাদার স্বেচ্ছাসেবক যুব কর্মী। হতে পারে আপনি এই জাতীয় কিছু প্রশ্ন জিজ্ঞাসা করছেন ।

এই তিনটি – বইয়ের সিরিজ স্থানীয় যুব নেতাদের উৎসাহিত করার জন্য এবং এটি তাদের কাছে পৌঁছানোর উপায় যেভাবে আপনি অর্থপুর্ন কাজ করছেন তাতে আপনাকে সজ্ঞিত করার জন্য । বাধাগুলি হল তারুন্য দিক নির্দেশ করার জন্য সর্বদা পরিবর্তিত সাংস্কৃতিক সূক্ষতা সহ পরিচর্য্যাটি বৈচিত্রময়। সুতরাং , আমরা এই বইগুলি বেছে নিয়েছি এন ওয়াই আই (NYI) এর মূল কৌশলগুলির এক একটি বই এক একটিতে আলোকপাত করার জন্য – সুসমাচার প্রচার(হওয়া), শিষ্যত্ব (করা), এবং নেতৃত্বের বিকাশ (যাওয়া)। এই মূল কৌশলগুলি নাজারিন মন্ডলীর প্রথম দিন থেকেই যুব সেবাকার্য্যে পরিচর্য্যা করে আসছে। আমরা বিভিন্ন বিচ্ছিন্ন দলের লেখকদের আমন্ত্রন করেছি তাদের দৃষ্টিভঙ্গি বলার জন্য যা আমাদেরকে সাহায্য করেছে একটি ভারসাম্যপূর্ন দৃষ্টিভঙ্গি আপনাদের সাথে তুলে ধরার জন্য । আমাদের বিশ্বাস আপনি এই মিশ্রন কন্ঠস্বরগুলি উপভোগ করবেন এবং দৃষ্টিভঙ্গির মিশ্রনটি আপনার সেবাকার্য্যের পারিপার্শিক অবস্থাতে সংযোগ স্থাপন করবে যা আপনার পরিস্থিতি যাই হোক না কেন।

আপনি যেখানেই নিজেকে প্ররিচর্য্যায় খুজে পাচ্ছেন জেনে রাখুন আপনি প্রশংসিত আপনার জন্য প্রার্থনা করা হচ্ছে, এবং আপনার জানার থেকে বেশি দক্ষতা যুব পরিচর্য্যাতে নিয়ে আসবেন।

ঈশ্বর আপনার মঙ্গল করুন।

## গ্যারি হার্টকে

ডিরেক্টর , নাজারিন ইয়ুথ ইন্টারন্যাশনল।

## মুখবন্ধ

যখন আমরা কথা বলি সুসমাচার প্রচার ( হওয়া), শিষ্যত্ব (করা) এবং নেতৃত্বের বিকাশের(যাওয়া) বিষয়ে, এটা সাধারনত আমাদের পক্ষে সহজরত হবে যদি আমাদের নিজস্য কেউ পরিচিত ধারনা এবং কৌশলগুলি আমাদেরকে বলে যা ইতিমধ্যে আমরা পরিচিত। তবে আমার বিশ্বাস করি নাজারিন ইয়ুথ ইন্টারন্যাশানালের তিনটি মূল কৌশল যা আরও সংক্ষিপ্ত আলোচনার দাবি রাখে। আমরা ২০১৩ সালে আমাদের মূল কৌশলগুলির উপর নতুন করে জোর দিয়ে এই কথোপকথনটি শুরু হয়েছিল। যা হওয়া (BE), করা (DO), এবং যাওয়া (GO) সম্পর্কে কথা বলা শুরু করে।

## সুসমাচার প্রচার:

ঈশ্বরের জ্যোতি হন, এমনকি আমাদের বিশ্বের অন্ধকার জায়গায়।

## শিষ্যত্ব:

অন্যের সাথে চলতে চলতে যীশুর মতো হয়ে উঠার জন্য কঠোর পরিশ্রম করুন।

## নেতৃত্বের বিকাশ:

আপনার জন সমাজে মধ্যে যান এবং একজন দাস নেতা হিসাবে শিখুন ।

হওয়া, করা এবং যাওয়া এই কথোপকথনটি ছড়িয়ে পড়ার সাথে সাথে আমরা উত্থিত পাঠগুলিতে সহায়তা করতে চেয়েছিলাম যা সেই কথোপকথন থেকে ছড়িয়ে পড়ে।

আমরা চেয়েছিলাম পাঠগুলি বিভিন্ন কণ্ঠস্বরের মাধ্যমে পাঠ করা উচিৎ যা প্রতিটি বিশ্বব্যাপী কথোপকথনে একটি আসনি দৃষ্টিভঙ্গি নিয়ে আসে। এটি অর্জন করার জন্য, আমাদের লেখকদের একটি বিশ্বব্যাপী দলের দরকার ছিল এবং ফলাফল ছিল এই সিরিজ, যা আমরা বিশ্বাস করি যে এটি একটি বিশ্ব মন্ডলী হওয়ার অর্থ কি তার একটি সত্য প্রকাশ।

আমরা বিশ্বাস করি এই বিচিত্র লেখকদের দ্বারা আপনারা প্রচুর উপকৃত হবেন।একটি সংক্ষিপ্ত ভূমিকা প্রত্যেকটি অধ্যায়ের শুরুতে দেওয়া হল। আপনি যেমন পড়বেন, আপনাকে মনে করিয়ে দেওয়া হবে আমাদের বৈচিত্রময় মন্ডলীগুলিকে যা কেবলমাত্র সামগ্রীর মাধ্যমেই নয়,কিন্তু সামান্য উপায়ে বানানের শব্দভান্ডার হিসাবে। আমরা ইচ্ছাকৃতভাবে শব্দভান্ডার এবং বানান রেখেছি যা প্রত্যেকজন লেখকের

শৈলির সাথে বিশ্বের বিভিন্ন অংশে যা ব্যবহৃত হয় তার সঙ্গে সঙ্গতিপুর্ন। যখন একটি অধ্যায় বিভিন্ন ভাষা থেকে অনুবাদ করা হয়েছে, বানান এবং শব্দভান্ডার অনুবাদকের স্বদেশের প্রতিচ্ছবি প্রকাশিত হয়েছে।

ঈশ্বর আপনাকে এবং আপনার সেবাকার্য্যে আশির্বাদ করুন যেভাবে আপনি যুবসম্প্রদায়কে সক্রিয়ভাবে যুক্ত করতে চাইছেন সুসমাচার প্রচারে, শিষ্যত্ব, এবং নেতৃত্ব বিকাশে। আমরা বিশ্বাস করি এই বইগুলি আরও সচেতনতার সাথে আপনার সেবাকার্য্যে এগিয়ে যেতে সহায়তা করবে। আপনি এখান থেকে কোথায় যাবেন? আমরা আপনাকে হওয়া , করা এবং যাওয়া এর বিশ্ব কাহিনিতে জায়গা করে নেওয়ার জন্য আমন্ত্রন জানাচ্ছি।

## লিসা অ্যাপারিসিও

## সম্পাদক

সেবাকার্য্য উন্নয়ন সমন্বয়কারী, নাজারিন ইয়ুথ ইন্টারন্যাশনাল।


## প্রাপ্তিস্বীকার

একটি বৈশ্বিক রচনা দল , গঠনের জন্য অনেক ব্যক্তি যোগদান এবং সমর্থনের প্রয়োজন। এটি আমাদের সমস্ত আঞ্চলিক যুব সমন্বয়কারীদেরকে আমন্ত্রনের মাধ্যমে শুরু হয়েছিল তাদের অঞ্চলের আমন্ত্রনের মাধ্যমে শুরু হয়েছিল তাদের অঞ্চলের যুব নেতাদের সাথে আমাদের নাম ভাগ করে নেওয়ার মাধ্যমে যারা সুসমাচার প্রচার, শিষ্যত্ব বা নেতৃত্ব বিকাশের জন্য দক্ষতা অর্জন করেছিলেন। সমর্থন এবং বিচক্ষনতা ছাড়াই রোনাল্ড মিলার (আফ্রিকা অঞ্চল), জ্যানারি সুয়াত ডি গডয়(এশিয়া প্যাসিফিক অঞ্চল)। দিয়েগো লোপেজ (ইউরেশিয়া অঞ্চল),মিল্টন গে( মেসোমেবিকা অঞ্চল), জিমি ডি গুভিয়া (দক্ষিন আমেরিকা অঞ্চল), এবং জাস্টিন পিকার্ড ইউ এস এ / কানাডা অঞ্চল), এই বইগুলি হত না।

১৮ জন লেখককে ভিডিও কনফারেন্স কলগুলির মাধ্যমে আমন্ত্রন করা হয়েছিল যাদের সহযোগীতার মাধ্যমে শেয় পর্যন্ত এই বইগুলির গঠনের আকার দেওয়া সম্ভব হয়েছে। কলগুলি সংগঠিত এবং নেতৃত্ব ছিলেন শ্যানন গ্রিন (গ্লোবাল এন ওয়াই অফিস) এই প্রকল্পে তার ব্যাক্তিগত সামগ্রীক অবদান ছিল একেবারে অমূল্য। কেনি ওয়েড (যুব মিশন) প্রতিটি কলে অংশ নিয়েছিলেন হওয়া (BE), করা (DO),

যাওয়া (GO) এর পটভূমির উদ্যোগ তৈরীর জন্য। তিনি যে প্রসঙ্গটি দিয়েছিলেন তা দিয়ে পুরো প্রকল্পটি নির্মানের একটি শক্ত ভিত্তি তৈরী হয়েছে। কেনি ছাড়াও সিরিজগুলিতে অবদান রেখেছেন ভূমিকাগুলির লেখক হিসাবে।

শেষপর্যন্ত যদিও , এই বইগুলি আমাদের প্রতিটি লেখকের কঠোর পরিশ্রম ছাড়া পাওয়া সম্ভব হত না । তারা তাদের হৃদয় থেকে বলেছেন কিভাবে তারা কাজের মাধ্যমে ঈশ্বরকে দেখেছেন, বিশেষকরে মন্ডলীগুলির প্রচেষ্টার মাধ্যমে যুবসমাজকে সুসমাচার প্রচারে সংযুক্ত করা সঙ্গে শিষত্ব, এবং নেতৃত্ব উন্নয়নে।

## আফ্রিকা

অয়েসলি প্যারি(সুসমাচার প্রচার)

নিকোলাস বারাসা( শিষ্যত্ব)

লেসেগো শিবম্বো (নেতৃত্ব বিকাশ)

## এশিয়া প্যাসিফিক

ড্যানিয়েল লাতু (সুসমাচার প্রচার)

বাখো জাম্বিকো (শিষ্যত্ব)

ক্যামেরন বাটকিস (নেতৃত্ব বিকাশ)

## ইউরেশিয়া

ওযাউটার ভ্যান ডের জেইজডেন (সুসমাচার প্রচার)

নাবিল হাবিবি ( শিষ্যত্ব)

ক্যাট উড (নেতৃত্ব বিকাশ)

## মেসোমেরিকা

ডারিও রিচার্ডস (সুসমাচার প্রচার)

মিল্টন গে (শিষ্যত্ব)

অডিলি দাজ (নেতৃত্ব বিকাশ)

## দক্ষিন আমেরিকা

ক্রিশ্চিয়ানো মাল্টা (সুসমাচার প্রচার)

জাইমে রোমন আরায়া (শিষ্যত্ব)

থিয়াগো নিম্যান অ্যামব্রেসিও (নেতৃত্ব বিকাশ)

## ইউ এস এ/ কানাডা

ডেনিস হল্যান্ড ( সুসমাচার প্রচার)

আন্দ্রেয়া সাওটিল (শিষ্যত্ব)

ফিল স্টার (নেতৃত্ব বিকাশ)

## ভূমিকা

কোনি ওয়েড

কোনি ওয়েড যুব মিশনের সমন্বয়কারী হিসাবে কাজ করেন । কেনি বিশ্বাস করেন যুব সেবাকার্য্যে আমাদের সহায়তা করে সৃজনশীলতাভাবে নিন্তা করতে ঈশ্বরের রাজত্ব আসার অর্থ কি তা বুজতে বিশেষ করে আমরা সেবকরা যারা যুবসমাজ এবং যারা খ্রীষ্টের প্রতি প্রতিশ্রুতিবদ্ধগনের সঙ্গে কাজ করি। তিনি বিশ্বাস করেন যে শিষ্যত্ব একটি জীবনদানকারি, সংশোধনমূলক, এবং মন্ডলীতে হওয়ার গঠনমুলক চক্র।

শিষ্যত্বের করা (DO) খ্রীষ্টের সঙ্গে সম্পর্কে জীবনযাপন করার হওয়া (BE) থেকে প্রবাহিত হয়। শিষ্যত্ব হল ঈশ্বরের  কাজের মিশনে সংযুক্ত হওয়া যা তিনি সারা বিশ্বের জন্য করেছেন (মথি ২৮:১৮-২০) । শিষ্যত্ব হল আমাদের জীবনকে অনুমতি দেওয়া যেখানে যীশুকে অনুসরন করার পদ্ধতিতে গঠিত হবে। আমাদের সম্পূর্ন ব্যাক্তির সাথে , ঈশ্বরের মিশনে সংযুক্ত  হয়ে যখন আমরা জনসমাজে ভ্রমন করি যা ইতিমধ্যেই উপস্থিত যখন আমরা সমকাজ করার জন্য অন্যদেরকেও আমন্ত্রন জানাই।একজন সুসমাচার প্রচারক যিনি ২০ বছরের বেশি সময় ধরে উত্তর – পশ্চিম অস্ট্রেলিয়ায় অধিবাসীদের মধ্যে সেবা কাজ করেছেন যিনি আমাকে বলেছিলেন তাদের শিষ্যত্বের পদ্ধতি হল ঈশ্বরকে ভালবাসা,

অন্যদেরকে ভালোবাসা এবং একই কাজ অন্যদেরকেও করতে শেখানো (লূক ১০:২৭)। চেনা লাগছে তাই না ? শিষত্ব আমাদের কেন্দ্রিয় আহ্বান এবং মিশন হচ্ছে শুভ সংবাদ দেওয়ার লোকেরা। এটা যা আমরা করে থাকি।

## শিষ্যতা মানে এমন একটি পদক্ষেপ যা আমরা বিশ্বাস করি তার সঙ্গে সামঞ্জস্যপূর্ন।

আমার বন্ধু ববি (যা আমি হওয়া (BE) পুস্তকে বলেছি) যে শিষ্যত্ব সম্পর্কে বৃহৎ আকারে শিখিয়েছে। যীশুর আত্মা ইতিমধ্যে জীবিত এবং সক্রিয় এবং ববিকে তার দিকে আকর্ষিত করেছিল। আমি সেই পথে যেতে চাই না যেখানে জিনিসগুলি জগাখিচুড়ি করি ! মনে হল আমিও ববির সাথে বিশ্বস্ত ছিলাম এবং ঈশ্বর আমাদের দুজনকে সামনে যাত্রার জন্য প্রস্তুত করেছিলেন। ঈশ্বর আমাদের ব্যবহার করেছিলেন তাকে পরিচর্যা করার জন্য এবং গভীর উপলব্ধিতে যীশুকে বিশ্বাসের পরিচয় পাওয়ার জন্য। যাই হোক, ঈশ্বর আমাকেও ববির মাধ্যমে শিক্ষা দিয়েছিলেন কারও চলার পথের সঙ্গী হতে পাশাপাশি তাদের নিজস্ব গতিতে এবং ঈশ্বর কিভাবে কাজ করছেন তা লক্ষ করার অপেক্ষায়। আমরা দুজনেই শিষ্যত্ব হয়েছিলাম।

লিওনার্ড সুইট দেখেন একই ধারবাহিকতায় সুসমাচার প্রচার এবং শিষ্যত্বের বিকাশ হচ্ছে ঈশ্বরের অনুগ্রহ। ১ সুসমাচার প্রচার শিষ্য তৈরির প্রাথমিক পর্যায়ে দেখা যায়। শিষ্যত্ব হচ্ছে ঈশ্বরের অনুগ্রহে শিক্ষা নেওয়া এবং বৃদ্ধি পাওয়া যা আমাদের উভয়ের জন্য এবং অন্যের জন্য।

শিষ্যত্ব মানে এমন একটি পদক্ষেপ যা আমরা বিশ্বাস করি তার সঙ্গে সামঞ্জস্য। আমরা এমন কিছু করি যা আমাদেরকে বাড়তে সাহায্য করে। আমরা এমন কিছু করি যা অন্যদেরকে বাড়তে সাহায্য করে। শিষ্যত্ব হচ্ছে করার একটি আচরন যা খ্রীষ্টেতে থাকার মধ্যদিয়ে প্রবাহিত হয়।

খ্রীষ্টেতে থাকার ফল হচ্ছে আমাদের জীবনের মাধ্যমে সুসমাচার প্রচার করা। আমাদের জীবনযাত্রার উদাহরন হচ্ছে যীশুর জীবন এবং তার মিশন (লূক ৪) । সুসমাচারকে প্রাসঙ্গিক করে তোলা এবং খ্রীষ্টকেন্দ্রিক নিরবচ্ছিন্ন উদাহরনগুলির দ্বারা আমরা আমাদের প্রভুর পদবিন্যাস অনুসরন করি, সঙ্গে প্রার্থনা, শাস্ত্র , নির্জনতা, সম্প্রদায়, উপাসনা, বলিদান, করুনা, শিক্ষা এবং সেবাকাজের মাধ্যমেও। ঈশ্বরের সাথে ব্যক্তিগত সম্পর্ক থেকে শিষ্যত্ব শুরু হয় এবং অন্যদের সাথে সম্পর্কের মাধ্যমেও প্রতিফলিত হয়। শিষ্যত্ব নিজের থেকে হয় না।

শিষ্যত্ব তখনই উৎকৃষ্ট হয় যখন আমরা পীড়নে অংশগ্রহন করি – আর পীড়নটি হচ্ছে নিজেদেরকে ঈশ্বরের নিকটবর্তী হওয়ার দ্বারা যীশুর শিষ্য হওয়া। সুসমাচার হওয়ার জন্য যীশু যা করেছেন তার অনুশীলন করা, পরে অন্যদেরকেও তা করার জন্য আমন্ত্রন যানানো ।আমাদের অবশ্যই কারও দ্বারা শিষ্য হতে হবে এবং অন্যকারও দ্বারা অনুশাসিত হতে হবে। কখনও কখনও আমরা আমদের চেয়ে বয়স্কদের দ্বারা অনুশাসিত হই; অন্য সময় আমাদের চেয়ে ছোটদের দ্বারা। খ্রীষ্টে বিশ্বাসের বয়স এবং আধ্যাত্মিকা গুরুত্বপূর্ন, তবে একজন শিক্ষনীয় চেতনার গতিশীলতা হিসাবে গুরুত্বপূর্ন নয়। আজীবন শিক্ষানবিস হিসাবে, আমি নির্বাচনি হতে পারি যাকে আমরা শিক্ষার এবং শিষ্যত্বের যাত্রাপথকে প্রভাবিত করার নির্দেশ দিই; যখন আমি একজন শিক্ষনিয় আত্মার অনুশীলন করি , যেকোণ বয়স এবং পটভূমির যে কেউ ঈশ্বরের অনুগ্রহে খ্রীষ্টিয় বিশ্বাসে আমাকে গঠন করার জন্য এগিয়ে আসতে পারে । আমরা কেবল বলা, পরামর্শ এবং উপায়গুলিতে নেতৃত্ব দিতে পারি যেভাবে আমরা অভিজ্ঞতা পেয়েছি এবং নিজেদেরকে বৃদ্ধি করেছি।

**শিষ্যত্ব একাকীত্বের অভিজ্ঞতা নয় আমরা কখনই খ্রীষ্টের সাথে সম্পর্কে বৃদ্ধি পেতে পারি না যতক্ষন পর্যন্ত আমরা অন্যদের সাথে সম্পর্কে না বাড়ি ।**

ববি বৃদ্ধি পেতে চেয়েছিল কিন্তু কিভাবে তা জানত না। সে বিশ্বাস করতে চেয়েছিল কিন্তু সে নিশ্চিত ছিল না যে সে পারে। এই সন্ধানে তার পাশাপাশি যাত্রার জন্য কারও দরকার ছিল। তার প্রয়োজন ছিল মন্ডলীর বিশ্বাসীর জনসমাজ। আরও গুরুত্বপূর্ন বিষয় প্রথমের দিকে কথোপকথনের জন্য, তার প্রয়োজন ছিল খ্রীষ্টের দেহ বিশিষ্ট সদস্যের কেবল একজন বন্ধু হওয়ার জন্য এবং সে যেভাবে সেভাবে তাকে ভালবাসার জন্য ঈশ্বরের সহ যোদ্ধা হিসাবে। ববির প্রয়োজন ছিল খ্রীষ্টান সম্প্রদায়কে খ্রীষ্টেতে বিশ্বাস আবিস্কার করার জন্য যতটা আমার মন্ডলীর সম্পর্কের বাইরে বন্ধুত্বের প্রয়োজন ছিল ঈশ্বরের মিশনের প্রামানিক ভাবে জড়িত হওয়ার জন্য।

তার বাড়ির দ্বারে কথোপকথন এবং মন্ডলী বিষয়ে তার প্রশ্ন থেকেই ছিল কফির দোকান এবং খেলাধুলার মাঠে ফিরে আমরা একসাথে কোচ করার সময়। এখন, আবার ববি মন্ডলী সম্পর্কে জিজ্ঞাসা করেছিল। আমাদের শিষ্যত্বের বন্ধুত্ব আরও বৃহত্তর দর্শনের দিকে এগিয়ে চলেছিল খ্রীষ্টের দেহ সম্প্রদায়ের দিকে। শিষ্যত্ব একাকীত্বের অভিজ্ঞতায় নয় । আমরা কখনই খ্রীষ্টের সাথে সম্পর্ক বৃদ্ধি পেতে পারি না যতক্ষন পর্যন্ত আমরা অন্যদের সাথে সম্পর্কে না বৃদ্ধি পাই (মার্ক ১২: ৩০-৩১) । তেমনি আমরা অন্যদের সাথে সত্যিকারের সম্পর্কে বৃদ্ধি হতে পারি না যতক্ষন না পর্যন্ত আমরা

খ্রীষ্টের সাথে সম্পর্কে বৃদ্ধি পাই। এই সম্পর্কের গতিশীলতা  হচ্ছে আমরা যেখানে অনুশীলন করি এবং কিভাবে আমরা পবিত্রতার জীবনযাত্রা অনুভব করি এবং খ্রীষ্টের প্রতিমুর্ত্তিতে পরিবর্তিত হই। শিষ্যত্ব হচ্ছে ঈশ্বরের প্রেমে বৃদ্ধি পাওয়া এবং অন্যদেরকে প্রেম করা এবং পরে অন্যদেরকে তা করার জন্য শিক্ষা দেওয়া। শিষ্যত্ব হচ্ছে যা কিছু আমরা করি (DO)  এবং কিছু জিনিষ আমরা নিজেকে হওয়ার (BE)  জন্য অনুমতি দিই যা আমাদের সঙ্গে করা হবে।

সুস্থ শিষ্যত্ব হল খ্রীষ্টের একজন শিষ্য হওয়া যখন নিজে শিষ্য হই এবং অন্যদেরকে শৃঙ্খলাবদ্ধ করি। আমরা কিভাবে বৃদ্ধি পাচ্ছি তা অন্যদেরকে বলি যাতে তারাও শিখে অভিজ্ঞতা পেতে পারে কিভাবে খ্রীষ্টের গভীরে যেতে হয় এবং ঈশ্বেরর পুনরুদ্ধার করা প্রতিমুর্ত্তির প্রতিচ্ছবিতে বৃদ্ধি পায়। কিছু উপায়ে , শিষ্যত্বের সম্পর্ক হল পিতামাতা এবং সন্তানের আয়নার মত। পচ্ছন্দ করি বা না করি, আমাদের পিতামাতা যদি তা বা আমাদের প্রাথমিক যত্ন প্রদানকারি হয়, আমরা সন্তান হিসাবে আমাদের উপর সর্বাধিক প্রভাব ফেলে। তাদের সঙ্গে যে সময়টি অতিবাহিত করেছি তা, আমাদের জীবনের আয়না হয়ে উঠে (এবং তাদের থেকে দূরে)। পিতামাতা, তাদের নির্ধারিত নির্দেশগুলি, সিধান্তের কাটা অংশগুলি, অভ্যাস এবং অভিজ্ঞতাগুলি আমাদের জীবনে প্রতিধ্বনিত হয়। আপনি যদি পিতামাতা হন তবে আপনার নিজের সন্তানেরা খ্রীষ্টকেন্দ্রিক একটি সম্পর্কযুক্ত শিষ্যত্বের অগ্রাধিকার (১ তীমথি ৩: ১২) । খ্রীষ্টের অনুসরনকারী  পিতামাতা হচ্ছে তাদের সন্তান সন্ততীদের অন্য প্রাথমিক অনুশাসনের দায়ীত্বশীল।

এই ঘনিষ্ট সম্পর্কগুলি খ্রীষ্টকে অনুসরন করার ক্ষেত্রে প্রায়শই সবচেয়ে কঠিন হয়ে ওঠে হওয়া (BE) এবং করার (DO) ক্ষেত্রে। এই বাধাগুলি সম্পর্কের ক্ষেত্রে তাদের জন্য গুরুত্বপূর্ন হয়ে ওঠে যা তাদের বৃদ্ধির, অনুগ্রহ , এবং খ্রীষ্টের প্রতি ধৈর্য্য এবং প্রেমের ক্ষেত্রে বাধা সৃষ্টি করে। যদি আমরা খ্রীষ্টের মধ্যে আমাদের দক্ষতার সর্বোত্তম ঝোঁক দিই সম্পর্কের জন্য, তবে শিষ্যত্বের সমস্ত ক্ষেত্রগুলি অনুসরন করবে। আমাদের নিজস্ব সন্তানরা আমাদের সর্বশ্রেষ্ট শিক্ষক হতে পারে। সম্পর্কের মধ্যে শিক্ষনযোগ্য আত্মা খুজে নেওয়া হচ্ছে বেশি ঝুঁকি যা শিষ্য বিকাশের ক্ষেত্রে গুরুত্বপূর্ন ভিত্তি।

বিশ্যাসী সম্প্রদায়ের কাছে দেওয়ার জন্য কি  করি খ্রীষ্টের সঙ্গে গভীর সম্পর্ক বিনা?

কবির সাথে সমস্ত কফি, কোচিং এবং মন্ডলীর কথোককথগুলি আমাদের সঙ্গে খ্রীষ্টের শিষ্যত্ব বন্ধুত্বের উন্নতিসাধনের জন্য হচ্ছিল যেখানে খ্রীষ্ট আমাদের পরিচালক ছিলেন। ববি আমার কাছে প্রকাশ করেছিল শান্তি , আনন্দ এবং স্বাধীনতার জন্য তার আকুল আকাঙ্খা ছিল। সে আমার অভিজ্ঞতা

প্রত্যক্ষ করেছিল, এক সাথে পথ চলার সময় । খ্রীষ্টের প্রতি বিশ্বাসের এই সম্পর্কিত পার্শ প্রতিক্রিয়া যেমন সন্দেহ, ভয়, সিদ্ধান্ত এবং হতাশার মাধ্যমে,(১ করিন্থীয় ১১:১)। প্রায়শই, আমি তাকে মনে করিয়ে দিতাম এই বিশ্বাসের বাস্তবতা কেবল খ্রীষ্টের উপর একটি সম্পর্কযুক্ত বিশ্বাসের কারনেই সম্ভব হয়েছিল। আমাদের প্রথম কফি খাওয়ার কথোপকথনের সময়, সে আমার সম্পর্কে বিস্তারিত অনুসন্ধান করছিল জীবনের সিদ্ধান্ত নিয়ে ঈশ্বরের উপর নির্ভর করার প্রক্রিয়াটির। আমি তাকে একটি বিচক্ষন অনুশীলনের কথা বলেছিলাম যে আমি শাস্ত্রের ব্যাখ্যা থেকে গ্রহন করেছি – ঈশ্বরে বিশ্বাস ও জীবনধারনের অনুশীলন কারনের টান (সাধারন জ্ঞান), অভিজ্ঞতা (আমাদের জীবনের এবং অন্যদের), শাস্ত্র (ঈশ্বরের গল্প), এবং ঐতিহ্য (খ্রীষ্টান সম্প্রদায়ের ইতিহাস আজ অবধি)। [৩] ববি আমার ব্যাখ্যাটিকে একটি সরল এবং সংক্ষিপ্ত বিবরনে ব্যাখ্যা করেছে: " আর – ই – এস – টি (R-E-S-T)। তার বর্ননাতে আমি হারিয়েছিলাম এবং জিজ্ঞাসা করেছিলাম, "তোমার এরকম বলার অর্থ কি?" সে পুনরায় বলেছিল, " কারন, অভিজ্ঞতা, শাস্ত্র এবং ঐতিহ্য। এটা বোধগম্য আমরা আমাদের সিদ্ধান্ত নিয়ে ঈশ্বরের উপরে বিশ্রাম নিতে পারি"। আমি খুব নিশ্চিত যে, সেখানে একটি " ঐশ্বরীক – মুহুর্ত" ছিল, ববি আমাদেরকে কী অনুশীলন করার জন্য কি দাবি করেছিল তার সম্পর্কে আমাদে শিখিয়েছিল জীবনের সিদ্ধান্তের বিবেচনা। পুনরায় আমি শিষ্য হয়েছিলাম।

বিশ্বাসী সম্প্রদায়ের কাছে দেওয়ার জন্য কি করি খ্রীষ্টের সঙ্গে গভীর সম্পর্ক বিনা? আমি কিভাবে সত্যিকারের আবিষ্কার করতে পারি যে ঈশ্বরের প্রতিমুর্ত্তিতে আমি কে যতক্ষন না আমি প্রতিশ্রুতিবদ্ধ হই নিজেকে পরিচর্য্যা এবং অন্যের সাথে সহভাগিতা করার জন্য? শিষ্যত্ব উভয়ই ব্যক্তিগত এবং সম্মিলিত প্রচেষ্টা। শিষ্যত্ব বিশ্বাসীদের সম্প্রদায়ের দিকে পরিচলিত করে এবং সংস্কৃতির পরিস্থিতিতে প্রেরন করে। আমি কোনমতে খ্রীষ্টের অনুগামী হতে পারব না অন্যকে উন্নত, এবং পরিমাপ না করে এবং বিশ্বাসের যাত্রাকে অভিজ্ঞতা এবং বৈচিত্রের সাথে ভারসাম্যপূর্ন না করে। আমাদের অবশ্যই খ্রীষ্টে থাকতে হবে, তাহলে তিনি অন্যদের জন্য যা করেছেন তা আমরাও পারব। শিষ্য, আসুন এটি করা যাক। চলুন তা করি।

অধ্যায় – ১

## বাইবেল ভিত্তিক শিষ্যত্ব

### জাইমে রোমন আরায়া

জাইম রোমন আরায়া হলেন চিলি অঞ্চলের একজন যুব সমন্বক এবং একজন পালক যিনি সান্টিয়াগোর ডি চিলি অঞ্চলে সেবায় রত। যুব পরিচর্য্যা তার কাছে উত্তেজনাপুর্ন কারন তিনি সম্পুর্নতার সঙ্গে সুসমাচার উপস্থাপনের সুযোগ পান নতুন প্রজন্মের ভাষায়। তিনি শিষ্যত্বকে গুরুত্বপুর্ন হিসাবে দেখেন কারন পরিপক্কতা ছাড়া কোন বৃদ্ধি হয় না। জাইমের পক্ষে,শিষ্যত্ব মানে অন্যের জীবনের জন্য আপনার জীবনকে বিনিয়োগ করা।

"হ্যালো বন্ধুরা, আপনাদের সাথে দেখা হয়ে ভালো লাগল, আমি একজন যুবক পালক এবং আমি শিষ্যত্ব কৌশলের জন্য দায়বদ্ধ যা বিপুল সংখ্যক লোকের সঙ্গে জড়িত। তবে, এই কাজের জন্য আমি মহিলা এবং পুরুষদের একটি নির্দিষ্ট দলের সাথে প্রাথমিকভাবে কাজ করার জন্য আমার প্রচেষ্টাগুলিকে কেন্দ্রভূত করার সিদ্ধান্ত নিয়েছি। আমি আসলে আমার বর্তমান পরিচর্যার দায়িত্ব শেষ করেছি, তাই ইদানিং আমি অন্যদের শিষ্য করার জন্য এই দলটিকে প্রস্তুত করার দিকে মনোনিবেশ করেছি। আমার সামনে কোন সহজ পথ নেই। আমরা অবশ্যই এই পথে কঠিন সময়গুলির মুখোমুখি হব এবং এটা আমাদের একসঙ্গে কাজ করার বিষয়ে সন্দেহের কারন হয়ে উঠবে। তবুও , এই দুঃসাহসিক কাজে যতক্ষন পারি তাদের সাথে যেতে দৃড়প্রতিজ্ঞ। আমি জানি তারা পৃথিবী পরিবর্তন করতে চলেছে। সম্ভবত আপনিও আমার মাতো এই পরিস্থিতিতে নিজেকে খুঁজে পাবেন । আমি আপনাকে আমন্ত্রন জানাচ্ছি আমার উদাহরনকে অনুসরন করার জন্য এবং আপনার অভিজ্ঞতা অন্যদের সাথে বলুন যাদের আপনার কাছে শেখার প্রয়োজন আছে। যাইহোক, নিজের পরিচয় দিতে আমি ভুলে গেছি। আমার নাম যীশু এবং আমি নাসারত থেকে এসেছি"।প্রায় ২০ শতক আগে, প্রায় ত্রিশ বছরের এই যুবক তার সেবাকাজ শুরু করেছিলেন আপনার আমার মতো সাধারন পুরুষ এবং মহিলাদের মধ্যে। তিনি তাঁর কাজ মারাত্মকভাবে গ্রহন করেছিলেন যে তিনি একটি নবীন বিশ্বসী দলের উপর সেই বার্তাটি অর্পন করেছিলেন যার ফলে বেঁচে গেছে অসংখ্য যুদ্ধ, বিপর্যয়, ধ্রুব বৈরিতা এবং পাশবিক অত্যাচার। সুসমাচারের অলৌকিকভাবে বেঁচে থাকার অর্থ হল আমরা সেই মহান আজ্ঞাকে পুর্ন করা চালিয়ে যেতে পারি যা প্রথম শিষ্যেদের দেওয়া হয়েছিল।

একটি উপলক্ষে, যীশুর শারিরিক ক্লান্তি ছিল যা প্রত্যেকের লক্ষ করার পক্ষে যথেষ্ট ছিল এবং তিনি এমন পরিস্থিতিগুলির মুখোমুখি হয়েছিলেন যা তাঁর ধৈর্যকে পরীক্ষা করা হয়েছিল। বহুলোক, যারা তাদের প্রয়োজনগুলি তাঁর কাছে নিয়ে এসেছিল তাদের তিনি পরিচর্য্যা করেছিলেন, যীশু ঘুমিয়ে পড়েছিলেন, এবং কাঠের একটি ভাঙা নৌকায় বিশ্রাম করেছিলেন যখন তিনি এবং তাঁর শিষ্যেরা গালীল সাগরের অন্য পারে যাচ্ছিলেন। শক্তিশালী ঝড়ের কবলে পড়া সত্তেও যীশু ঘুমিয়ে পড়লেন। ঝড় অব্যাহত থাকায় , শিষ্যেরা ভয়ে আর থাকতে পারল না এবং তাই তারা যীশুকে জাগিয়ে তুলল, জেনে তাদের জীবন বিপদের মধ্যে। এখানেই যীশু তাঁর শিষ্যদের ডেকে বললেন, হে অল্প বিশ্বাসীরা কেন ভীরু হও ?" (মথি ৮: ২৬) । শিষ্যরা কেবল শিখেছিল যে যীশু কে এবং তাদের ধীরগতিতে বিশ্বাস করা যীশুর ধৈর্যের প্রমান রাখে এবং তাদের বিশ্বাসের যাত্রাপথে যীশু তাদের সঙ্গে থেকে পথ চেলেছেন। যীশুর মতো আমাদের একই প্রতিক্রিয়া হত, বা সম্ভবত আরও খারাপ,যদি কোনও দীর্ঘ দিন কঠোর প্ররিশ্রমের পর প্রত্যাশিতভাবে আমাদের বিশ্রামে বাধা দিত। উনিই যীশু ছিলেন।,একজন যুবক পালক যে সেবাকাজের জন্য জীবন ধারন করতেন পিতার দ্বারা তাঁর উপর বিশ্বাস রেখে বৈধশীল হয়ে (এবং উপভোগও করতেন) প্রতিদিনের ভিত্তিতে অসম্পুর্নতার মানবতা সহ্য করে, যা তিনি নিজেই মনোনিত ছিলেন।

যীশুতে আমরা একজন পালকের নিখুঁত সদৃশ্য পাই প্রেমে এবং অনুগ্রহে পুর্ন, যা দায়ুদ রাজা মশীহের জন্মের ১০০০ বছর আগে দক্ষতার সঙ্গে বর্ননা করেছিলেনঃ

"সদাপ্রভু আমার পালক, আমার অভাব হইবে না।

তিনি তৃনভুষিত চরানীতে আমাকে শয়ন করান,তিনি বিশ্রাম জলের ধারে ধারে আমাকে চালান।

তিনি আমার প্রান ফিরাইয়া আনেন,

তিনি নিজ নামের জন্য আমাকে ধর্মপথে গমন করান।

যখন আমি মৃত্যুছায়ার উপত্যকা দিয়ে গমন করিব,

তখন অমঙ্গলের ভয় করিব না, কেননা তুমি আমার সঙ্গে সঙ্গে আছ, তোমার পাচনী ও তোমার যোষ্টি আমাকে সান্তনা করে।

তুমি আমার শত্রুগনের সাক্ষাতে আমার সম্মুখে মেজ সাজাইয়া থাক; তুমি আমার মস্তক তৈলে সিক্ত করিয়াছ; আমার পান পাত্র উথলিয়া পড়িতেছে। কেবল মঙ্গল ও দয়াই আমার জীবনের সমুদয় দিন আমার অনুচর হইবে, আর আমি সদাপ্রভুর গৃহে চিরদিন বসতি করিব"।

(গীত সংহিতা ২৩)

পালকিয় হৃদয়ের সঙ্গে এবং যখন তিনি জানতেন তাঁর দলের অপুর্ন প্রকৃতি, যীশু তাদেরকে শিষ্য করতেন নীতিগুলি এবং সত্যগুলি এমন পদ্ধতির সাথে যা তাদের জীবনের উপর একটি চিহ্ন রেখে যায় তাদের চারপাশের লোকেদের জীবন। প্রভু তাদের প্রত্যেক দিন জীবনে শিক্ষা দিতেন, কোন সম্মেলন, সেমিনার বা কনভেনশন আয়োজন ছাড়াই, এমনকি যখন ঈশ্বরতত্ত্ব অথবা বুনিয়াদি সমস্যা উত্থাপিত হত। যীশু তাঁর পদ্ধতিগুলি ব্যবহার করতেন অতি সাধারনভাবে ব্যহহারিক এবং বাস্তবায়নের মাধ্যমে। উদাহরনস্বরুপ, আমরা তাকে দেখেছি জমিতে থুতু ফেলে কাদা তৈরী করতে এবং জন্ম থেকে অন্ধ একজন মানুষকে সুস্থ করতে এবং গাধার পিঠে চড়ে জেরুশালেমের প্রবেশের বিজয় যাত্রা। যখনই তিনি সুযোগ পেতেন তাঁর শিক্ষা দেওয়ার আশেপাশের সাধারন উদাহরনের উপাদানগুলি, যীশু তাঁর অনুসরনকারীদের শিক্ষা দেওয়ার সুযোগটি কাজে লাগাণোর সময় নষ্ট করতেন না।

আমরা বাইবেলে দেখতে পাই যে কিভাবে যীশু তাঁর শিষ্যদের রাস্তায় গঠন করেছিলেন,দীর্ঘ সময় ধরে তাদের সঙ্গে পথ চলছিলেন, দিনের রোদে, ক্ষুধার্ত, শীতল এবং ক্লান্ত হয়ে পড়া সত্ত্বেও। প্রভু তাঁর জীবন অতিবাহিত করতেন রব্বি এবং বেশ্যাদের সঙ্গে সঙ্গে রোমিয় কর্মকর্তা এবং আশাহিন পক্ষাঘাত গ্রস্থ্যদের সঙ্গে। কর আদায়কারী এবং কুখ্যাত পাপীদের সাথে টেবিলে বসতে তাঁর কোন সমস্যা হয়নি। তাঁর মিশন তাঁর কাছে পরিস্কার ছিল, এবং তিনি পুরুষদের দ্বারা আরোপিত সামাজিক এবং ধর্মিয় ঐতিহ্যগুলি অনুসরন করার চেষ্টা করে সম্য নষ্ট করেননি। বরং তিনি তাঁর সমস্ত সম্পদ তাঁর পালের যত্ন নেওয়ার জন্য বিনিয়োগ করেছিলেন।

প্রচার করার জন্য দীর্ঘ ভ্রমনে যাওয়ার পরে, অসুস্থকে সুস্থ করতেন এবং অলৌকিক কাজ করতেন, প্রভু একটি ভাল স্যান্ডউইচ খেতে পছন্দ করতেন ( হট ডগ, আরপা বা আপনার দেশের কোণ দোকানের জনপ্রিয় স্যান্ডউইচ) কোন বিলাসবহুল ঘরে অবসর নেওয়ার চেয়ে তিনি তাঁর বন্ধুদের সঙ্গে কোন স্থানীয় দোকানে খেতেন। তাদের কাছে তাঁর প্রতিদিনের জীবন খোলার মাধ্যমে, যীশু মহাবিশ্বে ও তাঁর শিষ্যদেরকে সর্বাধিক গুরুত্বপূর্ন বার্তা দিয়েছিলেন। এই অসম্পূর্ন অনুসরনকারীরা এতক্ষন পর্যন্ত গৌরবময় মিশনটি গ্রহন করতে পারেনি যা তারা পেতে চলেছিল এমনকি ঈশ্বরের পুত্রের সঙ্গে জীবন অতিবাহিত করার পরেও – এই শিষ্যরা যীশুর সাথে প্রতিদিন আলাপচারিতার মাধ্যমে পরিবর্তিত হয়েছিল।

স্পষ্টতার কারন সাথে যীশু তাঁর কৌশলগুলি শাস্ত্রের মাধ্যমে আমাদের কাছে উপস্থাপন করেছেন, আমরা দেখতে পারি যে শিষ্যত্ব একটি ক্রিয়া কলাপের চেয়ে একটি জীবন প্রক্রিয়া বা বেশি করে আমাদের মন্ডলীর বিভাগ। ডাঃ লুকাশ লেস লিখেছেন, "শিষ্যত্ব ...... শুরু হয় যেই মুহুর্তে আমরা শরীরের (মন্ডলী) সদস্যপদে প্রবেশ করি এবং এটি শেষ হয় স্বর্গে"। [1] তিনি যোগ করেছেন, "শিষ এবং যীশুর বন্ধু হওয়ার অর্থ তিনি যেভাবে শিক্ষা দিয়েছেন সেই ভাবেই জীবনধারন করা। শিষ্যত্ব কোণ অনুষ্ঠান বা কেবল কোনও পদ্ধতি নয়। শিষ্যত্বের অর্থ খ্রীষ্টের শৃঙ্খলাগুলিকে অনুশীলন করা এমন এক পর্যায়ে যাতে আমাদের জীবন ছড়িয়ে পড়ে অন্যের প্রতি একই রকম বাধ্যতায়। আমাদের অবশ্যই খ্রীষ্টের শিক্ষাতে জীবনধারন করতে হবে যাতে করে আমরা তরুন্দেরকেও "শিখাতে" পারি"।[2]

ঠিক যেভাবে কেউ খ্রীষ্টিয় বিশ্বাস সম্পর্কে তথ্য সরবরাহ করতে পারে। তা করার জন্য আপনার প্রয়োজন হবে একটি পেনসিল এবং একটি পুস্তিকা যেখানে আপনি বাইবেলের পদগুলি পুরন করতে পারেন। তবে, জীবনের নীতিগুলি সঞ্চারিত করার জন্য, আপনাকে গভীরভাবে ঈশ্বরকে ভালবাসতে হবে এবং অনুমতি নেওয়ার জন্য আগ্রহী হতে হবে নিজেকে দক্ষ কুমোরের হাতে আকৃতিযুক্ত হওয়ার।

আমাদের যুব সেবাকার্য্যে, আমাদের নিশ্চিত হওয়া দরকার যে আমরা নতুন বিশ্বাসীদের সাথে যে কাজটি করছি তাতে আমরা শিথিল হই না। তরুণদের শিষ্য করার প্রয়োজনীয়তার বিশয়ে আমরা প্রায়শই সাড়া দিই বাইবেল ক্লাসে কিছু পাঠদানের মাধ্যমে "বাইভিত্তিক খ্রীষ্টিয় সমাজ" শিক্ষাদানের মাধ্যমে।ক্লাস শেষে আমরা আমাদের যুবকদের যীশুর শিষ্য হিসাবে "স্নাতক" হওয়ার প্রত্যাশা করি,যেমন তারা একজন বিশ্ববিদ্যালয়ের স্নাতক। দুর্ভাগ্যক্রমে, অনুষ্ঠানের সমাপ্তির সঙ্গে সঙ্গে এবং আলো,সাধারন অলোড়ন, করতালি এবং অভিনন্দনগুলি অদৃশ্য হয়ে যায়,তাদের ভাগ্যে তাদেরকে ছেড়ে দিই,আশাকরি "নতুন শিষ্যরা" বাপ্তিস্ম গ্রহন করার সিদ্ধান্ত নেবে, সুতরাং এই স্বল্প মেয়াদে, তারা মন্ডলীর সদস্যপদ গ্রহন করবে। আমরা এমনকি আশা করি যে একদিন তারা সেবাকার্য্যে যুক্ত হওয়ার জন্য ঈশ্বরের আওয়াজ শুনতে পাবে যাতে আমরা আমাদের প্রচেষ্টার ফল দেখতে পারি।

এই প্রাথমিক পদ্ধতিটি অনেকে ব্যবহার করেছেন , তবে এটির সাথে কোন সাদৃশ্য রাখে না শিষ্যের উদাহরনগুলির যা আমরা বাইবেলে দেখতে পাই । আমাদের শিষ্যত্বের কৌশলগুলির মূল্যায়নের সময় এসেছে অত্যাবশকীয় জিনিসগুলিকে পরিবর্তন করার যেখানে নিজেদেরকে সেই প্রতিরুপ সারিতে সারিবদ্ধ করতে পারি যা খ্রীষ্ট আমাদেরকে দিয়েছেন: একটি সাদৃশ্য যা সত্যকারের গুরুত্বকে স্বীকৃতি দেয় নতুন বিশ্বাসীদের শিষ্যত্বে আসার। আমাদের যুব সমাজ আমাদের দিকে তাকিয়ে আছে আমাদের সাহায্য নেওয়ার জন্য তাদের খ্রীষ্টিয় জীবনের প্রয়োজনিয় শক্তিশালী ভিত্তি গড়তে। আরও গুরুত্বপূর্ন,

ঈশ্বর আমাদের কাছ থেকে আশা করেন সত্য এবং বিশ্বস্ত শিষ্য তৈরী করার, কেবল " ধর্মান্তরিত" নয়। এই সময়টি এসেছে এই দায়িত্ব নেওয়ার।

## আমাদের কাজ

মহাআজ্ঞা, সব বাধাকে পেছনে ফেলে দেয় পাশাপাশি সুসমাচার বার্তা ঘোষনা করে, এবং বিশ্বাসীদের আহ্বান করা হয় নতুন বিশ্বাসীদের সাহায্য করার জন্য এবং যীশুর শিক্ষা এবং আদেশ দ্বারা আকৃতি দেওয়ার জন্য। আহ্বান গ্রহন করে " যাওয়া" হচ্ছে ভিত্তিমুলক, তবে আমাদের অবশ্যই ভুলে যাওয়া উচিৎ নয় যে এটি মহাআজ্ঞার প্রথম অংশ। খ্রীষ্টের অনুসরনকারীতে শক্তিশালীকরন,অনুশাসন এবং গঠনের কাজটি দ্বিতীয় অংশ যা আমাদের অনেকেই করে না। সুতরাং যীশু কি বলতে চেয়েছেন যখন তিনি শিষ্য তৈরী করতে আদেশ দিয়েছেন?

**আমরা ঈশ্বরের কাজটি করার বিষসে উদ্বিগ্ন , তবে আমরা পরের প্রজন্মকে ইচ্ছাকৃতভাবে তাদের সাহসের সঙ্গে বিশ্বাসে বেঁচে থাকার জন্য প্রস্তুত করছি বিশ্বের সর্বাধিক গুরুত্বপুর্ন বার্তাটি বহন করার জন্য?**

শিষ্যরুপে , সহজ কথায়, আমরা যে বার্তাটি পেয়েছি তা অন্যদের কাছে প্রেরন করা এবং তারা একই আবেগের সাথে মিশনটি পূর্ন করবে তা নিশ্চিত করা। মহা প্রেরিত পৌল শিষ্যত্বের এই ধারনাটিকে খুব ভালভাবে বুঝতে পেরেছিলন, কারন তিনি তাঁর তরুন শিষ্য তীমথিয়কে বলেছিল: "আর অনেক সাক্ষীর মুখে যে সকল বাক্য আমার কাছে শুনিয়াছ, সে সকল এমন বিশ্বস্থ লোকদিগকে সমর্পন কর, যাহার অন্য অন্য লোককেও শিক্ষা দিতে সক্ষম হইবে"।( ২ তীমথিয় ২:২) । সংক্ষেপে, পৌল বলেছিলেন, " তীম, নিশ্চিত হও এই বার্তাটি তোমার সাথে মারা যাবে না"।

আমাদের অবশ্যই নিজের সাথে সৎ হতে হবে এবং আমাদের নিজস্য সেবাকার্য্যগুলিকে মুল্যায়ন করতে হবে। আমরা ঈশ্বরের কাজটি করা সম্পর্কে উদ্বিগ্ন, কিন্তু আমরা কি ইচ্ছাকৃতভাবে পরবর্তী প্রজন্মকে প্রস্তুত করছি সাহসের সঙ্গে বিশ্বাসে বেঁচে থাকার জন্য যেন তারা বিশ্বের অত্যন্ত গুরুত্বপুর্ন বার্তাটি বহন করে?

শিষ্য তৈরী করার মিশনটি পূর্ন করার জন্য আমাদের অবশ্যই অন্যদেরকে পরামর্শ দেওয়ার পরিচালনা করার এবং শিষ্য করার অনুমতি দিতে হবে । সেবাকাজে, আমাদের খুঁজে বের করতে হবে পরামর্শদাতা, পরিপক্ক লোক , অভিজ্ঞতা এবং আধ্যাত্মিক কতৃত্বপুর্ন লোক যার কাছে আমরা জবাব দিহি করতে পারি পরামর্শ এবং সংশোধনের দ্বারা। ফেলিক্স আর্চিজ এই ভাবে পরামর্শদাতার বর্ননা দিয়েছেনঃ “ পরামর্শদাতা না পিতা, না অংশিদার,না ঈশ্বর, না কেউ নিখুঁত, কিন্তু কেবল একজন খ্রীষ্টান যে যীশুর জ্ঞানে নিজেকে বৃদ্ধি করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ, যে তাকে প্রভু এবং ত্রানকর্তারুপে গ্রহন করেছে যে তাকে অনুসরন করে এবং অন্য বিশ্বাসীদের প্রভুর সাথে তাদের নিজস্য অভিজ্ঞতা আরও গভীর করতে সাহায্য করে। এর থেকে দুটি গুরুত্বপূর্ন সত্যকে অনুমান করা হয় : ১) একজন পরামর্শদাতা হলেন যীশুর একজন সক্রিয় অনুগামী, ২) যে অন্য বিশ্বাসীকে সাহায্য করে যীশুর সক্রিয় অনুগামী হওয়ার জন্য।“ [3]

**যদি আমরা খ্রীষ্টেতে রুপান্তরিত না হই তবে আমরা আমাদের নিজস্য অন্তরে ব্যক্তিগত শিষ্য গঠন করব, শিষ্যেরা যারা আমাদের উদাহরন অনুসরনকারী সিধ্যান্ত নেয় আমাদের মানবতার ভিত্তিতে এবং যীশুর প্রতিমর্তিতে নয় যা আমাদের প্রতিফলিত করা উচিৎ।**

এটা স্বাস্থকর এবং আবশ্যক ছাঁচে নির্মিত হওয়া এবং সনাক্তকরন হওয়া কতখানি আমাদের প্রয়োজন অন্য কারও কাছ থেকে সংশোধিত হওয়ার , বিশেষ করে যখন আমাদের ক্রমবর্ধমান উচ্চস্তরে নেতৃত্বের উন্নিত হয়। আমাদের কখনও ভুলে যাওয়া উচিৎ হবে না যে আমরাও উত্তম মেষপালকের অনুসরনকারী মেষ। যেমন চিলির পালক ফ্রান্সিসকো সিফুয়েন্টেস এটি প্রকাশ করেছেন “ আমি এখন এক মেষ যে রবিবারে দুটি পায়ে দাঁড়িয়ে আছে”।

যদি যীশু নিজে প্রতিদিন পিতার কাছে যান, ঘনিষ্ঠতায় এবং নম্রতায়, কতখানি বেশি আমাদের করা উচিৎ! আজকে ঈশ্বরের কাছে প্রার্থন করুন একজন শিক্ষনীয় হৃদয় এবং আত্মার জন্য। ।

এটা নৈতিক ও ব্যবহারিকভাবে অসম্ভব তরুণদের কাছ থেকে এইরকম ঐশ্বরীক হৃদয় পাওয়া যদি আমরা সেই ঈশ্বরের হৃদয়কে না জানি। যে কোন স্তরের কাউকে জানতে, আমাদের অবশ্যই তাদের সঙ্গে সময় কাটানো উচিৎ। ফলস্বরুপ,ঈশ্বরের সাথে একটি অন্তরঙ্গ এবং অবিছিন্ন সম্পর্ক সক্ষম করবে প্রাকৃতিক এবং অপ্রাতিকভাবে খ্রীষ্টের শিষ্য গঠন করার, মহৎ কাজটি সম্পন্ন করার। যদি আমরা

খ্রীষ্টেতে রুপান্তরিত না হই তবে আমরা আমাদের নিজস্য অন্তরে ব্যক্তিগত শিষ্য গঠন করব, শিষ্যেরা যারা আমাদের উদাহরন অনুসরনকারী সিধ্যান্ত নেয় আমাদের মানবতার ভিত্তিতে এবং যীশুর প্রতিমুর্তিতে নয় যা আমাদের প্রতিফলন করা উচিৎ। আমরা নিয়মিত নিজেকে এই প্রশ্নটি জিজ্ঞাসা করা উচিৎ: আমি কি নিজের ইচ্ছামত শিষ্যে গঠিত হচ্ছি অথবা যীশুর শিষ্য হচ্ছি?

একটি জনপ্রিয় উক্তি আছে যা হল, " অলস ব্যক্তি দ্বিগুন কাজ করে।" আমি এই বাক্যাংশটি বিশ্বাস করি যা খুব ভালভাবে বোঝায় অত্যন্ত বোঝা যা অন্যদেরকে শিষ্য তৈরী করার ফলস্বরুপ এমনকি যখন আমরা আধ্যাত্মিকভাবে অলস হয়ে পড়ি, আমাদের নিজেদের ব্যক্তিগত উন্নতির জন্য প্রত্যেকদিন আধ্যাত্মিকত অভ্যসগুলির জন্য সময় কাটানোর কথা ভুলে যাই। অন্যদিকে, যখন আমরা শৃঙ্খলাবদ্ধভাবে ঈশ্বরের সঙ্গে সময় অতিবাহিত করি, আমাদের পাশের লোকেরা আমাদের উদাহরনের দ্বারা শিষ্য তৈরী হয় এবং চরিত্র যা ক্রমশ যীশুর মত হয়ে উঠে। এই লক্ষটি সাধু পৌল ইফিষীয়দের উপর অর্পন করেছিল : " যাবৎ আমরা সকলে ঈশ্বরের পুত্র বিষয়ক বিশ্বাসের ও তত্ত্বজ্ঞানের ঐক্য পর্যন্ত, সিদ্ধ পুরুষের অবস্থা পর্যন্ত, খ্রীষ্টের পুর্নতার আকারের পরিমান পর্যন্ত, অগ্রসর না হই" (ইফিসিয় ৪:১৩)।

## তখন প্রশ্নটি হল : কীভাবে যীশু অন্যদের শিষ্য করেছিলেন?

যদিও তিনি এটি অনানুষ্ঠানিকভাবে করেছিলেন এবং আমাদেরকে ধাপে ধাপে নির্দেশিকা না রেখেই করেছেন, যখন আমরা সুসমাচারগুলি পড়ি তখন আমরা দেখতে পাই কিভাবে যীশুর শিষ্যত্বের কৌশল চারটি অঞ্চলে প্রভাব বিস্তার করেছিল। তিনি যে শ্রোতাদের সঙ্গে কাজ করেছিলেন তাঁর আকারের দ্বারা এগুলি শ্রেনিবদ্ধ করা যেতে পারে। অনেক জ্ঞানের সঙ্গে, শিক্ষক তাঁর সম্পদ বরাদ্দ করেছিল এবং সেই অনুযায়ী সময় বিনিয়োগ করেছিলেন যা প্রতিটি দলের বিভিন্ন প্রকারের স্তর অনুযায়ী প্রয়োজনিয় বিশ্বাস এবং ঘনিষ্টতা অর্জনের জন্য।

সুতরাং, আমরা দেখতে পাব যীশু যেভাবে অনন্যতার সাথে শিষ্যত্বটি জনতার মধ্যে করেছিলেন , অনুগামীদের বৃহৎ দল ("৭২" হিসাবে পরিচিত), বারো জন প্রেরিত, এবং অবশেষে , তিন শিষ্যের অন্তরঙ্গ দল। আমরা প্রত্যেক দলকে অল্পভাবে অধ্যয়ন করব এবং তাদের উপর যীশুর প্রভাবের স্তর।

## জনতা

যীশু তাঁর জনসাধারন্য সেবাকাজটি একটি জনতার মধ্যে শুরু করেছিলেন কারন তিনি বাপ্তিষ্ম এবং মসিহ রুপে স্বীকৃত হয়েছিলেন তাঁর জেঠাত ভাই যোহন বাপ্তাইজক দ্বারা জর্ডন নদীর তীর। যদিও এটি তাঁর অগ্রাধিকার ছিল না, যীশু তাঁর সময়ের কিছু অংশ অতিবাহিত করেছিলেন তাঁর জীবন সম্বন্ধে বলার জন্য, শিক্ষার জন্য এবং বৃহৎ মানুষের দলের সঙ্গে সেবাকার্য্য করার জন্য যা কখনও কখনও হাজার সংখ্যাযুক্ত।

এই আকারের গোষ্ঠীগুলির সাথে তাঁর শিষ্যত্বের সর্বাধিক পরিচিতির হিসাব পরিলক্ষিত হয় “ পর্বতে দত্ত উপদেশ “ (মথি ৫ অধ্যায়) এবং “ পাঁচ হাজার লোককে খায়ানো” (যোহন ৬ অধ্যায়)।

দর্শকের এই আকারের সাথে, যীশু নিজেকে সাধারন শিক্ষাগুলি ভাগ করে নেওয়ার মধ্যেই সীমাবদ্ধ করেছিলেন যা প্রয়োগ হতে পারে যে কোণ ব্যক্তির যে কোন পরিস্থিতিতে এবং তিনি তাঁর সময়টি বিনিয়োগ করেছিলেন উদ্‌ভুত প্রয়োজন অনুযায়ী অলৌকিক কাজ সম্পাদনের মাধ্যমে। এর পক্ষে কোনও সম্ভাব্য উপায় ছিল না যে যীশু তাঁর মুখোমুখি প্রত্যেক ব্যক্তির সাথে ব্যক্তিগত,গভীরভাবে কাজ করেছিলেন, তবুও তিনি জনতার ভীড়ের জন্য তাঁর প্রয়োজন  এবং পরিচর্যার মাধ্যমে তাঁর যত্ন এবং উদ্বেগ প্রকাশ করেছিলেন।

সম্ভাব্য এটি ছিল শিষ্য হওয়ার অতি সাধারন উপায় তা হল পরম্পরাগত মন্ডলীর পদ্ধতি। পালক, নেতা বা শিক্ষক একটি ঈশ্বরের বেদির পেছিন থেকে তাঁর দলকে পরিচালনা করার মধ্যে সীমাবদ্ধ, উপাসক মন্ডলীকে প্রচার ব্যবহার করে সংশোধন ও নির্দেশনা দেওয়ার জন্য। এই পন্থাটির সুবিধা হল এক সাথে একটি বিশাল সংখ্যক লোককে প্রভাবিত করা যায় তবে এর অসুবিধা হল প্রত্যেক ব্যাক্তির অনন্য চাহিদা এবং প্রশ্নগুলিতে অংশ নিতে না পারা।

জনসমাগম বা উপাসকমন্ডলীর প্রভাবিত করার ক্ষেত্রটি বৃহৎ অংশে শিষ্যত্ব তৈরির ভাল সুযোগ দিতে পারে। তবে, আমাদের কাছে লোকদের শিষ্যত্বের সাথে জড়িত থাকার একমাত্র উপায় হতে পারে না।

## বৃহৎ দল

কেবলমাত্র লূকের সুসমাচার (১০ অধ্যায়) – এ সময় রয়েছে যেখানে যীশু ৭২ জন শিষ্যের একটি দলকে পাঠিয়ে ছিলেন (বা ৭০, আপনি যে বাইবেল ব্যবহার করেন তাঁর উপর নির্ভর করে) যে

শহরগুলিতে তিনি পরে যাওয়ার পরিকল্পনা করেছিলেন সেখানে যাওয়ার কাজ পূর্ন করতেন। শিষ্যেরা জোড়া রূপে বিভক্ত হয়েছিল লোকেদের মধ্যে প্রচার এবং সুস্থতা প্রদানের জন্য।

৭২ জনের একটি দল গঠন করতে যীশুকে ভিড়ের মধ্যে থেকে কিছু লোককে বেছে নিতে হয়েছিল যারা তাঁকে অনুসরন করেছিলেন এবং তাদেরকে আলাদা করা হয়েছিল অতি উচ্চমানের প্রতিশ্রুতি প্রত্যাশার জন্য। এটি ইঙ্গিত দেয় যে যীশু সম্ভবত ৭২ জনের সাথে বেশি সময় ব্যয় করেছিলেন। তিনি তাঁর জীবন শিক্ষাগুলি ভিড়ের অন্যান্যদের থেকে বেশি তাদের জন্য বিনিয়োগ করেছিলেন।

এই বিভাগে আমরা বিশ্বাসীদের একটি দলকে অন্তর্ভুক্ত করতে পারি যারা যীশুর স্বার্গারোহনের পর ঐক্যবদ্ধ এবং সংরক্ষিত ছিল , যে দলটি প্রেরিত পুস্তকে প্রথম অধ্যায়ে উল্লিখিত আছে। এই দলের মধ্যে যারা ছিল তাদের মধ্যে মত্তথিয়কে প্রেরিত রুপে নির্বাচন করা হয়েছিল যে ইস্করিত যিহুদার উত্তরসুরি ছিল। এই ব্যক্তির প্রয়োজন ছিল পৃথিবীতে যীশুকে তাঁর সময়জুড়ে অনুসরন করা এবং তাঁর পুনরুত্থানের সাক্ষী হওয়া। এই অংশের সাথে,আমাদেরকে স্মরন করিয়ে দেওয় একটি বিশ্বস্ত পুরুষদের এবং মহিলাদের দল যারা যীশুকে অনুসরন  করেছিল যীশুর সেবাকাজের শুরু থেকে এবং তারা খ্রীষ্টের কাছ থেকে প্রাপ্ত শিষ্যত্বের প্রতি বৃহত্তর প্রতিশ্রুতি দিয়ে সাড়া দিয়েছিল। সুতরাং, যীশু বিনিয়োগ করতে সক্ষম হয়েছিলেন আরও নিবিড়ভাবে তাদেরকে শিষ্য করতে।

আমাদের পরিচর্যায় সেই সমস্ত লোকদের দিকে মনোযোগ দেওয়া প্রয়োজন যারা যীশুর সাথে তাদের প্রতিশ্রুতিবদ্ধতা এবং সম্পর্কের উন্নতির লক্ষন দেখিয়ে চলেছেন এবং যারা মন্ডলীর অভ্যন্তরে এবং বাইরে ও সেবার প্রতি আগ্রহ দেখায়। যীশু যেমন করেছিলেন, আমাদের তাদেরকে বিশ্বাস করা শুরু করতে হবে যারা কিছু দায়ীত্ববদ্ধতার সাথে ঈশ্বরের দেহে তাদের স্থান স্থাপন করবে এবং ঈশ্বরের রাজ্যের জন্য তাদের বরদানগুলি ব্যবহার করবে।

## ছোট দল

সুসমাচারগুলি পড়ার সময়, দেখি যীশু যে পরিমান সময় ব্যয় করেছিলেন অনুসরনকারীর এবং নির্দিষ্ট দলের জন্য এবং বারো জন প্রেরিতদের জন্য তা সত্যেই লক্ষনিয়। তাঁর প্রার্থনার সময় এবং ব্যক্তিগত পশ্চাদসরন ব্যতীত , যীশু তাঁর  বারোজন শিষ্যের সাথে তাঁর বেশিরভাগ দিন অতিবাহিত করেছিলেন। তিনি পৃথিবীতে তাঁর জীবনের শেষ তিন বছর এই নির্বাচিত পুরুষদের  সাথে ছিলেন, প্রতিটি পরিস্থিতিতে জীবন তাদের সাথে ভাগ করে নিয়েছিলেন, তা যতই সাধারন হোক না কেন। তিনি এই

ছোট্ট দলের লোকদেরকে আস্থা, স্বচ্ছতা এবং ঘনিষ্ঠতার সুযোগ নিয়েছিলেন এবং প্রেরিতদেরকে প্রশিক্ষন দিয়েছিলেন এবং সেই জীবনযাত্রা তাদেরকে দেখিয়েছিলেন যা তিনি তাদের কাছ থেকে প্রত্যাশা করেছিলেন।

স্পষ্টতই, ছোট  দলগুলির সাথে কাজ করা কোন মন্ডলীর বৃদ্ধি ব্যবস্থা বা সমসাময়ীক মন্ডলীর পরিচর্যায় ব্যবহৃত একটি উত্তীর্ন খেয়ালীপনা সম্পর্কে নয়।  যীশু নিজেই তাঁর সেবাকার্য্যে কালে শিখিয়েছেন সর্বাধিক ফল সমন্ধে যা বহু লোকের সাথে সময় কাটানো থেকে বেরিয়ে আসেনি তবে তাঁর নিকটতম শিষ্যদের সাথে গুনগত মানের সময় বিনিয়োগের মাধ্যমে এসেছে। এটাই সেই পরিস্থিতি যেখানে যীশু প্রত্যেক পেরিতের জন্য জীবনে শক্তিশালী, খাঁটি এবং চিরন্তন প্রভাব ফেলতে সক্ষম হয়েছিলেন।

আপনি তাদেরকে ছোট দল, সেলস্ দল, বীজ, প্রার্থনা গৃহ, জীবন দল, সংযোগকারী দল, আশির্বাদ কেন্দ্র, বন্ধুত্বের গোষ্ঠী বা আপনি যে মুল নামটি ভাবতে পারেন সেটিই বলুন না কেন, আপনাকে অবশ্যই আপনার এবং আপনার যুব নেতাদের একটি অগ্রাধিকার হিসাবে সময় অতিবাহিত করার মাধ্যমে আপনার জীবনকে যুবসমাজের জন্য সমর্পন করতে হবে। এটা খুবই কঠিন আমাদের যুবসমাজের সাথে জীবন ভাগ করে নেওয়া এবং মহা আজ্ঞার দায়ীত্ব পালনে তাদের নিজস্ব দায়বদ্ধতা ও ভূমিকায় তাদেরকে সহায়তা করা।

আমি আপনাকে আপনার সময়টি সংগঠিত করতে উৎসাহিত করছি যাতে আপনি কফি বা আইসক্রিমের জন্য আপনার ছোট দলের সাথে প্রতি সপ্তাহে কয়েক ঘন্টা ব্যয় করতে পারেন এবং বার্তালাপ করতে পারেন পবিত্রভাবে জীবনযাপনের এবং ঈশ্বরের সঙ্গে জীবনে আনন্দ উপভোগ করার অর্থ কি? এটাই একটা সময় যেখানে আপনার যুবক যুবতীরা কখনও ভুলে যাবে না এবং তারা যাদের অনুশাসন করছে তাদের সাথে প্রতিলিপি তৈরী করবে।

পরিচর্যার সাথে সম্পর্কগুলি স্বয়ংক্রিয়ভাবে ঘটে না তবে ইচ্ছাকৃতভাবে গঠিত হওয়া আবশ্যক ডাঃ লুকাশ লেস লিখেছেন :

" কার্যকরী নেতারা জানেন যে শিক্ষার্থীদের প্রচারক, ঈশ্বরতত্ববীদ, বা চিকিৎসকদের প্রয়োজন নেই যেভাবে এবং পরিপক্ক বন্ধু যে জানে খ্রীষ্টিয় জীবনের সাদৃশ্য হতে যে তাদের সঙ্গে জীবনভাগ করে নিতে পারবে। সম্পর্কিয় সেবাকার্য্যটি হল তরুন তরুনীদের বন্ধুত্বের মাধ্যমে পরিপক্ক  করা এবং সম্পর্কিয় কাজ এবং বন্ধুত্বের মাধ্যমে উদ্দেশ্যটি পুর্ন করা"।[৪]

এই ছোটদলগুলি সংকটপুর্ন কারন যুবদলদের একত্রিত হওয়ার সময় আমাদের কাছে সীমাবদ্ধ সময় থাকে যাতে এই সমস্ত বাইবেলের নীতি ও জীবনের সত্য প্রকাশ করতে যথেষ্ট নয় যা আমাদের যুবক যুবতীদের এই ক্রমবর্ধমান বিভ্রান্তিকর এবং ধর্মনিরপেক্ষ সমাজে টিকে থাকার জন্য প্রয়োজন। শত্রুটি আমাদের আলাদা রাখতে চায়, কারন সে জানে আমরা এক সাথে বেশি শক্তিশালী। যীশুতে উদ্যোগ গ্রহন করুন এবং ঈশ্বর আপনাকে যে যুবক যুবতীদের অর্পন করেছেন তাঁর জন্য আপনার জীবন বিনিয়োগ করুন। খ্রীষ্টান জীবন একাকীকরনের নয়, জনসমাজের মধ্যে উপভোগ করার জন্য তৈরী করা হয়েছিল।

## অন্তরঙ্গ দল

সাধু পৌল ঘোষনা করেছিলেন, “ ঈশ্বর পক্ষপাতিত্ব দেখান না”,(রোমিয় ২:১১)। তবে, যীশুর অবশ্যই তার শিষ্যরা ছিল (এবং বন্ধুবান্ধব) যাদের সাথে তিনি তার পরিচর্যার সবচেয়ে অনন্য এবং গুরুত্বপূর্ন মুহুর্তগুলি ভাগ করে নিতেন।

মার্কের সুসমাচারে যীশুর যাইরাস কন্যাকে পুনরুত্থিত করার গল্প অধ্যয়নের ক্ষেত্রে অধ্যায় ৫ পদ ৩৭ এবং ৪০ তে উল্লেখ করা হয়েছে যে যীশু তার শিষ্যদের মধ্যে কেবল তিন জনকে তার সাথে ঘরে ঢুকতে দিয়েছিলেন যেখানে ছোট্ট মেয়েটি ছিল। তারা হল পিতর, যাকোব এবং যোহন।

যদি আপনি একি বইয়ের ৯ অধ্যায়টিতে লাফিয়ে যান এবং দ্বিতীয় পদে থামেন, আপনি দেখতে পাবেন যীশু আবার এই তিন জন শিষ্যের সঙ্গ দিয়েছিলেন: পিতর, যাকোব এবং যোহন।সেই উপলক্ষে, কিছু এমনই অতিপ্রাকৃত ও মর্মস্পর্শী ঘটেছিল যার ফলে শিষ্যরা ভয়ে কাঁপতে ছিল এবং তার তাদের আশ্চর্যতা রাখতে পারে নাই। ১০ পদ আকর্ষনীয় বিশদ বিবরন দেয় – তারা এই ঘটনাটি গোপনে রেখেছিল। এই মনোভাবটি পরিষ্কারভাবে রব্বি এবং তার তিন নিকটবর্তী শিষ্যদের মধ্যে বিদ্যমান আস্থাটি তুলে ধরে।

ক্রুশবিদ্ধকরনের আগে চুড়ান্ত মুহুর্তগুলিতে আমরা এই ঘনিষ্ট সংযোগের তাৎপর্যটি দেখতে পাচ্ছি কারন যীশু একই তিনজন পেরিতকে তার নিকটবর্তি থাকতে আমন্ত্রন জানিয়েছিলেন:

“ পরে তিনি পিতরকে এবং সিবদিয়ের দুই পুত্রকে সঙ্গে লইয়া গেলেন, আর দুঃখার্ত ও ব্যকুল হইতে লাগিলেন। তখন তিনি তাহাদিগকে কহিলেন, আমার প্রান মরন পর্য্যন্ত দুঃখার্ত হইয়াছে; তোমরা এখানে থাক, আমার সঙ্গে জাগিয়া থাক। পরে তিনি কিঞ্চিৎ অগ্রে গিয়া উবুড় হইয়া পড়িয়া প্রার্থনা

করিয়া কহিলেন, হে আমার পিতঃ,যদি হইতে পারে, তবে এই পানপাত্র আমার নিকট হইতে দুরে যাউক; তথাপি আমার ইচ্ছামত না হউক, তোমার ইচ্ছামত হউক"।(মথি ২৬ : ৩৭ – ৩৯)।

প্রভাবের এই ঘনিষ্ট ক্ষেত্রটি অনন্য বৈশিষ্ট্যটি হল কীভাবে যীশু তার পরিচর্যার সবচেয়ে কঠিন মুহুর্তটি কেবলমাত্র তাঁর তিনজন সবচেয়ে বিশ্বস্ত শিষ্য, পিতর, যাকোব এবং যোহনের মধ্যে ভাগ করে নিয়েছিলেন। এটি আমাদের শেখায় যে এটি যুবসমাজের জন্য কতখানি গুরুত্বপুর্ন যাদেরকে আমরা শিষ্য করছি আমরা কেবলমাত্র তাদের জীবনের আনন্দিত মুহুর্তগুলিতেই নয়, পাশাপাশি কঠিন মুহুর্তগুলিতে ও অংশিকার হতে অনুশীলন করছি। এটা তাদের জন্য আবশ্যিক আমাদেরকে মানুষ হিসাবে দেখা যারা বেদনাতে এবং প্রয়োজনে জীবনের ঝুকি নেয়, যাদেরকে দেখা যায় রক্ত ও মাংসের প্রকৃত নেতা হিসাবে, যারা জীবনের সমস্ত পরিস্থিতিতে পিতার উপর নির্ভরশীল। তাদের নিজেদের ভয়, সন্দেহ এবং সংগ্রামগুলি যাতে যীশুর সঙ্গে চলতে অস্বীকার না করে তা জানতে আমাদের মধ্যে এটি দেখতে হবে। এটা জেনে আশ্বস্ত করছি যে নিখুঁত , স্বাবলম্বী বা অস্পৃশ্য নেতা, এর মতো কোন জিনিস নেই।

## আমাদের শিষ্য দল

যীশুর শিষ্যত্বের ভঙ্গিমা দেখা এবং বোঝা যা তিনি শিষ্যত্বের জন্য ব্যবহার করেছিলেন তা আমাদেরকে চ্যালেঞ্জ এবং অনুপ্রানিত করা উচিৎ যা আমরাও এই দলগুলিকে ইচ্ছাকৃতভাবে শিষ্যত্বের কাজে জড়িয়ে আছি। শিষ্যতাকে সর্বদা মুখস্থ করার জন্য বা কেবল তথ্য প্রেড়ন করার চেয়ে আরও বেশি কিছু হিসাবে দেখা উচিৎ। যীশু তাঁর চারপাশের সমস্ত ব্যক্তির উপরে তাঁর জীবন ঢেলে দিয়েছিলেন , যদিও তাঁর প্রভাব তাঁর নিকটবর্তীদের উপরে সর্বদা তীব্র হয়েছিল।

যোহন ম্যাক্সওয়েল তাঁর বইটিতে ২১ অপ্রতিরোধ্য নেতৃত্বের আইনগুলিতে, কার্যকরি নেতাদের আইনগুলির শেষটিতে তিনি বলেছেন " পৈত্রিক সম্পত্তির আইন" (The Law of Legacy) যেখানে তিনি উল্লেখ করেছেন, "একজন নেতার স্থায়ী মুল্য উত্তরসুরি দ্বারা পরিমাপ করা হয়"।[৫] ম্যাক্সওয়েল লিখেছন " প্রায় যে কোণ ব্যক্তি কোনও মুহুর্তের জন্য একটি সংস্থাকে সুন্দর দেখাতে পারে – একটি নতুন অনুষ্ঠান বা আকর্ষনীয় পন্য প্রবর্তনের মাধ্যমে, এটি বড় ক্রিয়াকলাপে ভিড়কে আকর্ষন করতে বা মুল সুত্রগুলিকে আরও শক্তিশালী করার জন্য বরাদ্ধকে আমুলভাবে হ্রাস করা প্রয়োজন। তারা মনের আজ এবং কাল উভয়ের সঙ্গে নেতৃত্ব দিতে পারে"।[৬]

**শিষ্যতাকে সর্বদা মুখস্ত করার জন্য তথ্য আদান প্রদান-এর থেকে বেশি কিছু হিসাবে দেখা উচিত।**

এই চিন্তাটি শিষ্যত্বের ক্ষেত্রেও প্রয়োগ করা যেতে পারে যা যীশুকে দেখতে পাই কি এবং কিভাবে তিনি শিখিয়েছিলেন । ইস্রায়েলকে রোমান সাম্রাজ্য থেকে মুক্ত করার জন্য তাঁর শিষ্যদের অবিচ্ছিন্ন অনুরোধের প্রতি সাড়া দেওয়ার সমস্ত ক্ষমতা এবং শক্তি মশীহের ছিল,বিপর্যয়কর পরিনতির সাথে এক মহাবিদ্রোহ সংগঠিত করে এবং শেষ পর্যন্ত, জয়ের সমস্ত কৃতিত্ব পাওয়ার জন্য। গালিলি জ্ঞানী শিক্ষক, নম্রতা এবং বিনয়সহকারে পিতার প্রতি ভালবাসা এবং শ্রদ্ধার সাথে, তাঁর সেবাকাজটি শিষ্য এবং নেতাদের গঠনের জটিল কার্য্যক্রমে বিনিয়োগ করেছিলেন যারা তাকে সফল করতে পারবে যখন তিনি আর থাকবেন না।

আপনি যখন এই বইয়ের অবশিষ্ট অধ্যায়গুলি পড়বেন এবং যুবকদের শিষ্যত্বের সাথে জড়িত করার জন্য নতুন বা বিভিন্ন উপায় আবিষ্কার করবেন, তখন যীশুর উদাহরন অনুসরন করার চেষ্টা করুন। সুসংবাদটি প্রচার করার কাজটি গুরুত্ব সহকারে নিন। একটি উত্তরাধিকার ছেড়ে দিন। যুবক পালক তিতের প্রতি পৌলের পরামর্শ: " সেই রুপে যুবকদিগকে সংযত হইতে আদেশ কর।আর আপনি সর্ববিষয়ে সৎক্রিয়ার আদর্শ হও, শিক্ষাতে আবিকার্য্যতা, ধীরতা এবং অদৃশ্য নিরাময় বাক্য প্রদর্শন কর" (তীত ২ : ৬ – ৭)।

## অধ্যায় – ২

## আপনি যেমন শুরু করেন : শিষ্যরা শিষ্য তৈরী করে।

### নিকোলাস বাড়াসা

নিকোলাস বাড়াসা হলেন পূর্ব আফ্রিকার ফিল্ড যুব সমন্বয়ক যিনি কেনিয়ার নাইরোবিতে কর্মরত। যুব পরিচর্যা তাঁর জন্য আকর্ষনীয় কারন তিনি নেতাগনের বিকাশ এবং ঈশ্বরের বাক্য দিয়ে যুবকদের প্রভাবিত করতে ভালবাসেন। নিকোলাস শিষ্যত্বকে যীশুর প্রতিমুর্তিতে বৃদ্ধির পথ হিসাবে দেখেন। তাঁর আকাঙ্খা হল ঈশ্বরকে জানুন এবং প্রজন্মের বাকি অংশের সাথে তাঁকে পরিচিত করুন।

একবিংশ শতাব্দীর মন্ডলী সিদ্ধান্ত নেওয়ার সময় বলে মনে হচ্ছে। শিষ্য তৈরির জন্য মহা আজ্ঞায় যীশুর যে দায়বদ্ধতা ছিল তা আমরা কিভাবে পুরন করেছি বা ব্যর্থ হচ্ছি তা নিয়ে আমাদের

সমালোচকদের প্রতিফলন করা উচিত। আমাদের নিজের সাথে সৎ হতে হবে যেভাবে আমরা ব্যার্থ হচ্ছি, অনুতাপ করছি এবং ধারাগুলিকে পরিবর্তন করছি। আফ্রিকাতে এটি বলা হয় খ্রীষ্টিয় সমাজ এক মাইল প্রসস্ত, তবে এক ইঞ্চি গভীর। আফ্রিকার খ্রীষ্টিয় জীবন নিয়ে এটি একটি দুঃখজনক মন্তব্য কিন্তু এটি বিশ্বের অন্যান্য অনেক জায়গায় খ্রীষ্টিয় সমাজ সম্পর্কেও বলা যেতে পারে। সুসমাচারটি ছড়িয়ে পড়েছে এবং লোকেরা যখন ধার্মিক, তখন অনেকেই সত্যই খ্রীষ্টের মধ্যে নেই। যদিও তারা বলে যে তারা খ্রীষ্টান, খ্রীষ্টের হৃদয় তাদের আচরন এবং বিশ্বাসে প্রতিফলিত হয় না এবং দ্বৈততার বীজ সত্যিকারের শিষ্যত্বের অভাব।

## ইচ্ছাকৃত শিষ্যত্ব কোন ব্যক্তির জীবন গঠনের মূল চাবিকাঠি খ্রীষ্টের মূল্যবোধ, শিক্ষা এবং উদাহরন অনুসারে।

শিষ্যত্ব এমন একটি যাত্রা যা একবার খ্রীষ্টকে তাঁর জীবন দেওয়ার পর শুরু করা উচিৎ। নতুন বিশ্বাসী শিষ্যত্বের লক্ষ নিয়ে খ্রীষ্টিয় বিশ্বাসের ভিত্তি শিখতে জীবনযাপন শুরু করে যাতে খ্রীষ্টতে তাদের আধ্যাত্মিকভাবে বৃদ্ধি ও পরিপক্ক হয়। অন্য কথায়, ব্যক্তির খ্রীষ্টের মতো হওয়ার যাত্রা শুরু হয় যখন ব্যক্তি নিজেকে সমস্ত ঈশ্বেরের কাছে সমর্পন করে এবং প্রতিদিন নিজেকে আত্মসমর্পন করার সাথে সাথে যাত্রা অব্যাহত রাখে। খ্রীষ্টের জীবন নির্দোষ ছিল, এবং এটি প্রত্যেক খ্রষ্টানের আকাঙ্খা হওয়া উচিৎ খ্রীষ্টের জীবনকে উদাহরন দিয়ে দেখানো যায় এমন জীবনযাপন করা।

যাই হোক, শিষ্যত্ব আকশ্যীকভাবে ঘটতে পারে না। ইচ্ছাকৃত শিষ্যত্ব হল খ্রীষ্টের মুল্যবোধ, শিক্ষা এবং উদাহরন অনুসারে ব্যাক্তির জীবনকে রূপ দেওয়ার মূল চাবিকাঠি। যীশু সেই বারোজনকে বেছে নিয়েছিলেন যাদের সাথে তিনি তাঁর সমস্ত সময় কাটিয়ে ছিলেন, তাদের শিখিয়েছিলেন এবং তাদের অনুমতি দিয়েছিলেন শিখতে এবং প্রশ্ন জিজ্ঞাসা করতে। তিন বছর ধরে, যীশু বারোজনের সাথে হাঁটলেন যাতে তিনি তাদের অন্যদের শিক্ষা দেওয়ার জন্য এই পৃথিবীতে পাঠাতে পারেন। যুব পরিসেবায় আমাদের দায়িত্বটি শেষ হয় না যখন আমাদের যুব বয়স যুব দল থেকে বাইরে আসে। আমাদের দায়িত্ব তাদের শিষ্য তৈরী করা যাতে “ তাদেরকে আমরা বিশ্বে প্রেরন করেতে পারি,” ততক্ষনে তাদের বিশ্বাসে গভীর শিকড় হয়, ঈশ্বরের সাথে নিবিড় সম্পর্ক এবং অন্যকে শেখাতে প্রস্তুত। এটি করা জন্য, আমাদের চিন্তা ভাবনা, কৌশল, সংস্থানগুলি শিষ্যত্ব সেবাকাজের দিকে চালিত করা দরকার।

প্রাচীন ঐতিহ্যবাহী আফ্রিকান পদ্ধতি থেকে আমরা অনেক কিছু শিখতে পারি যেখানে প্রাচীনরা যুবকদের কাছে মৌখিকভাবে ইতিহাস এবং গুনাবলী বলে এসেছে। এটি নিশ্চিত করে যে তাদের যুবসমাজ বড় হওয়ার সাথে সাথে তারা সমাজের ঐতিহ্য এবং মান ব্যবস্থাগুলি অব্যাহত রাখতে সক্ষম হয়। প্রাচীনরা যখনই যুবকদের সাথে কথা বলার সুযোগ পেয়েছে, তারা জনসমাজের বিশ্বাস পদ্ধতির উপর জোর দেওয়ার জন্য ব্যবহার করেছে। এগুলি বলার উপযুক্ত সময়টি ছিল,আচার অনুষ্ঠানের সময় উত্তির্ন হওয়ার পর্যায়ে। এই অনুশীলনগুলি দেখায় যে জনসমাজের বিশ্বাস, মুল্যবোধ এবং ঐতিহ্যগুলি যাতে হারিয়ে না যায় তা নিশ্চিত করতে প্রবীনরা কতটা কৌশলী ছিলেন। তাদের  এই কাজের প্রতি বিশ্বস্ততা হল কীভাবে সম্প্রদায়ের পরিচয়টি এক প্রজন্ম থেক পরবর্তী প্রজন্মে চলে গিয়েছিল।

সুররাং যখন আমরা  জেনে শুনে আমাদের যুবকদের শিষ্যত্বের সাথে জড়িত করতে শুরু করি, তখন আমাদের অবশ্যই খাঁটিভাবে নিজেদেরকে জিজ্ঞাসা করতে হবে যে আমরা বৃহত্তম খ্রীষ্টান সম্পদায়ের বিশ্বাস, মূল্যবোধ এবং ঐতিহ্য শিখেছি কিনা। আমরা কি আলিঙ্গন করছি এবং আমরা কি মূল শিক্ষার সঙ্গে জীবনযাপন করছি যা আমরা পরবর্তী প্রজন্মকে দিতে পারি? এমন কোন ব্যক্তি বা গোষ্ঠী রয়েছে যাদের কাছে আমাদের জবাবদিহি করতে হয় এবং যারা আমাদের বিশ্বাসের নিজস্ব যাত্রায় সহায়তা করে? এটিই মূল, কারন জীবনে আমরা যা পাই না তা দিতে পারি না।

## কে তোমাকে শিষ্য করছে?

যদিও অনেক লোক অন্যকে শিষ্য করতে অযোগ্য বলে মনে করে, কারন তারা ইচ্ছাকৃতভাবে নিজেকে শিষ্য করেনি, এতি আমাদেরকে মহাআজ্ঞা  থেকে নিজেকে অব্যাহতি দেওয়ার অনুমতি দেয় না।

এখনই ঈশ্বরের কাছে প্রার্থনা করুন তিনি যেন কাউকে পরিচালনা দেন আপনাকে শিষ্য করার জন্য। এছাড়াও, শিষ্যত্ব সবসময় আপনার চেয়ে বেশি বয়স্ক কারও মতো লাগে না যে আপনার কাছ থেকে বসে প্রশ্ন জিজ্ঞাসা করবে। যদিও এটি একটি সদৃশ্য, শিষ্যত্ব এমনও হতে পারে দুই বন্ধু যারা প্রত্যেকদিন দেখা করে এবং তাদের বিশ্বাস সম্বন্ধে বলে , কঠিন প্রশ্ন জিজ্ঞাসা করে এবং একে অপরের কাছে দায়বদ্ধ থাকে। গুরুত্বপূর্ন বিষয়টি হল আমাদের জীবনে উপস্থিত কেউ এবং যে আমাদের সাথে তার হৃদয়ের কথা বলতে পারে, পরামর্শ , তিরস্কার, সংসোধন এবং আমাদেরকে উৎসাহ দিতে পারে।

একটি ধারনা পেতে পারি এটি দেখতে কেমন হতে পারে, সমস্ত বাইবেল তিনটি ভিন্ন শিষ্য সম্পর্কের প্রতিফল দেখার মাধ্যমে। এগুলি উভয়ই আমাদের নিজস্য শিষ্যত্বের অনুপ্রেরনা হিসাবে এবং আমাদের যুবকদের জন্য শিষ্যত্ব প্রদানের বিষয়ে আমরা যেভাবে চিন্তা ভাবনা করি।

## যিথ্রো এবং মোশি

একটি অনন্য শিষ্য সম্পর্ক যা আমার সাথে কথা বলে তা হল মোশি এবং তার শ্বশুর যিথ্রোর সম্পর্ক। মোশি ছিলেন একজন মহান নেতা, যিনি ইস্রায়েল জাতিকে মিশরের দাসত্ব থেকে প্রতিশ্রুতি দেশে নিয়ে যাওয়ার এক বিশাল আদেশ পেয়েছিলেন, যা ঈশ্বর তাদের পূর্বপুরুষদের দিয়েছিলেন। ইস্রায়েলদের নেতৃত্ব দেওয়ার দায়িত্বের সঙ্গে এবং ঈশ্বরের সামনে তাদের মধ্যস্থতাকারী হিসাবে কাজ করার এবং তাদের বিরোধ নিষ্পত্তির জন্য মোশি লোকেদের প্রয়োজনে দ্রুত অতিভুত হয়েছিলেন। মোশির শ্বশুর এটি লক্ষ করেছিলেন এবং পরামর্শক হিসাবে তাঁর সাথে কথা বলেছিলেন। তাঁর বাইরের দৃষ্টিকোন থেকে , যিথ্রো পরিস্থিতিটি অন্যরকমভাবে দেখেছিলেন এবং মোশিকে পরামর্শ দিতে সক্ষম হয়েছিলেন। যিথ্রো মোশিকে তার প্রাথমিক কাজে ফিরিয়ে নিয়েছিল, যা ছিল, “ লোকেদের প্রতিনিধি হিসাবে ঈশ্বরের সামনে যাওয়া”(যাত্রাপুস্তক ১৮: ১৯)। যিথ্রো মোশিকে অন্যরকম উদাহরন দিয়েছিলেন কিভাবে অন্যদের মধ্যে দায়ীত্বগুলি বন্টন করে নেতৃত্ব দিতে হয়।

এই গল্পটি আগে যিথ্রো কেবল দুবার উল্লেখ করেছেন এবং বাইবেলের আর কোনখানে দেখা যায় না। তবে, যিথ্রো মোশির কাছে জ্ঞানের কথা বলেছিলেন যা মোশির নেতৃত্ব এবং পরিচালনার পথে রুপান্তর ঘটেছিল। যতদুর আমরা পাঠ্যটি জেনে থাকি, যিথ্রো মোশিকে অনবরত শিষ্য করেননি, তবে তার শ্বশুর হিসাবে, সেখানে স্পষ্টভাবে একটি বিশ্বস্ত সম্পর্ক ছিল যা মোশিকে অনুমতি দিয়েছিল যিথ্রোর সংশোধনগুলি গ্রহন করার।

স্থানীয় মন্ডলীর নেতা এবং এলাকার যুব নেতা হিসাবে, আমাকে অনেক বিষয়ে কথা বলতে হয়েছিল; আমি এমন একজনকে অনুসন্ধান করি যে আমাকে জবাবদিহি করবে, বিশেষত বিচক্ষন্তা বা পরামর্শের সময়ে। আমি জানি এটা গুরুত্বপূর্ন কেউ আমাকে আমার আধ্যাত্মিক এবং নেতৃত্ব সম্পর্কে দায়বদ্ধ করে রাখবে।

এটি আমার বিশ্বাসযোগ্য কেউ হতে হবে এবং যখন জিনিসগুলি কার্যকর না হয় তখন আমার সাথে সত্যের সাথে কথা বলতে রাজি হবে। আমাদের জীবনে আধ্যাত্মিক কতৃত্ব হিসাবে, এই ধরনের শিষ্যত্ব এবং পরামর্শের জন্য আমাদের পালকের নিকটবর্তি হওয়ার বিষয়টি বিবেচনা করা উচিত। আধ্যাত্মিক পিতা – মাতা হিসাবে, তিনি আমাদের সাথে প্রার্থনা করার মতো অবস্থানে আছেন এবং একই সাথে আমাদেরকে ঈশ্বরের সাথে সম্পর্ক বৃদ্ধি করার বিষয়ে উৎসাহিত করে।

অতএব , মনোযোগ দিন। কাউকে ঈশ্বর আপনার জীবনে কথা বলার জন্য ব্যবহার করতে পারেন। এমনকি আমনি নিয়মিত দেখা করেন এমন কেউ নাও হতে পারে? যার সঙ্গে ঈশ্বর আপনাকে কথা বলার জন্য বলতে পারে এবং এমন একটি প্রকাশ করতে বলেন যার মাধ্যমে তাদের আধ্যাত্মিক যাত্রায় সহায়তা হবে?

## পৌল এবং বার্নবা

পৌলের যাত্রা করার সময়, বিভিন্ন জায়গাতে মন্ডলী স্থাপন করেছিলেন এবং অযীহুদীদের কাছে যীশুর সুসমাচার প্রচার করেছিলেন, তিনি মন্ডলীর অন্য নেতাদের সঙ্গে সঙ্গী এবং অংশিদার হয়েছিলেন। পৌলের সেবাকার্যের প্রধান অংশীদার ছিল বার্নবা। প্রেরিত এগার অধ্যায় আমরা পাড়ি পৌল এবং বার্নাবার সেবাকার্যের শুরু এবং প্রেরিত ১৩: ২ পদে আন্তিয়খিয়ার বিশ্বাসীদের পবিত্র আত্মার দ্বারা নির্দেশনা দেওয়া হয়েছে : " আমি বার্নবা এবং শৌলকে যে কার্য্যে আহ্বান করিয়াছি, সেই কার্যের নিমিত্ত আমার জন্য এখন তাহাদিগকে পৃথক করিয়া দেও"। এই জুটির কারণটি পাঠ্যে বর্নিত হয়নি, তবে প্রাথমিক মন্ডলীর গল্পটি প্রকাশিত হওয়ার , এই দুই নেতার অন্যদেরকে সাহায্য করার প্রয়োজনীয়তা সুষ্পস্ট।

ঈশ্বর আমাকে যে সেবাকার্যের জন্য আহ্বান করেছেন সেই পরিচর্যার একজন নেতা হিসাবে, আমার জীবনে একজন "বার্নবা" থাকার গুরুত্ব শিখেছি। "বার্নবা" এই ক্ষেত্রে হল একজন আমাদের সেবাকার্য্যের সহকর্মি বা সহকর্মি যে আমাদের সেবাকার্যকে সাহায্য করে। এই সব লোকেরা যারা সেবাকার্য্যে আপনার মতো একই ভূমিকা নিতে পারে, হতে পারে আপনার নিজের সেবাকার্য্যে অথবা ভিন্ন মন্ডলীতে কিন্তু একজন কেউ হওয়া উচিত যে আপনার অত্যন্ত কাছের, যে বুঝতে পারবে ঈশ্বর আপনাকে আহ্বান করেছেন এবং আপনি যা করছেন তা সম্পর্কে অনুরাগী। এই সহকর্মিরা আপনার সাথে প্রার্থনা করার জন্য , আপনাকে আরও ভাল ব্যক্তি হওয়ার জন্য চ্যালেঞ্জ জানাবে, এবং খ্রীষ্টের মতো হওয়ার পথে যাত্রায় আপনাকে উৎসাহিত করার জন্য উপস্থিত থাকবে।

যুবপরিচর্যা আমাদের সেবাকার্যের পথটি জুড়ে প্রচুর অনন্য চ্যালেঞ্জ এবং সম্ভাব্য সমস্যা নিয়ে আসতে পারে। একজন সহকর্মীর সাথে শিষ্যত্বের যাত্রায় আমাদেরকে অতিরিক্ত সুবিধা দিতে পারে যারা অনন্য বাধাগুলিকে বুঝতে পারবে এবং যে আমাদেরকে জবাব দিহি করতে পারবে। তারা আপনাকে আপনার নিজের আধ্যাত্মিক যাত্রা এবং ঈশ্বরের সাথে আপনার সম্পর্ক সমন্ধে জিজ্ঞাসা করতে জানবে, কেবলমাত্র আপনার পরিচর্যার বিষয়ে এবং মন্ডলীর মধ্যে আপনি যে কাজ করছেন তা নয়। আপনি

মন্ডলীতে এবং বাইরে উভয়েই যে সিদ্ধান্ত নিচ্ছেন সে সম্পর্কে তারা মনোযোগী হবে এবং যদি তাদের উদ্বেগ থাকে তবে তারা কথা বলবে।

এই জাতীয় শিষ্য সম্পর্কের আর একটি শক্তি হল আপনি এই সেবাকার্য্যের সহ কর্মিদের জন্য একই ধরনের সাহায্য এবং জবাবদিহি দিতে সমর্থ হবেন। আপনি একে অপরকে উৎফুল্ল করতে পারবেন এবং আপনার পড়ে যাওয়ার সময় একে অপরকে তুলে ধরতে পারবেন। একে অপরের সাহায্যে অনেক কিছু শিখতে পারবেন, একসঙ্গে বাইবেল অধ্যয়ন করতে পারবেন এবং ঈশ্বরের সাথে আপনার সম্পর্কটিকে আপনার জীবনের কেন্দ্রিয় অগ্রাধিকার হিসাবে ধরে রাখতে এক অপরকে চাপ দিবেন।

## পৌল ও তীমথিয়

পবিত্র আত্মা পৌলকে মন্ডলীগুলি থেকে সরিয়েছিলেন যা সে স্থাপনা করেছিল।, পৌল নিশ্চিত করেছিল যে প্রতিটি জায়গায় পরিচর্যার কাজ চালিয়ে যাওয়ার নেতা আছে। সেবাকার্য্যের অন্যান্য অংশীদারগন মন্ডলীর মধ্যে ভ্রমন করতেন বার বার বার্তাগুলি বহন করে বিশ্বাসীদের উৎসাহিত করতেন। একজন বিশেষ ব্যক্তি পৌল তীমথিয়কে অনুশাসনে অতিবাহিত করেছিলেন।তীমথিয় ছিলেন একজন যুবক সঙ্গে কর্মশক্তিতে পূর্ন, যিনি পরিচর্য্যা সম্পর্কে আগ্রহী ছিলেন। আমরা প্রথম তীমথিয়কে দেখতে পাই প্রেরিত পুস্তকে যিনি প্রায়শই ভ্রমন করতেন পৌল এবং সীলের সঙ্গে। পরে বিভিন্ন মন্ডলীতে পাঠানো পৌলের পত্রগুলিতে তীমথিয় এর উল্লেখ পাই এবং আমরা দেখতে পাই তীমথিয়- এর উল্লেখ পাই এবং আমরা দেখতে পাই তীমথিয়কে একজন সহকর্মি হিসাবে এবং যীশুর সুসংবাদ প্রচারের একজন কর্মি হিসাবে। প্রথম এবং দ্বিতীয় তীমথিয়ের পুস্তকগুলিতে, আমরা পড়তে পারি যে পৌল তীমথিয়কে বিজ্ঞতার পরামর্শ দিয়েছিলেন। পৌলের ইচ্ছা ছিল যে সুঅনুশাসনের নেতা পেতে যে নতুন বিশ্বাসী দলগুলিতে এই সেবাকার্য্য বহন করবে।

পৌল এবং তীমথিয়ের মধ্যে যে শিষ্যত্বের দৃশ্য লক্ষ করা যায় তাতে আরও বেশি ঘনিষ্ঠভাবে প্রতিফলিত করে আমরা যখন শিষ্যত্ব নিয়ে চিন্তাভাবনা করি তখন আমরা ঐতিহ্যভাবে কি ভাবছি। যুবকদের শিষ্যত্বের সাথে জড়িত করার বিষয়ে বইটি শুরু করার সাথে সাথে একটু থেমে আমাদের নিজেদের শিষ্যত্বটি বিবেচনা করে তা নিশ্চিত করতে চেয়েছিলাম যে ঈশ্বরের সাথে আমাদের চলার পথে লোকেরা আমাদেরকে উৎসাহিত করেছে। তবে,খ্রীষ্টান হিসাবে, আমাদের সবসময় অন্যের প্রতি

দায়বদ্ধতা থাকে। আমাদের নিজস্ব শিষ্যত্ব যাত্রাপথে আমাদের জীবনে “ তীমথিয়” মনে রাখতে হবে। আপনি পরবর্তী প্রজন্মের বিশ্বাসের গভীর শিকড় বৃদ্ধি করতে তাতে আপনি নিজের জীবনটি কীভাবে বিনিয়োগ করেছেন?

## প্রাকৃতিক উপায়ে শিষ্যত্ব

সেবাকার্য্যের পরিস্থিতিতে শিষ্য তৈরিতে নিযুক্ত থাকতে পারেন এমন বিভিন্ন উপায় রয়েছে। আমার পরিচর্য্যার ক্ষেত্রে আমার পক্ষে সবচেয়ে ভাল কাজ করে এমনটি হল কারও পিছনে ফিরে তাকানো এবং নতুন বিশ্বাসীরবিকাশ এবং বৃদ্ধি দেখার সুযোগের জন্য বৃদ্ধির পদক্ষেপ নেওয়া। এটি সাহায্য করবে শিষ্য এবং যিনি শিষ্য করছেন উভয়কেই মূল্যায়ন করতে যে বিশ্বাসের যাত্রাপথে অগ্রগতি আছে কিনা। এমনকি এই পদক্ষেপগুলি সহ,এটি মনে রাখা গুরুত্বপূর্ন যে শিষ্যত্ব একটি যাত্রা , কোন সূত্র নয়। শিষ্যত্ব দীর্ঘস্থায়ী সম্পর্ক গড়ে তোলার জন্য,এবং তাই এটি এমন একটি যাত্রা যা উভয় পক্ষ যখনই এই যাত্রায় স্থির থাকতে প্রতিশ্রুতিবদ্ধ তখন এটি একটি উপভোগ্য অভিজ্ঞতা হবে।

**গ্রহিতা থেকে দাতাতে স্থানান্তর করা শিষ্যকে দেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ন পদক্ষেপ যা তাদের অবিরত বৃদ্ধির সহায়ক।**

শিষ্যত্ব যাত্রা বিভিন্ন রুপ নিতে পারে। এমনকি আপনি আপনার নিজের প্রক্রিয়াকে বৃদ্ধি করতে পারেন যতক্ষন না এটি ফল উৎপন্ন করে। “আমাকে দেখুন” , “ একসাথে করুন এবং “ যেমন দেখি কেমন কর” এই পদক্ষেপগুলি লোকেদের নতুন দক্ষতা শিখতে সহায়তা করার জন্য সাধারন নীতি। আমি এই তিনটি পদক্ষেপ তিনটি কিভাবে ব্যবহার করি যখন আমি সে কোন স্তরে শিষ্যত্বে নিযুক্ত থাকি। এই তিনটি পদক্ষেপ যে কোন শিষ্যত্ব কৌশলের মধ্যে অগ্রগতি মূল্যায়নের জন্য একটি ভাল উপায় হিসাবে কাজ করতে পারে।

## আমাকে দেখ

যুব নেতা বা কর্মি হিসাবে, আপনি যে লোকদের শিষ্য করছেন তার কাছে জীবন্ত উদাহরন হওয়া গুরুত্বপূর্ন। এই নতুন বিশ্বাসীরা দেখেছে এবং শেষ পর্যন্ত আপনার যে মনোভাব এবং চেতনা আছে তা গ্রহন করবে।

নতুন বিশ্বাসীকে আপনি কিভাবে আপনার বিশ্বাসে বেঁচে আছেন তা শিখতে দিয়ে শিষ্যত্ব শুরু করা উচিৎ । আপনি যেভাবে আধ্যাত্মিক অনুশাসন অনুশীলন করেন তা একজন নতুন মন পরিবর্তনকারির কাছে এবং নতুন খ্রিষ্টানদের কাছে একটি শিক্ষনীয় অভিজ্ঞতা হয়ে উঠবে। যেমন আগেই বলা হয়েছে, আপনার কাছে যা নেই তা আপনি দিতে পারেন না বা আপনি যা করতে পারেন না তা খুব ভালভাবে জানেন এমন কিছু করার জন্য কাউকে বলা শক্ত। অতএব, শিক্ষার্থী এবং যুবকদের আপনার জীবনযাত্রার মাধ্যমে আপনার কাছে থেকে শিখতে দিন।

একটি ছোট বাচ্চা যেমন শিখে চারপাশের প্রাপ্তবয়স্কদের দেখে এবং তাদের অনুকরন করে , তেমনি নতুন বিশ্বাসীরাও আমাদেরকে দেখছে, আমাদের পছন্দ এবং কর্মগুলি।

## একসাথে কর

শিষ্যত্ব এমন একটি যাত্রা যা উভয়পক্ষের সক্রিয়ভাবে জড়িত থাকা প্রয়োজন। আপনার যুব শিষ্যদের আধ্যত্মিক অনুশাসন অনুশীলন শুরু করতে উৎসাহিত করুন। আপনার শিক্ষার্থীদেরকে এই যাত্রায় আপনার  আশাপাশি পথ চলতে দিন। তারা যখন বাইবেল পড়ে, তাদের সঙ্গে পড়ে সময় অতিবাহিত করুন,শিক্ষা দিন কিভাবে প্রার্থনা করতে হয় এবং তাদের সঙ্গে উপবাস করুন। ধীরে ধীরে শুরু করুন এবং তাদের এই অনুশাসনগুলিকে তাদের জীবনে ধাপে ধাপে অন্তভুক্ত করতে সহায়তা করুন। আপনি যা কিছু করেছেন না কেন আপনি যাকে শৃঙ্খলাবদ্ধ করছেন তাঁর বাঁধন আপনার সাথে থাকতে দিন কারন তারা “ হাতে হাতে” অভিজ্ঞতার মাধ্যমে শিখছে।

নতুন বিশ্বাসীদের জন্য, তাদের বিশ্বাসের নতুনত্বকে সম্মান করা এবং “ শিশুর পদক্ষেপগুলি”  দিয়ে শুরু করা গুরুত্বপূর্ন। তারা যখন তাদের বিশ্বাসে বৃদ্ধি পায় এবং আত্মবিশ্বাস ও শক্তি অর্জন করতে থাকে, আপনি তাদের আরও আশা করতে পারেন।

## যেভাবে আমি দেখি তেমনি কর

অবশেষে,আপনি যখন শিষ্যদের বিশ্বাসে পরিপক্ক হয়ে উঠে দেখেন এবং বেশি বেশি করে বিশ্বাসে জীবন যাপন করে তা দেখতে শুরু করার সাথে সাথে আপনি তাদেরকে ছোট ছোট ঈশ্বর ভক্তিতে নেতৃত্ব করার দায়ীত্ব দিন, প্রার্থনায় নেতৃত্ব দেওয়া, সুসমাচার প্রচার লিপ্ত হওয়া, এবং সেবাকার্য্যের অনান্য দায়ীত্ব দিতে পারেন। তাদের নেতৃত্বের জন্য আমন্ত্রন জানানো কেবল নেতৃত্ব বিকাশের কাজ

নয়, শিষ্যকেও আকার দেওয়ার জন্য। গ্রহিতা থেকে দাতাতে স্থানান্তর করা শিষ্যকে দেওয়ার ক্ষেত্রে গুরুত্বপুর্ন পদক্ষেপ যা তাদের অবিরত বৃদ্ধির সহায়ক।

এই নতুন দায়িত্বগুলি আপনার তত্ত্বাবধানে হবে যাতে আপনি প্রয়োজনের সময় সংশোধন ধরার জন্য সেখানে উপস্থিত থাকবেন এবং একইসাথে তারা সঠিকভাবে কী করবে  তা নিশ্চিত করে নিন।

## বড় ভাইয়ের লক্ষন

সাবধানতা একটি শব্দ। শিষ্যত্বের ক্ষেত্রে বড় ভাইয়ের লক্ষনে ঝুঁকি রয়েছে । এটি হারানো ছেলের গল্প থেকে এসেছে। ছোট ছেলেটি দূর দেশে গিয়ে তার সমস্ত সম্পত্তি খুইয়ে দেওয়ার পর সে নিজের চেতনায় ফিরে এসেছিল এবং ঘরে ফিরে গিয়েছিল কেবল তার বাবার বাড়িতে চাকর হিসাবে গৃহিত হবে আশা করে। পরিবর্তে, পিতা তাকে দুই বাহু তুলে স্বাগত জানিয়েছিল এবং পরিবারের মধ্যে তার ছোট ছেলের স্থানটি নিশ্চিত করার জন্য একটি বড় উদযাপনের অয়োজন করেছিলেন।

যখন বড় ভাই বাড়িতে পৌঁছেছিল এবং উদযাপন সম্বন্ধে শুনেছিল, সে বাবার উপর রেগে গিয়েছিল এবং এই "অকৃতজ্ঞ" ছেলের প্রত্যাবর্তন উদযাপন বিষয়ে অভিযোগ করেছিল। সে উদযাপনে পরিবর্তে অভিযোগ করেছিল । সে লম্বা সময় ধরে হারিয়ে যাওয়া ছোট ভাইয়ের পরিবারে স্বাগত জানানোর পরিবর্তে রেগে গিয়েছিল। সে অনুভব করেছিল বাড়িতে থাকার জন্য এবং পিতার প্রতি অনুগত থাকার জন্য মনোযোগটি তার প্রাপ্য কিন্তু অপছন্দ ছোট ভাইয়ের নয়।

" বড় ভাইয়ের লক্ষন " এইরকম নয় যে এই বিষয়ে আমরা কথা বলতে পছন্দ করি না বা বিশ্বাস যা মন্ডলীতে বিদ্যমান। তবে, এই দৃষ্টান্তটি আমাদের স্মরন করিয়ে দেয় যে এমন কিছু লোক রয়েছে যারা বেশ কিছু সময় ধরে খ্রীষ্টান কিন্তু নতুন বিশ্বাসি মন্ডলীতে প্রবেশ করে তখন তারা স্বাগত জানায় না। খুব কম লোকই এটা বলতে পারে তবে এই "বড় ভাইরা" "ছোট ভাইদের" খুব সমালোচনা করে কখনও  সন্দেহের চোখে তাদের সাথে আচরন করে। যখন এই আচরণটি উপেক্ষা করা হয়, তখন নতুন বিশ্বাসীরা মনে করে যে তাদেরকে কেউ চায় না এবং যদি নতুন বিশ্বাসে তাদের সঙ্গে কেউ যেতে না চায়, তবে তারা হয়ত খ্রীষ্ট ছাড়া  আগের জীবনে ফিরে যাবে।

নতুন বিশ্বাসীদের কীভাবে ভালভাবে গ্রহন করতে হয় তা জনতে আমাদের যুবকদের প্রস্তুত করা দরকার। আমরা তাদেরকে সদৃশ্য সহকারে শিষ্য করতে পারি যাতে তারা নতুন লোকদেরকে স্বাগত জানিয়ে দলে অন্তর্ভুক্ত করতে পারে। নতুন বিশ্বাসীদেরকে সন্দেহের লোক হিসাবে দেখা বা পুর্বের

জীবনের কারনে বরখাস্ত করার পরিবর্তে আমাদের যুবসামজ যারা নিজেদের আধ্যাত্মিক যাত্রায় তাদেরকে শিষ্যত্বের সুযোগ হিসাবে নিতে পারে। আমরা তাদের জন্য পুনরায় কল্পনা করতে পারি যা বড় ভাই বা বোনের ভূমিকা ভালভাবে সম্পন্ন করার জন্য।

যখন আমরা বড় ভাই বা বোন  ধারনাটি ভালভাবে ব্যবহার করব, তখন তরুন খ্রীষ্টানরা ভালবাসতে পারবে এবং যত্নশীল বিশ্বাসীদের দ্বারা ঘিরে থাকবে এবং তারা তাদের বিশ্বাসের যাত্রা অব্যাহত রাখতে উৎসাহিত করবে। যাইহোক, আমরা যখনই সুযোগটি অপব্যবহার করি, তখন আমরা সম্ভবত এই তরুন বিশ্বাসিদের বিশ্বাসকে এবং শেষ পর্যন্ত মণ্ডলীরও উল্লেখযোগ্য ক্ষতি করি।

## আমরা কোথায় শুরু করব ?

পেরিত পুস্তকে প্রথমে, শিষ্যদেরকে যিরুশালেমে যেতে বলা হয়েছিল এবং সেখানে পবিত্র আত্মার প্রতিশ্রুত বরদানের জন্য অপেক্ষা করতে। পবিত্র আত্মার শক্তি তাদেরকে ঈশ্বরের সাক্ষী হতে সক্ষম করছিলেন, “যিরুশালেমে, সমুদয় যিহুদীয়া ও সমরিয়া দেশে, এবং পৃথিবীর প্রান্ত পর্যন্ত”(পেরিত ১:৮) । যীশু তাঁর শিষ্যদের এই আজ্ঞা দিয়েছিলেন, এবং আমাদের কোথায় শুরু করা উচিত সে সম্পর্কে আমরা এখানে কিছু পাঠ শিখতে পারি।

**নতুন বিশ্বাসীদের বিশ্বস্ত জীবন্ত সাক্ষীর প্রয়োজন আছে যে তাদের শিষ্যত্ব যাত্রাপথে উদাহরনের সাথে  পরিচর্য্যা এবং পথ চলবে।**

প্রথমত, শিষ্যরা পবিত্র আত্মা পাওয়ার জন্য নির্দিষ্ট জায়গায় অপেক্ষা করার নির্দেশিকাটি পালন করেছিল। একজন কার্যকর শিষ্য এবং শিষ্য তৈরীকারী আমাদের একটি বাধ্য আত্মা থাকতে হবে যার মাধ্যমে আমরা ঈশ্বরের কণ্ঠশ্বরের সংবেদনশীল হয়ে উঠি এবং তাঁর নির্দেশ অনুসরন করার জন্য বেঁচে থাকি। আমাদের প্রত্যেককে নির্দেশ দেওয়া হয়েছে সমস্ত জাতিকে শিষ্য করার জন্য , এবং তা করতে আমাদের অবশ্যই ঈশ্বরের নির্দেশের বাধ্য থাকতে হবে। এটা আমাদের বাধ্যতা যা ঈশ্বর ব্যবহার করতে পারেন তাঁর রাজ্যের জন্য বৃহৎ আকারে বিশ্বকে প্রভাবিত করতে।

দ্বিতীয়ত, শিষ্যরা উদ্দেশ্যমুলকভাবে ঐক্যবদ্ধ হয়েছিল। তারা বাধ্য এবং ঐক্যবদ্ধ হয়েছিল ঈশ্বরের মিশনের উদ্দেশ্যে। তারা সুসমাচারটি বিশ্বের প্রতিটি পরিচিত অংশে নিয়ে যাওয়ার মিশনে অংশ নিয়েছিল এবং তাদের সামনে যা ছিল তা সম্পাদন করার আকাঙ্খায় তারা ঐক্যবদ্ধ হয়েছিল। বিশ্বাসী হিসাবে আজ, যখন আমরা শিষ্যত্বের উদ্দেশ্যে রওনা হই, আমাদের একই উদ্দেশ্যে ঐক্যবদ্ধ হতে

হবে। এর অর্থ আমরা কিভাবে শিষ্যত্ব করব সে সম্পর্কে ইচ্ছাকৃত হওয়া এবং ঈশ্বর যাকে আমাদের পথে প্রেরন করেন তাদের শিষ্য করার জন্য ইচ্ছুক থাকা।

এর তৃতীয় দিকটি হল কেবল শিষ্যদের সাক্ষী। পবিত্র আত্মা তাদের উপরে আসার পরে, তারা নিজেদের মধ্যে এই বার্তাটি রাখে নি । তারা বেরিয়ে গিয়েছিল যীশুর সুসংবাদ এবং পুনরুত্থানের শক্তি প্রচারের জন্য। বিশ্বাসী হিসাবে, আমাদের সাক্ষী হতে আহ্বান করা হয়েছে। আমরাই প্রথম সাক্ষী যা ঈশ্বর করে চলেছেন এবং আমাদের জীবনে যা করছেন। বিশ্ব মরিয়া হয়ে বিশ্বস্ত জীবন্ত সাক্ষগুলির প্রয়োজন অনুভব করছে যারা আত্মসমর্পনমুলক জীবনে যীশুর রুপান্তরিত শক্তির সাক্ষ দিতে পারে। তেমনিভাবে , নতুন বিশ্বাসীদের বিশ্বস্ত জীবন্ত সাক্ষীর প্রয়োজন আছে যে তাদের শিষ্যত্ব যাত্রাপথে উদাহরনের সাথে পরিচর্য্যা এবং পথ চলবে।

সর্বোপরি, আমরা আমাদের শক্তিতে শিষ্যত্ব করতে পারি না। পবিত্র আত্মা আমাদের পরিচালক এবং পবিত্র আত্মা হলেন তিনিই আমাদের বিশ্বস্ত খাঁটি শিষ্য হতে সক্ষম করেন। আপনাকে পবিত্র আত্মার পূর্ন করতে ঈশ্বরের কাছে প্রার্থনা করুন যাতে আপনি নিজের পদচারনায় বেড়ে উঠতে পারেন। শিষ্যত্ব একটি উত্তেজনপূর্ন পথ চলা। আসুন আমরা নিশ্চিত হয়ে থাকি যে অন্যদেরকেও সাথে আনছি।

## অধ্যায় – ৩

## শিষ্যত্ব:

## আধ্যাত্মিক সুসাশনের মাধ্যমে গঠিত হওয়া

## মিলটন গে

মিলটন গে হলেন মেসেআমেরিকার আঞ্চলিক এন ওয়াই আই(NYI) –এর সমন্বয়কারী এবং গুয়াতেমালায় কর্মরত একজন মিশনারী। যুব সেবাকার্য্য তাঁর কাছে আকর্ষনীয় কারন সেখানে প্রভু এবং তাঁর কাজের প্রতি আবেগ নিয়ে একটি নতুন প্রজন্ম রয়েছে। মিলটনের কাছে শিষ্যত্ব গুরুত্বপূর্ন কারন এটি তারুন্যের জীবনকে রুপান্তরিত করে এবং খ্রীষ্টে শিষ্য করে তোলে।

শৃঙ্খলা একটি জনপ্রিয় শব্দ নয়। সাধারনভাবে, আমাদের বেশিরভাগই যখন আমরা এটি করার মতো বোধ করি আমরা যা করতে চাই তা করতে সক্ষম হতে চাই এবং আমাদের যুবসমাজও আমাদের মতো। তবে, আমরা যদি নিজের সাথে সৎ হয়ে থাকি তবে আমরা স্বীকার করব যে  আত্ম-প্রবৃত্তির

চাকচিক্য কত দ্রুত ছড়িয়ে পড়তে পারে এবং নেতিবাচক পরিনতিগুলি জমা হতে শুরু করতে পারে। জীবনে প্রয়োজন অনুশাসন, এবং আমাদের আধ্যাত্মিক জীবনও এটি করে। করিন্থিয়দের কাছে লেখা প্রথম চিঠিতে পৌ্ল তাদেরকে স্ব-শৃঙ্খলার প্রয়োজনিয়তার কথা স্মরন করিয়ে দিয়েছেন। "তোমরা কি জান না যে,দৌড়ের স্থলে যাহারা দৌড়ে, তাহার সকলে দৌড়ে , কিন্তু কেবল একজনই পুরস্কার পায়? তোমরা এই রুপে দৌড় , যেন পুরস্কার পাও। আর যে কেহ মল্লযুদ্ধ করে, সে সর্ব বিষয়ে ইন্দ্রিয় দমন করে। তাহারা ক্ষয়নীয় মুকুট পাইবার জন্য তাহা করে, কিন্তু আমরা অক্ষয় মুকুট পাইবার জন্য করি। অতএব আমরা এইরুপে দৌড়াইতেছি যে বিনালক্ষে নয়; এইরুপে মুষ্টিযুদ্ধ করিতেছি যে শূন্যে আঘাত করিতেছি না। বরং আমরা নিজ দেহকে প্রহার করিয়া দাসত্বে রাখিতেছি, পাছে অন্য লোকেদের কাছে প্রচার করিবার পর আমি আপনি কোন ক্রমে অগ্রাহ্য হয়ে পড়ি" (১ করিন্থিয় ৯:২৪ – ২৭)।

**আমাদের অবশ্যই নিজের সাথে সৎ হতে হবে এবং আমাদের জিজ্ঞাসা করা উচিত শিষ্যত্ব কৌশলগুলি " অনমনীয় আনুষ্ঠানিকতা" বা " সংবেদনশীল আবেগপূর্ন মনের ভাব" বা আমরা সত্যই বিশ্বাসের বীজগুলিকে সাহায্য করছি যা আমাদের যুবসমাজে রোপন করা হয়েছে গভীর শিকড় গজানোর জন্য।**

খ্রীষ্টান জীবন সঠিকভাবে বাঁচতে এবং যীশুখ্রীষ্টের শিষ্য হিসাবে বৃদ্ধি পেতে ইচ্ছাকৃত প্রচেষ্টা গ্রহন করে। শাস্ত্রে প্রায়ই শব্দগুলি ব্যাবহার করা হয়েছে যেমন প্রশিক্ষন ধৈর্য, এবং শৃঙ্খলা যা দিয়ে বিশ্বাসের মূল দিকটি বোঝানোর জন্য। হেনরি নউয়েন তাঁর আধ্যাত্মিক গঠন বইয়ে লিখেছেন, শিষ্যত্ব, যাকে অনুশাসন বলা হয়। সত্যই, শিষ্যত্ব এবং অনুশাসন একই ভাষাগত মূলকে ভাগ করে নেয় ( বিচ্ছিন্নতা থেকে যার অর্থ যার থেকে শেখা) এবং এই দুটিকে কখনও আলাদা করা উচিত নয়।শিষ্যত্ব ব্যাতিরেকে শৃঙ্খলা কঠোর আনুষ্ঠানিকতার দিকে পরিচালিত করে, শৃঙ্কলা ছাড়াই শিষ্যত্ব সংবেদনশীল আবেগপুর্ন মনের ভাব প্রকাশে শেষ হয়। আমরা যেমন যুবসমাজকে শিষ্য করার জন্য বিবেচনা করি আমাদের অবশ্যই নিজের সাথে সৎ হতে হবে এবং আমাদের জিজ্ঞাসা করা উচিত শিষ্যত্ব কৌশলগুলি " অনমনীয় আনুষ্ঠানিকতা" বা " সংবেদনশীল আবেগপূর্ন মনেরভাব" বা আমরা সত্যই বিশ্বাসের বীজগুলিকে সাহায্য করছি যা আমাদের যুবসমাজে রোপন করা হয়েছে গভীর শিকড় গজানোর জন্য।

এই অধ্যায়ে , আমরা আধ্যত্মিক অনুশাসনগুলির সঙ্গে যুক্ত হওয়ার মাধ্যমে শিষ্যত্ব নিয়ে আলোচনা করতে চলেছি। আধ্যাত্মিক অনুশাসন যা আমরা এই অধ্যায়ে আলোচনা করতে যাচ্ছি তা হল বাইবেল অধ্যয়ন, প্রার্থনা, উপাসনা,উপবাস, নীরবতা, সরলতা,সেবা এবং দৈনিক পত্রিকা। প্রথমে আমরা অনুসন্ধান করব যে কোন যুবকের এই আধ্যাত্মিক অনুশাসনগুলির অনুশীলন করা দরকার, তারপর আমরা এই প্রক্রিয়াতে একজন অনুশাসক হিসাবে আমাদের ভূমিকা কী তা পর্যালোচনা করব, এবং পরিশেষে কিভাবে আমাদের যুবসেবাকার্য্যের মধ্যে এই অনুশাসনগুলিকে অন্তর্ভুক্ত করা যায় তার জন্য ব্যবহারিক পরামর্শ দিয়ে শেষ করব।

## আধ্যাত্মিক অনুশাসন ও যুবসমাজ

"অনুশাসনের উদযাপন" বইয়ে রিচার্ড ফস্টার বলেছেন যে আধ্যাত্মিক অনুশাসনগুলি হল "আত্মার বপনের একটি উপায়। অনুশাসনগুলি হল ঈশ্বরের পথ যা আমাদেরকে মাঠে নামায় যেখানে তিনি আমাদের মধ্যে কাজ করেন এবং আমাদেরকে রূপান্তরিত করেন"। [2] এগুলি এমন অনুশীলন বা অভ্যাস যা আমাদের পরিপক্কতায় খ্রীষ্টসমতে বৃদ্ধি পেতে সাহায্য করে। শিষ্যত্ব হল প্রক্রিয়া যার মাধ্যমে আমরা খ্রীষ্টের জীবনযাত্রা সম্পর্কে শিখি যতক্ষন না খ্রীষ্টের প্রতিমূর্তিতে আমাদের তৈরি করা হয়। এই স্তরের প্রয়োজন হল আমাদের জীবনে ঈশ্বরের কাজের প্রতি উদারতা হওয়া যা যুবসমাজের জন্য কম প্রয়োজনীয় নয়। কিছু উপায়ে এটি আরও তাৎপর্যপূর্ন কারন যুবসমাজ যদি তাদের যুবক বয়সে এই শৃঙ্খলাগুলিকে গ্রহন করে, তবে তাদের যৌবনে এবং তার বাইরেও তাদের বিশ্বাসের কেন্দ্রীয় উপাদান হওয়ার সম্ভাবনা বেশি থাকে। আসুন পাঁচটি কারনের উপর দৃষ্টিপাত করি কেন যুবসমাজকে উদ্দেশ্যমুলকভাবে আধ্যাত্মিক অনুশাসনগুলির অভ্যাস করা দরকার।

### আধ্যাত্মিক অনুশাসনগুলির একটি বিশ্বস্ত আহ্বানে থাকতে দেয় যাকে ঈশ্বর সৃষ্টি করেছেন (আমাদের যুবসমাজ) তাঁর মতো হতে এবং তাদেরকে ঈশ্বরের দ্বারা চরিত্র গঠনের অনুমতি দেয়।পাপ থেকে মুক্ত থাকা এবং পবিত্র জীবন উপভোগ করা।

পাপ থেকে মুক্ত থাকা এবং পবিত্র জীবন যাপনের একমাত্র উপায় হল যীশুকে আমাদের ত্রানকর্তা হওয়ার জন্য অনুরোধ করা এবং খ্রীষ্টের জন্য জায়গা দেওয়া যাতে শিষ্যত্বের মাধ্যমে গঠিত হতে পারি। আধ্যাত্মিক অনুশাসনগুলি এই জাতীয় স্থান তৈরী করার জন্য আমাদেরকে পাল্টা – সংস্কৃতিক অনুশীলনে অংশ নেওয়ার আহ্বান জানায়। যুবসমাজকে বিভিন্ন দিকে তুলে ধরা হয়েছে, এই অনুশাসনগুলি খ্রীষ্টের মধ্যে ভিত্তি করে এবং ঈশ্বরের বিষয়গুলিতে আলোকিত রাখে।

## ঈশ্বরের সাথে সংযোগ স্থাপন

যে কোন সম্পর্কের মতোই, ঈশ্বরের সাথে আমাদের সম্পর্কের জন্য নিয়মিত এবং কেন্দ্রিয় সময় সংযোগের প্রয়োজন। এই সময়গুলির মধ্যে সৎ বার্তালাপ এবং মনোযোগী শ্রবন অন্তর্ভূক্ত করা উচিত। আধ্যাত্মিক জীবন দৈনিক অনুশীলনের মাধ্যমে নির্মিত হয় এবং আমাদেরকে অক্ষয় শক্তি এবং প্রেমের উৎসের সাথে সংযুক্ত রাখে। অনেক যুবক যুবতি এটি জানার জন্য সংগ্রাম করে এবং তারা যে রকম সেই ভাবেই প্রেমিত বোধ করে। কিভাবে ঈশ্বরের কথা শুনতে হয় এবং ঈশ্বরের নিঃশর্ত প্রেমকে গ্রহন করতে হয় তা শিখতে হবে যা একটি রুপান্তরকামী এবং জীবন দানকারী সংযোগ।

## শান্তি পুনরুদ্ধার সম্পর্কে অবগত হওয়া

পাপ সমস্ত সম্পর্ক ছিন্ন করে, কিন্তু খ্রীষ্টের অনুগ্রহ এবং শক্তি প্রেম, শান্তি এবং আশার সঙ্গে পুনরায় সংযুক্ত করে। যুবসমাজের জন্য,বন্ধুত্ব এবং একাত্মতার অনুভুতি থাকা অত্যন্ত গুরুত্বপূর্ন। যুবকেরা ঈশ্বরের সাথে সঠিক সম্পর্কের মানে কী তা শিখে , তারা ব্যক্তিগত এবং অন্যদের সঙ্গে সম্পর্কগুলিকে সুস্থ করবে।

## চরিত্র গঠন

ঈশ্বর আধ্যাত্মিক অনুশাসনের মাধ্যমে আমাদের চরিত্রগুলিকে রুপদান এবং রুপান্তরিত করেন। রোমীয় ১২:২ পদ অনুযায়ী আমাদেরকে আহ্বান করা হয়েছে যেন আমরা এইযুগ বা মধ্যযুগীয়দের অনুরুপ না হই, কিন্তু ঈশ্বরের দ্বারা স্বরুপান্তরিত হই। যুবক যুবতিরা তারা কে তা আবিষ্কার করার চ্যালেঞ্জিং পথ দিয়ে কাজ করছে। তারা পোশাকের মত পরিচয় মনোভারের চেষ্টা করে। আধ্যাত্মিক অনুশাসনগুলি একটি বিশ্বস্ত আহ্বানে থাকতে দেয় যাকে ঈশ্বর সৃষ্টি করেছেন (আমাদের যুবসমাজ) তাঁর মতো হতে এবং তাদেরকে ঈশ্বরের দ্বারা চরিত্র গঠনের অনুমতি দেয়।

## একজন নেতা হিসাবে গঠিত হওয়া

একজন বিশ্বস্ত আধ্যাত্মিক নেতা  এমন কেউ যে ঈশ্বরের অনুসরন করে এবং নিজের ক্যারিশমা প্রতিভাগুলির পরিবর্তে ঈশ্বরের উপর এবং তাঁর অনুগ্রহের উপর নির্ভর করে। যুবকদেরকে নেতৃত্বের আমন্ত্রন হিসাবে, বিভিন্ন আধ্যাত্মিক অনুসাশনের সঙ্গে যুক্ত হওয়ার বিষয়ে জবাবদিহিতা থাকা উচিত। আমরা আমাদের যুবসমাজকে এমন নেতা হিসাবে দেখতে চাই যারা যীশুর সাথে গভীর সম্পর্ক রাখে, যারা পরিচর্য্যা এবং ঈশ্বরের লোকদের সঙ্গে উপাসনা করবে, যারা অনবরত প্রার্থনা করবে, যারা ঈশ্বর এবং অন্যদের সামনে সততার সঙ্গে জীবনযাপন করবে।

## শিষ্যত্ব হচ্ছে আধ্যাত্মিক পরামর্শ

আমরা যখন আমাদের যুবক যুবতীদের আধ্যাত্মিক অনুশাসনটি শুরু করতে বা আরও বিশ্বস্ততার সাথে অনুধাবন করতে সহায়তা করার জন্য প্রস্তুত হই, তখন আমাদেরকে "আধ্যাত্মিক পরামর্শদাতা" হিসাবে বিভিন্ন ধরনের নিজের ভূমিকা সম্পর্কে তীব্র সচেতন হওয়া দরকার। যুবসমাজের শিষ্য তৈরী দাতা হিসাবে, আমদের অবশ্যই তাদের সমস্ত আধ্যাত্মিক গঠন  এবং বৃদ্ধিকে সাহায্য এবং পরিচর্য্যার জন্য আমাদের জ্ঞান এবং অভিজ্ঞতা বিলিয়ে দিতে আগ্রহী থাকতে হবে। এখানে এই যাত্রাপথে তিনটি ভূমিকা স্মরন করা দরকার।

## তাদের বাস্তবতার কাছে থাকুন

আমরা ইতিহাসের সর্বাধিক প্রযুক্তিগত ঘটনার মুখোমুখি হচ্ছি, কারন সেল ফোন, ট্যাবলেট এবং কম্পিউটারগুলি এখন যুবসামজের কেবল বহন করার জিনিসপত্র নয় বরং তাদের দেহের বর্ধন হিসাবে পরিনত হয়েছে। গনমাধ্যম এবং ইন্টারনেটের আধ্যাত্মিক প্রকাশ এবং ব্যবহারের ফলে বিশ্বজুড়ে তরুন – তরুনীদের দৃষ্টি আকর্ষন বদলেছে কারন এখন একটি ক্লিকের মাধ্যমে সবকিছু সুলভপ্রাপ্য। আমদের যুবসমাজ এখন এত অল্পবয়সে জীবন-পরিবর্তনকারী পাপের মুখোমুখি হয়েছে এবং অনেক বিশ্বাসের বিষয়ে আগ্রহ হারিয়ে ফেলেছে এবং ঈশ্বরের প্রতি বিশ্বাসকে ত্যাগ করেছে।

পরবর্তী প্রজন্মকে শিষ্য করার জন্য বিশ্বাসী হিসাবে আমাদের কি করা উচিত? আমাদের অবশ্যই তাদের বাস্তবতার সংস্পর্শে থাকতে হবে। আমাদের তাদের সঙ্গে কথা বলা এবং তাদের অসুবিধা, ভয় এবং প্রলোভনগুলি শুনতে হবে। এই কথোপকথনের সময়, আমদের বার্তালাপ নূন্যতম রাখতে হবে। শোনা, শোনা,শোনা। অতিরিক্তভাবে, এমনকি আমরা কথা বলা বন্ধ করে দিই, আমদের নিশ্চিত হওয়া প্রয়োজন যে আমরা যীশুখ্রীষ্টের শিষ্যের জীবনকে প্রতিরুপ দিচ্ছি।

## তাদের সাথে চলুন

যুবসমাজকে শিষ্য করার জন্য আমরা যেভাবে কাজ করি,আমদের অবশ্যই তাদের জন্য আমাদের জীবন বিনিয়োগ করার জন্য প্রস্তুত থাকতে হবে এবং তাদের সাথে চলতে আমাদের সহায়তা দিতে হবে। এটা সহজ নয়। আমরা যুবসমাজকে শিষ্য করা হিসাবে আমাদের দায়িত্ব হল অবিশ্বাস থেকে পরিপক্ক বিশ্বাসের জন্য তাদের আধ্যাত্মিক যাত্রায় তাদের সাথে যেতে হবে এই আধ্যাত্মিক যাত্রা অনেক উচ্চ এবং নীচ হবে। আমাদের স্মরন রাখার জন্য সম্ভবত সবচেয়ে গুরুত্বপূর্ন বিষয়টি, বিশেষত নীচু হওয়ার সময়, আমাদের আহ্বানটি হল যুবসমাজকে সত্যিকারের জীবন দেখান, খ্রীষ্টের নিঃশর্ত প্রেমের মুখোমুখি উদাহরন দেওয়া।

## তাদের রুপান্ত করতে ঈশ্বরে নির্ভর করুন

এটি অত্যন্ত গুরুত্বপূর্ন। কারও জীবন বদলে দেওয়ার ক্ষমতা আমাদের নেই। আমরা তাদের কথা শুনি, আমারা তাদের সাথে পথ চলি, তবে কেবল ঈশ্বরই তাদের রুপান্তর করতে পারেন। আমাদের সমালোচনা বা দোষারোপ সম্ভবত ভালোর চেয়ে বেশি ক্ষতি করতে পারে। আপনার যুবসামাজের জন্য নিয়মিত প্রার্থনা করুন। ঈশ্বরের কাছে প্রার্থনা করুন যাতে আপনি সঠিক সময়ে সঠিক শব্দ বলতে পারেন পবিত্র আত্মার কাছে প্রার্থনা করুন যেন তাদের হৃদয় ও জীবনে কাজ করতে পারেন।

নেতা হিসাবে, আমাদের অবশ্যই আমাদের অংশটি করতে হবে "ভূমি" প্রস্তুত করার জন্য যেখানে ঈশ্বর আমাদের যুবক যুবতীদের জীবনে কাজ করতে চান। এর মধ্যে মন্ডলীর কাজের সাথে সংযোগ স্থাপনে তাৎপর্যপূর্ন ক্রিয়াকলাপে সহায়তা করতে হবে। এর অর্থ হল আমরা তাদের বৃদ্ধি ও রুপান্তর করতে আধ্যাত্মিক অনুশাসনগুলি অভ্যাস করার জন্য চ্যালেঞ্জ জানাতে হবে।

**আধ্যাত্মিক অনুশাসনগুলি তাদের নিজেদের মধ্যে শেষ হয় না তবে একটি উপায় আমাদের সাথে খ্রীষ্টকে খুঁজে পেতে এবং ঈশ্বরের অনুগ্রহে জীবনযাপন করতে যার মধ্যে একটি অলৌকিক , অনুশাসিত সমাজ আছে যা ঈশ্বরের প্রতি উদাসীন।**

অবশেষে, আমিএই বিভাগটি একটি গল্প দিয়ে শেষ করতে চাই। আট বছর আগে, আমার এক যুবকের সাথে দেখা হয়েছিল যার চেহারা আশ্বাসজনক মনে হয় নি। আমি ভাবিনি যে সে একজন ভাল নেতা হবে,কারন আমি তাঁর মধ্যে কোন আভ্যন্তরিন গুনাবলি দেখি নি। আসলে, সে যে ভাবে জীবনযাপন করেছিল আমার কাছে সে "খ্রীষ্টান" বলে মনে হচ্ছিল না, যা তার আচরন দ্বারা নিশ্চিত হয়েছিল। সময়ের সাথে সাথে, যখন আমরা  আধ্যাত্মিক অনুশাসনের মাধ্যমে কাজ করেছিলাম, যা

মেসোআমেরিকা অঞ্চলের যুব সেবাকার্য্যের অংশ হিসাবে অভ্যাস এবং প্রতিরুপ করা বাধ্যবাধকতা ছিল তখন তার জীবনের পরিবর্তন হয়।

ঈশ্বর তার জীবনকে পুরোপুরি বদলে দিয়েছিলেন, এবং পরে সে একটি স্থানীয় মন্ডলীতে যুব নেতা হিসাবে কাজ করেছিল। আজকে তার অঞ্চলে(ডিসট্রিক) একটি মন্ডলীতে অত্যন্ত কার্যকরী পালক হিসাবে কাজ করছে যেখানে সবথেকে সবথেকে বেশী যুবকযুবতী এবং সদস্যপদ। এখন সে কৈশোর ও যুবকদেরকে অনুগ্রহের মাধ্যমে পরিচালনা করে, তার বিশ্বাস এবং অন্যান্য আধ্যাত্মিক অনুশীলনগুলি সবার মধ্যে ভাগ করে আশীর্বাদযুক্ত হয়েছে।

এই আধ্যাত্মিক শৃঙ্খলা অপরিহার্য যদি আমরা আমাদের যুবক-যুবতীদেরকে খ্রীষ্টের শিষ্য হওয়ার আহ্বান গুরুত্বের সাথে নিতে পারি। আসুন অনুসন্ধান করি যে ঈশ্বর আমাদেরকে ব্যবহার করে এই অভ্যাসগুলির মাধ্যমে ঈশ্বরের অনুগ্রহ অনুভব করতে যুবসমাজকে নেতৃত্ব দেওয়ার জন্য ব্যবহার করতে পারেন।

## আধ্যাত্মিক অনুশাসনের অনুশীলন

আধ্যাত্মিক অনুশাসনগুলি অনুগ্রহের মাধ্যম হিসাবে পরিচিত। এগুলির অনুশীলন আমাদের স্রষ্টার সাথে সংযুক্ত রাখে। এগুলি নিজেদের মধ্যে শেষ নয় বরং খ্রীষ্টকে খুঁজে পেতে এবং ঈশ্বরের অনুগ্রহে জীবনযাপন করতে যার মধ্যে একটি অলৌকিক, অনুশাসিত সমাজ আছে যা ঈশ্বরের প্রতি উদাসীন। জন ওয়েসলি এবং মেথেডিস্টদের জন্য আধ্যাত্মিক অনুশাসনগুলি অপরিহার্য্য ছিল। তারা অবিরাম প্রার্থনা করত তারা শৃঙ্খলা এবং পবিত্রতার অনুশাসন জীবনে আনন্দ উপভোগ করত যা তাদেরকে একটি পরিচয় দিয়েছে এবং আমাদের ঐতিহ্য এবং বিশ্বাসকে  অনুসরন করে আমাদের মধ্যে তারা ঐতিহাসিক ঐতিহ্য রেখে গেছে। জন ওয়েসলি তাঁর প্রচার অনুগ্রহের উপায় সম্পর্কে এই কথা বলেছেন, "অনুগ্রহের মাধ্যমে , আমি বাহ্যিক লক্ষণগুলি , বাক্য, বা ক্রিয়াগুলি, ঈশ্বরের দ্বারা অভিসিক্ত এই শেষ লক্ষে নিযুক্ত হয়ে সাধারন মাধ্যম হতে বুঝেছি যার দ্বারা তিনি ( আমাদের) প্রকাশ করতে পারেন, প্রতিরোধ, ন্যায় , বা পবিত্রকরনের অনুগ্রহ"। [৩]

আমাদের বিভিন্ন আধ্যাত্মিক অনুশাসন আলোচনা করার সময়, কিভাবে আপনি আপনার তরুনদের সমাবেশে ইচ্ছাকৃতভাবে এই অনুশাসনগুলিকে অন্তর্ভুক্ত করতে পারেন,কিভাবে আপনি সেগুলি আপনি আপনার নিজের জীবনে অন্তর্ভুক্ত করতে পারেন এবং আপনি কিভাবে আপনার যুবসমাজকে এটি

করার জন্য আহ্বান করতে পারেন সে সম্পর্কে চিন্তা ভাবনা করুন। প্রতিটি বিভাগই এই অনুশাসনটিকে অনুশীলনে রাখার জন্য কিছু ধারনা দিয়ে শেষ হবে। আমি আপনাকে বেশ কয়েকটি উদাহরন বেছে নিতে উৎসাহিত করব যা দিয়ে আপনি আপনার যুবসমাজকে বৃদ্ধি করার জন্য পরিকল্পনা করুন।

## ঈশ্বরের বাক্য অধ্যয়ন করা

তীমথিয়কে তার পালকিয় চিঠিতে , পেরিত পৌল (যিনি তীমথিয়ের পরামর্শদাতা এবং শিষ্য তৈরী দাতা ছিলেন) তাকে পরামর্শ দেওয়ার জন্য লিখেছিলেন যে শাস্ত্র অধ্যয়নকে অমূল্য সম্পদ হিসাবে দেখা উচিৎ, "ঈশ্বর – নিশ্বসিত প্রত্যেক শাস্ত্রলিপি আবার শিক্ষার , অনুযোগের ,সংশোধনের , ধার্মিকতা সম্বন্ধীয় শাসনের নিমিত্ত উপকারী, যেন - ঈশ্বরের লোক পরিপক্ক, সমস্ত সৎকর্মের জন্য সুসজ্জিভুত হয়" ( ২ তীমথিয় ৩: ১৬-১৭)।

যখন আমরা আমাদের যুবকদের সমাবেশে এবং সানডে স্কুল ক্লাসে নিয়মিত বাইবেল ব্যবহার করি, আমাদের অবশ্যই ইচ্ছাকৃতভাবে যুবক – যুবতীদের ঈশ্বরের পুরো গল্পটি বোঝার জন্য এবং তিনি আমাদের বিশ্বে যেভাবে কাজ করছেন তা বুঝতে সহায়তা করতে হবে।আমরা নিজেদেরকে প্রশ্ন করার প্রয়োজন আছে আমাদের যুবসমাজ কি বৃদ্ধি পাচ্ছে এবং কেবলমাত্র "শীর্ষ দশ" বাইবেলের গল্পগুলি বোঝার সাথে আমাদের যুব সেবাকার্য্য করছে এবং সমস্ত বাইবেল কিভাবে একসঙ্গে ঈশ্বরের সৃষ্টের প্রেমের  মূল গল্পটি বুনে রেখেছে তা বোধগম্য হচ্ছে না। পুরো গল্পটি জানার মাধ্যমে যুবসমাজ বাইবেলকে কেবল কোন নিয়ম বই বা ছোট গল্প সংগ্রহের চেয়ে বেশি কিছু দেখতে পারে তার ব্যবস্থা করতে হবে। ঈশ্বর পৃথিবীতে কিভাবে কাজ করছেন তা স্বীকৃতি দেওয়ার আগে আজ আমাদের পৃথিবীতে ঈশ্বর কিভাবে কাজ করছেন এবং কিভাবে তিনি তার সাথে আমাদের যোগ দিতে ডেকেছেন তার সন্ধান করার শিক্ষা দেওয়া উচিত।

সুতরাং, আমাদের যুবক – যুবতীদের কিভাবে বাইবেল পড়তে হবে এবং এটিকে অনুশাসন বলে ধারনাটি বুঝতে সহায়তা করতে হবে। ঈশ্বরের বাক্য আমাদের রুপ দিতে দেওয়ার দিনের প্রারম্ভে বাইরে বের হওয়ার সাথে সাথে কয়েকটি পদ দ্রুত পড়ার চেয়ে আরও বেশি প্রয়োজন , আপনার যুবসমাজের জন্য এই চারটি ভিন্ন উপায়ে শাস্ত্রের সাথে যুক্ত থাকার অনুশীলনের জন্য সময় দিনঃ

**১। এটি পড়ুন ।** তাদের এখনও বাইবেল পড়ার জন্য তাদের হৃদয় এবং মনকে প্রস্তুত করুন । আমন্ত্রন জানান তাদেরকে ঈশ্বরের কাছে প্রার্থনা দিয়ে শুরু করতে  এবং তারা কি পড়তে চলেছে এবং কিভাবে এটি তাদের জীবনে প্রয়োগ করতে পারে তা বোঝার জন প্রজ্ঞা চেয়ে প্রার্থনা করতে বলুন।

**২। এটির ধ্যান করা।** আপনার যুবসমাজ তার যে অংশটি পড়েছে তার উদ্দেশ্য প্রতিফলিত করতে, চিন্তাভাবনা করতে এবং তা খুঁজে পেতে সময় দিন। শাস্ত্র অবশ্যই গ্রহন করতে হবে, তা নিয়ে ধ্যান করতে হবে, এবং হৃদয়ে মূল্যবান সম্পদ রুপে ধরে রাখতে হবে যাতে এটি ঈশ্বর হন এবং আমাদের সত্তার গভীরতম অঞ্চলে প্রবেশ করতে পারে।

**৩। এটিতে জীবনযাপন করা।** তাদের অনুসন্ধান করতে বলুন কিভাবে ঈশ্বর তাদের বলেন এই পাঠগুলির মাধ্যমে জীবনযাপন করতে হয়। এই পাঠগুলি সম্পর্কে ঈশ্বরের আজ্ঞাবহ হওয়ার জন্য তাদের যে পদক্ষেপ নিতে হবে তা পরিচালনা করার জন্য তাদেরকে চ্যালেঞ্জ করুন।

**৪। এটিকে প্রচার করা।** এটি সসমাজের পক্ষে সবচেয়ে ভীতিকর হতে পারে তবে আমরা যখন শাস্ত্রের দ্বারা জীবনযাপন করতে শুরু করি, তখন আমরা অন্যদের সাথে সুসমাচার প্রচার করতে প্রস্তুত হয়ে যাই। আপনার যুবক- যুবতীদের একটি সংক্ষিপ্ত প্রচার উপস্থাপন করার জন্য , সানডে স্কুলে ক্লাস নেওয়ার জন্য, বা বাইবেল অধ্যয়নে নেতৃত্ব দেওয়ার জন্য জায়গা তৈরী করে দিন। তারা যা শিখেছে তা বলার মাধ্যমে তাদের অন্তরের সত্যতা আরও বাড়বে।

## এটি অভ্যস করা

- একটি ছোট দল গঠন করুন যারা প্রতি সপ্তাহে মিলিত হতে পারবে এবং সেই দলে একসাথে পড়ুন।
- যুবক – যুবতীদের ঈশ্বরের বাক্যের সাথে দৈনিক যোগাযোগ  বজায় রাখতে সহজেই উপলবদ্ধ অ্যাপগুলি ব্যবহার করতে উৎসাহিত করুন।
- আপনার যুবসমাজের সমাবেশগুলিতে একটি শাস্ত্রের পত্রিকার সময় অন্তর্ভুক্ত করুন যেখানে যুবক-যুবতীরা সেই সপ্তাহে শাস্ত্রের পাঠ্য যা শুনেছে সে সম্পর্কে লিখতে পারে।

## প্রার্থনা

প্রার্থনা হচ্ছে ঈশ্বরের সাথে কথোপকথন। জন ওয়েসলির মতে প্রার্থনা হচ্ছে একটি অনুগ্রহের উপায় কারন তিনি বিশ্বাস করেন ঈশ্বর নিজেই প্রার্থনাতে উপস্থিত থাকেন, একটি সময় যখন আমরা নিজেদেরকে ঈশ্বরের সম্মুখে উপস্থিত করি এবং অপার্থিব-এর মধ্যে প্রবেশ করি। ঈশ্বর আমাদের কথা শুনেন এবং আমাদের মধ্যে থাকেন। উর্দ্ধদিকে ডাকায় আমরা পড়ি, “(প্রার্থনা) একটি চলমান সম্পর্ক, স্বর্গীয় পিতার সাথে একটি নিয়মিত কথোপকথন। প্রার্থনা এই স্তরে শ্বাস প্রশ্বাসের মতোই স্বাভাবিক হয়ে ওঠে”। ৪

যাইহোক, অনেক যুবক-যুবতী(এবং প্রাপ্ত বয়স্করাও) সমবেত এবং ব্যক্তিগত প্রার্থনার সাথে অসুবিধা বোধ করে। তাদের ভয় ও অসুবিধাগুলিকে উড়িয়ে না দেওয়া বরং তরুনদের সাথে নিজের সংগ্রাম সম্পর্কে উন্মুক্ত হওয়া এবং তাদের খ্রীষ্টিয় জীবনের ক্ষেত্রে তাদের বৃদ্ধিতে সহায়তা করা গুরুত্বপূর্ন। আমরা চাই তাদেরকে দেখাতে যে প্রার্থনা খ্রীষ্টিয় জীবনের এক গুরুত্বপূর্ন অঙ্গ। প্রার্থনার মাধ্যমেই আমরা আমাদের প্রভুর মুখোমুখি হই, যাকে আমরা ভালবাসি এবং বিশ্বাস করি । প্রার্থনা পরিবর্তন , রুপান্তর, মুক্তি , নিরাময়, পবিত্রতা এবং আশা নিয়ে আসে।

আপনার যুবসমাবেশে , যুবক-যুবতীদের প্রার্থনার সময় পরিচালনার জন্য আমন্ত্রন জানান, তবে তাদের আগে থেকে জিজ্ঞাসা করুন এবং তাদের যদি উদ্বেগ থাকে তবে তাদের সাথে এই সম্পর্কের কথা বলুন। আপনার যুবসমাজের নিঃশব্দে প্রার্থনা করার জন্য জায়গা করে দিন। সময় সময় তাদের সাথে প্রার্থনায় মধ্যস্থতা করুন। আপনার যুবক- যুবতীদের সমবেত প্রার্থনা অনুশীলনের জন্য নিরাপদ জায়গাগুলি নিশ্চিত করতে কাজ করুন।

## এটি অভ্যাস করা

- যুবসমাজকে শিক্ষা দিন যে ঈশ্বরের সাথে যোগাযোগের বিভিন্ন উপায় রয়েছে। স্বতঃস্ফুর্তভাবে এবং সুস্পষ্টভাবে কারও পক্ষে প্রার্থনা করা সহজ, আবার অন্যরা তাদের প্রার্থনাগুলি লিখে আরও ভাল প্রকাশ করতে পারে।
- তারা যেখানেই থাকুক না কেন নির্দিষ্ট সময়ে প্রার্থনায় যোগ দিতে উৎসাহিত করুন, তাদের একত্রিত হওয়ার অনুভুতি জোরদার করতে।

- যখন তারা ঈশ্বরের কাছ থেকে প্রার্থনর উওর পেয়ে থাকে তখন তাদেরকে জনসমক্ষে সাক্ষ দিতে শেখান ।

## উপাসনা

উপাসনায় আমরা পেয়ে থাকি ঈশ্বরের অনুগ্রহ এবং ঈশ্বরের আশা অন্যান্য বিশ্বাসিদের সঙ্গে একত্রিত হওয়ার মাধ্যমে , আমাদের হৃদয়, প্রান ও দেহ নিয়ে ঈশ্বরের উপাসনায় একত্রিত হই। উপাসনায় আমরা আনন্দ করি এবং প্রশংসা এবং সংগীতগুলিকে ঈশ্বরের কাছে তুলে ধরি, আমরা দান উপস্থাপন করি, বাক্য প্রচার করি ,প্রভুভোজ, সহভাগীতার সময়, আমরা প্রার্থনা করি, এবং স্বীকারোক্তি উত্থাপন করি। যখন আমরা ঈশ্বরের উপয়াসনার কথা ভাবি, তখন আমাদের নিশ্চিত করা দরকার যে আমরা কেবল গানের সময়ের চেয়ে আরও বৃহৎভাবে চিন্তাভাবনা করছি।

সম্ভবত সবচেয়ে সাধারন সমস্যাটি হল যেখানে আমাদের যুবক - যুবতীদের সাহায্য করে বিপদ থেকে রক্ষা করা প্রয়োজন তা হল উপাসনাতে হালকাভাবে প্রবেশ করা। উপাসনা কোন অভিনয় বা অনুষ্ঠান নয়। আমরা কৃতজ্ঞতা প্রদর্শন, অংশ নেওয়া সত্য উপাসান ন করে সহজ উপাসক হিসাবে উপসনা করতে যাই না। কখনও কখনও আমরা ধরে নিই যে আমাদের যুবসমাজ যদি গান করে তবে তারা ঈশ্বরের উপাসনা করছে। তবে, উপাসনার আধ্যাত্মিক অনুশাসনের মধ্য দিয়ে শিষ্যত্বের অর্থ হল আমরা কেবল আমাদের যুবসমাজের সাথেই উপাসনার অনুশীলন করছি তা নয়, কিন্তু আমরা এটির বিষয়েও শিখাচ্ছি।

যেমন আমদের উপাসনার জন্য প্রস্তুতি নেওয়ার সময়, আমরা কীভাবে আমাদের যুবসমাজকে অর্থপূর্নভাবে নিযুক্ত করতে সাহায্য করতে পারি তা বিবেচনা করা উচিত। আমাদের যুবসমাজকে তাদের সমস্ত জীবন ঈশ্বরের উপাসনা হিসাবে দেখতে সহায়তা করাও দরকার। উপাসনা মন্ডলীর পরিষেবা চলাকালীন সমবেত সংগীতের সময় ছাড়িয়ে যায়। আমাদের জীবন ঈশ্বরের উপাসনার একটি কাজ হিসাবে জীবনধারন করা দরকার।

## এটি অভ্যাস করা

- যুবক-যুবতীদের উপাসনা সংক্রান্ত পদ্ধতিতে যুক্ত করুন।
- তাদেরকে শেখান এবং চ্যালেঞ্জ জানান প্রচার, শিক্ষা, দান দেওয়া এবং গানের মাধ্যমে উপাসনা কিভাবে করতে হয়।
- মন্ডলীর পরিসেবার পূর্বে একসাথে উপাসনার প্রস্তুতের জন্য সময় নিন।

- নিয়মিতভাবে আপনার যুবক- যুবতীদের তাদের সমস্ত জীবনকে ঈশ্বরের  উপাসনা করার কাজ হিসাবে দেখার জন্য চ্যালেঞ্জ করুন।

## উপবাস

ঈশ্বরের নিকটবর্তী হতে এবং তার অনুগ্রহে বেড়ে ওঠার জন্য উপবাসের সাথে নিজেকে অস্বীকার করা জড়িত। উপবাস হচ্ছে খাওয়ার থেকে বেশি ঈশ্বরের উপর নির্ভরশীল হতে শেখা এবং সব কিছুর উর্দ্ধে ঈশ্বরের  সাথে আমাদের সম্পর্কের দিকে দৃষ্টি নিবদ্ধ রাখে।

উপবাস প্রার্থনা মন্ডলীর একসাথে হতে পারে বা আমাদের যুবসমাজের সাথে পশ্চাদপসরনের সময় করা যেতে পারে এটিকে কখনই বাধ্য করা উচিত নয়, এবং আমাদের  যুবক- যুবতীদের শারিরীক প্রয়োজকে সম্মান করতে হবে। এটি কখনই এমনভাবে করা উচিত নয় যা আমাদের যুবসমাজের বা ঈশ্বরের ইচ্ছার বিরুদ্ধে হয়। এইগুলি যথাযথভাবে করা হলে, এই সময়গুলি আমাদের যুবক-যুবতীদের জীবনকে স্পর্শ করার জন্য ঈশ্বরের পক্ষে অনন্য সুযোগ উন্মুক্ত হতে পারে।

উপবাস খাবারের বাইরে যেতে পারে।একটি শোরগোল ও মহা বিশ্বের জগতের মাঝে , আপনার যুবসমাজকে প্রযুক্তি এবং সামাজিক যোগাযোগের মাধ্যমে অতিরিক্ত ব্যবহার থেকে বিরত থাকার জন্য সময় নির্ধারন করতে উৎসাহিত করুন। এই বিষয়গুলি প্রায়শই ঈশ্বরের সাথে আলাপচারিতা থেকে আমাদের পৃথক করে। অনেক যুবক-যুবতী তাদের বন্ধুদের সাথে যোগাযোগের জন্য দিনে কয়েক ঘন্টা ব্যবহার করে কিন্তু প্রভুর সাথে তাদের যোগাযোগ এবং সম্পর্ককে অবহেলা করে।

## এটি অভ্যাস করা

- জীবিত ও পবিত্র বলিরুপে একসাথে নিজেকে উপস্থাপন করার জন্য একটি  দলকে  দ্রুত সংগঠিত করুন।
- যুবক- যুবতীদের উপবাস অনুশাসনের সঠিক অর্থ শেখান।
- ঈশ্বরের উপাসনা ও প্রার্থনা করার জন্য আপনার সময়কে উৎসর্গ করার জন্য এমন কিছু ক্রিয়াকলাপ চয়ন করুন যেখানে আপনি সামাজিক মিডিয়াগুলি থেকে দলটি যাতে বিরত থাকে তার ব্যবস্থা করুন।

## নীরবতা

নীরবতা  হল অন্যের সাথে কথোপকথন থেকে বিরত থাকা এবং স্থির থাকা যাতে আমরা ঈশ্বরের কথা শুনতে পারি এবং আমাদের জীবনের জন্য তার ইচ্ছা খুঁজে পেতে পারি। আমরা পূর্ববর্তী বিভাগে যেমনটি উল্লেখ করেছি, আমরা একটি গলযোগপূর্ন বিশ্বে বাস করি। নীরবতার অনুশাসন আমাদের এমন একটি জায়গা সন্ধানের জন্য আওহান জানায় যেখানে আপনি এই রকম কোনও গোলযোগ ছাড়াই নির্জনতা এবং নীরবতা অনুভব করতে পারেন এবং ঈশ্বরের সাথে থাকার এবং অন্বষনে সম্পূর্ন দৃষ্টিপাত করতে পারেন।

আসুন সত্য কথা বলি, এই অনুশাসনগুলি আমাদের যুবক-যুবতীদের জন্য অদ্‌ভুত,অস্বস্তিকর এবং এমনকি ভীতিজনক হতে পারে। যাইহোক, যখন আমরা একাকী ঈশ্বরের উপস্থিতিতে শাস্ত্রের উপর ধ্যান করি, এটি কেবল আমাদের সাথে কথা বলতে শুরু করে তা নয় তবে আমাদের জীবনের প্রত্যেকটি মুহূর্তকে একটি দুর্দান্ত উপায়ে পিতার কাছে নিয়ে যায় এবং আমাদের মধ্যে তার জন্য এক বাসস্থান তৈরী করে।

আমি কয়েক বছর আগে প্রথম নীরব পশ্চাদপসরনের অংশ নিয়েছিলাম। শুরুতে এটি আমার পক্ষে সবচেয়ে ক্লান্তিকর ও বিরক্তিকর জিনিস ছিল, কারন আমি একজন উদ্যমী ও জ্বলন্ত ব্যক্তি,যে কথা বলে উদ্বিগ্ন হয়। নিজেকে শয়নকক্ষে তালাবন্ধ করা, প্রথমে খুব হতাশাগ্রস্থ হয়েছিলাম, তবে ত্রিশ মিনিটের পরে আমি এমন কিছু অসাধারন অভিজ্ঞতা অর্জন করতে শুরু করি যা আমার জীবনকে বদলে দিয়েছিল এবং এখন আমি নিয়মিত নীরবতার অনুষ্ঠানটি অনুশীলন করি।

## এটি অভ্যাস করা

- একটি আধ্যাত্মিক পশ্চাদপসরন সংগঠিত করুন সেখানে আপনি আপনার যুবসমাজের সাথে অনুশীলনের জন্য বেশ কয়েকটি আধ্যাত্মিক অনুশাসনকে একত্রিত করতে পারেন।
- যুবক-যুবতীদের ঈশ্বরের উপস্থিতিতে নীরবতা উপভোগ করার সুযোগ দিন।
- আধ্যাত্মিক পুনর্নবীকরনের জন্য ব্যক্তিগত পশ্চাদপসরন করতে তাদের উৎসাহিত করুন।
- আধ্যাত্মিক পশ্চাদপসরণ করতে এবং ঈশ্বরের সন্ধানের জন্য বছরে কমপক্ষে একবার আপনার নেতৃত্বর দলকে ঐক্যবোধ করুন ।

## সাধারনতা

রিচার্ড ফস্টার তার বইতে অনুশাসনের উদযাপন-এ বলেছেন, “সাধারনতা ঈশ্বরের ব্যবস্থা গ্রহনের জন্য স্বাধীন করছে যা তাঁর উপহারগুলি আমাদের জন্য রাখার নয় এবং যা অন্যদের সঙ্গে অবাধে ভাগ করে নেওয়ার জন্য”। [৫] আমাদের যুবসমাজকে সাহায্য করে বুঝাতে হবে কার্যাধিক্ষের অনুশাসনগুলি যা ঈশ্বর দিয়েছেন সনসম্পদ বা বৈধতা ছাড়াই কেবলমাত্র ঈশ্বরের রাজ্যের অনুসন্ধান এবং ন্যায়বিচার, এবং যা কিছু দিয়েছেন তার জন্য ঈশ্বরের উপর নির্ভর করা শেখার জন্য।

সাধারনভাবে বাঁচার অর্থ যখন আমাদের সামান্য থাকে বা যখন আমাদের প্রয়োজনের চেয়ে বেশি থাকে তখন সন্তুষ্ট থাকা। সাধারনতা আমাদের আহ্বান করে আমাদের জীবনকে সুযোগ সন্ধানি হওয়ার যেখানে আমাদের সম্পত্তি, আমাদের সময়, আমাদের দক্ষতা অন্যদের সঙ্গে ভাগ করে নেওয়া যায়। আমরা কেবল এইভাবে তখনই জীবনধারন করতে সক্ষম হব যখন আমারা স্বীকার করব যে আমরা যা কিছু পেয়েছি তা ঈশ্বরের কাছ থেকে এসেছে এবং আমরা ঈশ্বরের দ্বারা টিকে আছি এবং আমাদের নিজেদের প্রচেষ্টা নয়।

যুবক-যুবতীদের পক্ষে তাদের সম্পত্তিতে তাদের পরিচয় পাওয়া এবং প্রযুক্তি ফ্যাশন ব অন্যান্য উপাদানগুলির উপর নির্ভর করে তারা কে তা প্রকাশ করার পক্ষে এটি সহজ হয়। এই অনুশাসন আমাদের একাই খ্রীষ্টের মধ্যে আমদের পরিচয়ের পূর্নতা খুঁজে পেতে আহ্বান জানায়।

## এটিকে অভ্যাস করা

- সাধারনতাকে মনোনিবেশ করে যুবসমাজের সমাবেশগুলি সংগঠিত করুন।
- যুবসমাজের যা আছে তা অন্যদের সাথে ভাগ করে নেওয়ার সুযোগগুলি করে দিন।
- যুব নেতা হসাবে নম্রতা এবং সাধারনত্বে  প্রতিমূর্ত্তি হন।

## সেবা

আমরা যখন ঈশ্বরে কাছে আমাদের জীবন সমর্পন করি, তখন আমরা আত্মকেন্দ্রিক থেকে অন্যের প্রতি চিন্তাভাবনার দিকে যেতে শুরু করি। ঈশ্বরকে প্রেম করার অর্থ হল আমাদের প্রতিবেশীদের প্রতি অবশ্যই সেই প্রেম প্রদর্শন করা উচিত, এবং কেবলমাত্র তখনই আমরা আমাদের মন্ডলীতে

জনসমাজে, বিদ্যালয়ে, বিশ্ববিদ্যালয়ে এবং বাড়িতে পার্থক্য দেখাতে পারি। ঈশ্বর আমাদেরকে বরদান দিয়েছেন যাতে আমরা অন্যের সেবা করতে পারি এবং তাঁর অনুগ্রহের কথা বলতে পারি।

যখন আমরা অভাবী লোকেদের সেবা করি , তখন আমরা সেই উদ্দেশ্যটি পূরন করি যেটার জন্য ঈশ্বর ফিনিয়াস এফ ব্রেসিকে নাজারেন মন্ডলী প্রতিষ্ঠা করার অনুমতি দিয়েছিলেন; দরিদ্র ও অভাবী লোকেদের সেবা করার জন্য। সংস্থার প্রথম মন্ডলীগুলি এই উদ্দেশ্যে একটি জীবন্ত সাক্ষ ছিল।

তেমনিভাবে জন ওয়েসলির কাছেও পবিত্রতা সামাজিক ছিল। অর্থাৎ আমরা ব্যক্তিগতভাবে বা কেবল মন্ডলীর অভ্যন্তরে পবিত্রতায় বাঁচতে পারি না। আমাদের অবশ্যই বাইরে গিয়ে অন্যের সেবার মাধ্যমে তা প্রকাশ করতে হবে।

আমরা আমাদের যুবসমাজকে শিষ্য করা হিসাবে, আমাদের তাদের প্রতিদিনের জন্য সেই সুযোগের সন্ধানের জন্য চ্যালেঞ্জ করতে হবে যেহেতু এটি সংস্থার সেবা দিবসের জন্য সংরক্ষিত অনুশীলনের নয়। সেগুলি গুরুত্বপূর্ন তবে সেবা হল জীবনধারা যেখানে আমরা বিনিময়ে কিছু প্রত্যাশা না করে দিতে শিখি, আমাদের হৃদয়ের আনন্দের সাথে সেবা করি।

## এটি অভ্যাস করা

- বাড়িতে নিজের বাবা-মা এবং ভাইবোনদের সাহায্য করতে আপনার যুবসমাজকে অনুপ্রানিত করুন।
- বৃদ্ধ,অনাথ এবং হাসাপাতালে যারা আছে তাদের কাছে যাওয়ার জন্য প্রার্থনা এবং করুনার কাজ করার জন্য তাদের পরিচালিত করুন।
- স্থানীয় মন্ডলীতে বিভিন্ন পরিচর্য্যাতে সেবার জন্য তাদেরকে যুক্ত করুন।

## পত্রিকা

একটি পত্রিকাতে লেখা নতুন কিছু নয়, এবং আপনার কিছু যুবক-যুবতী ইতিমধ্যে এই অনুশীলন করে থাকতে পারে। জন ওয়েসলি একটি পত্রিকা রেখেছিলেন এবং তাঁর শিষ্যদেরও ঈশ্বরের সাথে তাদের

মুখোমুখি হওয়ার রেকর্ড রাখতে সেইরকম করার জন্য উৎসাহিত করেছিলেন। খ্রীষ্টে আপনার বৃদ্ধি দেখতে আপনাকে সহায়তা করার জন্য পত্রিকা একটি শক্তিশালী উপায়। এটি এমন কিছু যা সহজ কিন্তু দুর্দান্ত তাৎপর্য বহন করে কারন এর মাধ্যমে আপনি প্রভুর সাথে সাক্ষাত করতে পারেন। আপনি আপনার স্মার্ট ফোনে নোট নেওয়ার মাধ্যমে প্রতিদিন সময় ব্যয় করে ঈশ্বরের আশীর্বাদগুলি এবং আপনার প্রতিদিনের গল্প লিপিবদ্ধ করতে পারেন।

পত্রিকালিখন যার দলের মধ্যে উচ্চ স্বরে কথা বলতে অপছন্দ বোধ করে তাদের জন্য উদ্দেশ্যপূর্ন প্রতিবিম্ব এবং প্রতিক্রিয়ার সুযোগ এনে দিতে পারে। বাইবেল পাঠের সময় বা যুবসমাবেশের সময় পত্রিকা লেখনের সময়গুলি যুক্ত করার চেষ্টা করুন যাতে আপনার যুবক-যুবতীরা কী শিখছে এবং ঈশ্বর তাদের কী বলছেন তার রেকর্ড রাখতে পারে।

## এটি অভ্যাস করা

- আপনার যুবসমাজকে একটি ব্যক্তিগত পত্রিকা রাখতে চ্যালেঞ্জ জানান যেখানে তারা তাদের প্রতিদিনের অভিজ্ঞতার  বিবরন লিখতে পারে।
- যুবক- যুবতীদের তাদের অভিজ্ঞতা লেখার জন্য পরিচালনা এবং সহায়তা করার জন্য পদ্গুলি এবং চিন্তাভাবনা প্রতিচ্ছবিগুলির  সাথে একটি পরিচালনা বিকাশ করুন।

## আপনার যুবসমাজের সাথে যাত্রা

অনেক লেখক একমত হন যে আধ্যাত্মিক অনুশাসনের সাথে শিষ্যত্ব হচ্ছে আধ্যাত্মিক গঠনের একটি যাত্রা । যাইহোক, এই দুর্দান্ত সাহসিক কাজটি করার সময় , আমাদের যাত্রার জন্য সঙ্গী থাকা দরকার; সঙ্গীরা যারা আমদের সহায়তা করবে এবং আমরাও তাদের সাহায্য করতে পারি। এই অনুশাসনগুলি গ্রহন করার জন্য আমাদের যুবসমাজ কে চ্যালেঞ্জ করতে পারি না, আমদের নিজের জীবনেও এগুলির মাধ্যমে জীবনধারন অবশ্যই করা উচিত।

তারা নিজেরাই , এই অনুশাসনগুলি যাত্রার সর্বাধিক গুরুত্বপূর্ন উপাদান নয়, তারা কেবলমাত্র এমন এক মাধ্যম যার দ্বারা ঈশ্বরের অনুগ্রহ প্রবাহিত হয়। এই যাত্রার মধ্যে সবচেয়ে গুরুরত্বপূর্ন উপাদান হলেন স্বয়ং ঈশ্বর। ঈশ্বরের কারনেই আমরা এই অনুশাসনগুলিকে গ্রহন করি, তাদেরকে প্রতিমূর্ত্তিত করি এবং তাদের নতুন প্রজন্ম তরুনদের শিখিয়ে থাকি ।যদি আপনি এই যাত্রাটি বেছে নেওয়ার সিদ্ধান্ত নেন, তবে আপনি এবং আপনার যুবসমাজ স্বাধীণ, বিশ্বস্ত এবং ঈশ্বরের ইচ্ছুক সন্তান হিসাবে শেষ হবে যারা প্রতিটি ভাল কাজের জন্য প্রস্তুত।

## অধ্যায় – ৪

## দলগুলিতে শিষ্যত্বঃ জনসমাজ গঠনের সুবিধাগুলি আবিষ্কার করা।

## নাবিল হাবিবি

নাবিল হাবিবি বৈরুত শহরে কর্মরত এক যুবনেতা। যুব সেবাকার্য্য তাঁর জন্য আকর্ষনীয় কারন তিনি ঈশ্বরের সাথে যুক্ত হয়ে আবিষ্কার করা দীর্ঘ যাত্রার শুরুতে যুবসমাজকে দেখতে পাচ্ছেন। নাবিল বিশ্বাস করেন শিষ্যত্ব গুরুত্বপূর্ন কারন এটি ছাড়া আমাদের সমস্ত অনুষ্ঠান ,আলোচনা, গেমস এবং ক্যাম্পগুলি প্রায় অকেজো।

"পরে তিনি পর্বতে উঠিয়া, আপনি যাহাদিগকে ইচ্ছা করিলেন,নিকটে ডাকিলেন; তাহাতে তাহাঁরা তাহার কাছে আসিলেন। আর তিনি বারো জনকে নিযুক্ত করিলেন,যেন তাহাঁরা তাঁহার সঙ্গে থাকেন ও যেন তিনি তাঁহাদিগকে প্রচার করিবার জন্য প্রেরন করেন"।(মার্ক ৩:১৩-১৪)

আমদের শর্তাবলী সংজ্ঞায়িত এবং দিকনির্নয়

## "শিষ্যত্ব দল" বলতে আমরা কি বুঝি?

এই অধ্যায়ে আমরা দলগতভাবে যুবক-যুবতীদের মধ্যে শিষ্যত্ব কিভাবে করব তা নিয়ে আলোচনা করব। আমরা এটি করার আগে , "শিষ্যত্ব দল" শব্দটি সংজ্ঞা দেওয়া গুরুত্বপূর্ন। প্রথমত,যখনই আমরা "শিষ্যত্ব দল" শব্দটি ব্যবহার করি আমরা একটি নির্দিষ্ট সংখ্যক লোকের কথা বলি।এই সংখ্যাটি যেমন আমরা দেখব ছোট বা বড় হতে পারে তবে এটি একটি স্থিতিশীল সংখ্যা। দ্বিতীয়ত, শিষ্যত্ব দল নিয়মিত মিলিত হয় এমন সংখ্যক লোক। আবার, তারা প্রতি তিনদিন বা প্রতি তিন মাসে একবার মিলিত হতে পারে, তবে তাদের সভাগুলি নিয়মিত হওয়া দরকার। অবশেষে, এই অধ্যায়ের শিষ্যত্ব দল হল নিয়মিত এবং এই জায়গা বা ভৌগলিক অঞ্চলে মিলিত হওয়া মানুষজন। এটি একই স্থান হতে হবে তা নয়। তারা একবার মন্ডলীতে মিলিত হতে পারে, অন্য সময় স্থানিয় কফির ক্যাফেতে এবং তৃতীয়বার কারও বাড়িতে । তবে তারা একই এলাকায় রয়েছে। সুতরাং , যখনই আমরা এই অধ্যায়ে শিষ্যত্বের দলের বিষয়ে কথা বলব, আমরা একই স্থানে নিয়মিত মিলিত হওয়া কিছু সংখ্যক লোকের কথা বলব।

## কেন দল গঠন ?

কেন ছোট বা বড় দলগুলি গুরুত্বপূর্ন? প্রথমত,যীশু নিজেই বারোজন শিষ্যের একটি দল গঠন করেছিলেন। তিনি সম্ভবত প্রত্যেকজন সদস্যের সাথে ঘনিষ্ঠতার বিভিন্ন স্তরে অভিজ্ঞতা অর্জন করেছিলেন, তবে সমস্ত দলের সবাই ছিল বারো জন।দ্বিতীয়ত,আমাদের মানবিক প্রকৃতি সহযোগীতা চায়; অন্যের সাথে আলাপচারিতা থাকার ভগীর ধারনা। তৃতীয়ত, শেখা- শিষ্যত্বের একটি গুরুত্বপূর্ন দিক-দলগুলিতে উদ্ভাবনী উপায়ে ঘটে। অবশেষে, আমাদের খ্রীষ্টান বিশ্বাস হচ্ছে একজন ত্রিত্ব ঈশ্বরের সঙ্গে প্রেমময় সম্পর্ক – এমন একজন ঈশ্বর যিনি তিনজন ব্যক্তির প্রেমময় সম্পর্ক এবং একে অপরের সাথে । শিষ্যত্ব দলগুলিতে তার খ্রীষ্টান বিশ্বাসকে ব্যবহারিক এবং সৃজনশীল উপায়ে শিখতে এবং বেঁচে থাকার সুযোগ দেয়।

## আমরা এখন কোথায় যাব?

পরিবারের সাথে অংশীদার হওয়ার চতুর্থ মূল উপাদান হল তাদের চ্যালেঞ্জ জানানো। কয়েকমাস আগে, আমি আমার যুব-সমাজকে গীত-সংহীতা পড়ার জন্য চ্যালেঞ্জ জানাই। আমরা বাইবেলের গুরুত্ব সম্পর্কে কথা বলেছিলাম এবং তাদের বাইবেলের অ্যাপটি দিয়েছিলাম যেখানে তাদের ফোনটি ব্যবহার করতে পারবে এবং যা দিয়ে প্রত্যেকদিন গীত-সংহিতাটি পড়তে পারবে। আমি এই চ্যালেঞ্জটিকে বাবা – মায়ের ই-মেলে অন্তর্ভুক্ত করেছিলাম,এবং উৎসাহিত করেছিলাম তাদের সন্তানদের সঙ্গে চ্যালেঞ্জটি গ্রহন করতে। কয়েকদিনের মধ্যেই , আমি দেখলাম যে বাবা-মায়ের তাদের কিশোর –কিশোরীদের সাথে বিদ্যালয়ে যাওয়ার পথে বাইবেল পড়তে আগ্রহী হয়ে উঠেছিলেন এবং এমনকি সামাজিক যোগাযোগের মাধ্যমে তাদের পরিবারের সাথে কথা বলার মতো মূল পদগুলি পোষ্ট করেছিলেন। আবার, এমনটি নয় যে পিতামাতারা তাদের সন্তানদের শিষ্য করতে চান না, তবে কখনও কখনও তা শুরু করার জন্য কোন ব্যক্তির প্রয়োজন হল। “চ্যালেঞ্জ” পরিবার হিসাবে তারা একটি সাপ্তাহিক কাজ দিতে পারে,আপনি শেখাচ্ছেন এমন কিছুর প্রতিক্রিয়া বাচ্চাদের জিজ্ঞাস করার জন্য বা একটি ৩০ দিনের শাস্ত্রীয় পাঠের পরিকল্পনায় অংশ নিতে তাদের জিজ্ঞাসা করার জন্য প্রশ্নগুলির একটি তালিকা সরবরাহ করা। আমাদের পরিবারগুলিকে চ্যালঞ্জ জানানো কেবলমাত্র তাদের শিষ্যত্ব পক্রিয়ায় জবাবদিহি করা  তা নয়,তবে এটি ব্যবহারিক উপায়ে শিষ্যত্ব প্রক্রিয়া শুরুর করার জন্য।

পরিবারের সাথে অংশীদারী হওয়ার পঞ্চম মূল উপাদান হল তাদের উৎসাহিত করা। আমরা যারা বাবা-মা, আমরা জানি যে পিতা মাতাকে প্রায়শই যুদ্ধে পরাস্ত-এর মতো অনুভুতি হয়। এমন কিছু দিন রয়েছে যেখানে আপনি আপনার সন্তানের দিকে তাকান এবং ভাবেন যে আপনি যা করছেন তাতে কিছু পার্থক্য হচ্ছে কিনা। পিতামাতারা খুঁজছেন উৎসাহ, এবং আমাদের উৎসাহক হওয়ার এই অবিশাস্য সুযোগটি রয়েছে। পিতা মাতাকে উৎসাহ দেওয়া হতে পারে মনোনয়নের সাধারন কথা বলার

মতোই যখন আপনি পর্যালোচনা করেন আপনার যুবসেবাতে তাদের কিশোর-কিশোরীদের অবদান। এটি হতে পারে পরিবারগুলির সঙ্গে উন্নতির ফলক উৎযাপন করা যেমন উন্মদিনের উৎসব ,লাইসেন্স পাওয়া, কলেজে ভর্তি হওয়া, বাপ্তাইজ গ্রহন করা, এবং উল্লেখযোগ্য আধ্যাত্মিক সিদ্ধান্ত নেওয়া। পিতামাতাদের উৎসাহ দেওয়া সহজ হতে পারে তাদেরকে দুপুরের খাবারের আমন্ত্রন করার মাধ্যমে তাদের সন্তানদের বিষয়ে আপনার পছন্দসই অসাধারন জিনিসগুলি সম্পর্কে বলা, বা তাদের উৎসাহ দেওয়ার জন্য তাদের একটি ছোট্ট উপহার দেওয়া।

উৎসাহ দেওয়ার আরেকটি উপায় কৌশলগতভাবে একই জায়গায় পরিবারগুলিকে একত্রিত করা। বেশিরভাগ পিতা-মাতা সেই নিশ্চিতের সন্ধান করেছেন যে চ্যালেঞ্জগুলির মোকাবিলা করেছেন তাদের মধ্যে তারা একা নন । যদি আমরা এমন জায়গাগুলি তৈরী করতে পারি যেখানে অভিভাবকরা তাদের সম্মুখীন হওয়া চ্যালেঞ্জগুলি নিয়ে একে অপরের সাথে কথোপকথন শুরু করতে পারবে, তাদের বলা গল্পগুলি উৎসাহবোধ তৈরি করবে। এটি খুবি সাধারনভাবে দুটি পরিবারকে রাতের খাবারের জন্য নিমন্ত্রন জানানো হতে পারে,একটি মুক্ত পরিবেশ বা পরিবারগুলিকে একে অপরের সাথে পরিচয় করিয়ে দেওয়ার মতোই সহজ হতে পারে।

পরিশেষে, পরিবারের সাথে অংশীদার হওয়ার ষষ্ঠ উপাদানটি হল পিতামাতাকে শিষ্য করা। মন্ডলীগুলি প্রায়শই যুবসমাজ এবং শিশুদের পরিচর্যাতে কাজ করে কিন্তু পিতামাতার উপর মনোনিবেশ এবং বিকাশ করার জন্য সংগ্রাম করে,যাদেরকে আমরা জানি পরবর্তী প্রজন্মের কাছে বিশ্বাস বজায় রাখতে সবচেয়ে বড় অবদানকারী।আমাদের অঞ্চলের মন্ডলীর পালক পুরুষদের একটি দলে সাপ্তাহিক বিনিয়োগ করেন কারন তিনি বিশ্বাস করেন যে তিনি যদি আধ্যাত্মিকভাবে তাদের বিকাশ করতে পারেন, তবে তাঁর প্রভাব পুরো পরিবারে পড়বে।

## অকার্য্যকর পরিবারে সাথে আচরন

সর্বপ্রথম ব্র্যান্ডনের সাথে মন্ডলীর পার্কিং লটে আমার দেখা হয়েছিল, যেখানে সে এবং তাঁর বন্ধুরা স্কেটবোর্ডিং করেছিল(যা আমার বাড়ির সংলগ্ন ছিল)। ব্র্যান্ডনের লম্বা চুল ছিল, কালো মাসকারা,কালো নখপালিশ ছিল এবং পুরোপুরি কালো রঙের পোশাক ছিল। আমি এবং আমার স্বামী ব্র্যান্ডন এবং তাঁর বন্ধুদের সাথে নিজেদের পরিচয় করিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছিলাম এবং পরে একটি রাতের যুব-অনুষ্ঠানে আমরা তাদের আমন্ত্রন জানিয়েছিলাম যা আমরা সংগঠিত করেছিলাম। আশ্চর্যজনকভাবে, তারা এসেছিল, সেই রাত্রিটি আমাদের কিশোর-কিশোরী এবং প্রাপ্তবয়স্কদের উভয়কে কীভাবে

আমাদের মন্ডলী প্রাচীরের বাইরের মানুষকে আলিঙ্গন করা যায় তা শেখানোর এই অবিশ্বাস্য যাত্রা শুরু হয়েছিল। এছাড়াও এটি চ্যালেঞ্জ দিয়েছিল যে কীউপায়ে কিশোর-কিশোরীদের পাশাপাশি আসা যায় যাদের পরিবারগুলি কর্মহীন।

এই ব্র্যান্ডকে আবিষ্কার করতে খুব বেশি সময় লাগেনি এবং যে ১০-১৫ জন বন্ধুকে আনতে পেরেছিল,সবাই খুব ভেঙে পড়া বাড়ির পরিস্থিতি থেকে এসেছিল। বিশেষ করে ব্র্যান্ডন তার মায়ের সাথে একটি ছোট্ট কক্ষের আপার্টমেন্ট থাকত, যে শেষ সাক্ষাৎ- এর চেষ্টা করার জন্য সবকিছু করেছিল কিন্তু সেই পথে কিছু দুর্বল সিদ্ধান্ত নিয়েছিল। কয়েকমাসের মধ্যেই, ব্র্যান্ডন তার মায়ের সাথে আমাদের পরিচয় করিয়ে দিয়েছিল, তবে পরিচয়ের বাইরে তার সাথে আমাদের পুরোপুরি যোগাযোগ হয় নি । যখন তার সাথে দেখা হয়েছিল, তিনি স্মরন করিয়ে দিয়েছিলেন যে তার পুত্র আমাদের জীবনে থাকতে পেরে তিনি কৃতজ্ঞ, কিন্তু এটি ছিল সেই সম্পর্কের।

আমাদের চ্যালেঞ্জটি কেবল আমাদের যুবগোষ্ঠির মধ্যে নয়,পরিবারগুলির মধ্যেও একটি স্বাস্থ্যকর সংস্কৃতি তৈরী করা। কখনও কখনও যখন আমরা আমাদের কিশোর- কিশোরীদের পরিবারগুলির দিকে তাকাই , তখন এটি অনুভব করতে পারি যে আমরা যুদ্ধে হেরে যাচ্ছি। যখন আমরা জানি যে সর্বাধিক প্রভাব বিস্তারের জন্য পিতামাতারা তালিকার শীর্ষে রয়েছেন, এবং তারপরে আমরা এমন একজন পিতামাতাকে দেখি যিনি বিশ্বাসের প্রতি অনাগ্রহী, এটি নিরুৎসাহিত হতে পারে। আমাদের মধ্যে অনেকের জন্য , আমরা যদি আমাদের যুব – পরিচর্য্যাতে একটি ক্রস বিভাগ করি, তবে সম্ভবত খুঁজে পাবে যে আরও বেশি কিশোর – কিশোরী অপ্রচলীত বাড়ি থেকে আসবে। অনেকে দাদু-ঠাকুরমা,কাকা- কাকী বা একক পিতা বা মা তার সঙ্গে বাস করে। বাড়ির মধ্যে, বেশি নির্যাতিত হয়, মানসীক স্বাস্থের সমস্যাগুলি, এবং কেবল সামগ্রীক গন্ডগোল দেখি। আমাদের কিশোর-কিশোরীদের জন্য বাড়িগুলি সত্যিই কঠিন জায়গা হতে পারে। আমরা কী করতে পারি?

আসলে আমরা করতে পারি এমন বেশ কয়েকটি জিনিষ রয়েছে। প্রথমটি কেবল তাদের গল্পে প্রবেশের মাধ্যমে শুরু করা হয়। কখনও আমরা ভাবি যে কোনও ব্যক্তিকে মন্ডলীতে আমন্ত্রন করার মাধ্যমে  তারা কেবল স্বয়ংক্রিয়ভাবে হ্যাঁ বলবে এবং তাদের জীবন পরিবর্তিত হবে। ব্র্যান্ডন এবং তার মায়ের জন্য মন্ডলীতে কখনই অগ্রাধিকার ছিল না এবং বিশ্বাসের বিষয়েও কখনও কথা হয় নি, তাই মন্ডলীতে আসার কোন ইচ্ছা ছিল না। যদিও ব্রান্ডন যুবগোষ্ঠীতে যোগ দিত, সে রবিবার সকালে আসত না, এবং তার মা মন্ডলীতে মোটেই পা রাখতেন না -  তাই আমরা তাদের গল্পে প্রবেশ করার জন্য যথাসাধ্য চেষ্টা করেছিলাম। আমরা ব্রান্ডনকে যুব-গোষ্ঠীর জন্য তুলে ধরতাম,তাকে বাদ দিয়ে দিতাম এবং প্রায়শই তার বিশ্বাস ,সন্দেহ এবং দৈনন্দিন জীবন সম্পর্কে কথোপকথন করতাম। আমি বিশ্বাস,

করি যে মন্ডলীর ভ্যানে আমাদের মধ্যে সবচেয়ে সৎ কথোপকথন হত যা আমি বিশ্বাস করি যে তার বিশ্বাস আরও গভীরতর হয়েছিল।

**কিশোর-কিশোরীদের কথা বলতে গেলে,আমাদের মন্ডলীগুলিতে এক অবিশাষ্য বিষয় রয়েছে কিশোর-কিশোরীরা যারা কঠিন বাড়ির পরিবেশ থেকে আসছে তারা একটি দত্তক পরিবার হওয়ার সুযোগ রয়েছে, এটি একটি গভীরতর পার্থক্য করত পারে।**

যেভাবে সে তার মায়ের গল্পগুলি বলেছিল,যাকে সে খুব ভালবাসত, আমরা একসাথে শুনতাম এবং প্রার্থনা করতাম। যখন আমরা জানতে পারলাম যে তিনি কোথায় কাজ করেছেন, যা আমাদের প্রিয় কফির দোকানটি ছিল, তখন আমরা তাকে ওখানে নামিয়ে দিতাম এবং কেবল তার ছেলের সঙ্গে সময় কাটাতে আমাদের কতখানি ভাললাগে তা বলতাম। এমন সময় ছিল যখন আমরা উপহার কার্ডগুলি তাদের সংগ্রামের সময় দিয়ে আসতাম, সাধারন স্থান পাওয়ার জন্য স্কেটবোর্ডগুলি কিনেদিতাম, এবং গভীর রাত অবধি তার সঙ্গে থাকতাম তাকে শিক্ষিত করার জন্য  আমরা তার সাথে রয়েছি।

আমরা কেবল এইজিনিষগুলি করতাম না। ব্র্যান্ডন এটি না জেনেও স্বাগত করার সংস্কৃতি সৃষ্টি করেছিল যা আমাদের পুরো যুবপরিসেবার মনোযোগটিকে এক দুর্দান্ত উপায়ে স্থানান্তরিত করেছিল। আমরা তার গল্পটি মন্ডলীর বোর্ডে, আমাদের পরিচর্য্যাকারী নেতাদের এবং আমাদের পালকদেরকে বলেছিলাম, তারাও তাকে জানার জন্য প্রার্থনা এবং তাদের জীবন বিনিয়োগ করতে শুরু করেছিলেন।এবং দেখাতে চেয়েছিলেন যে তারাও তার সঙ্গে হতে পারে। এই প্রাপ্তবয়স্করা ব্র্যান্ডনের জীবনে পরামর্শদাতা হয়ে উঠেছিল এবং তার জন্য প্রায় যত্ননেওয়াকারী পরিবার ব্যবস্থা তৈরী করেছিল।

কিশোর-কিশোরীদের কথা বলতে গেলে , আমাদের মন্ডলীগুলিতে দত্তক পরিবার হওয়ার এক অবিশাস্য সুযোগ রয়েছে এবং কিশোর-কিশোরীদের জন্য যারা কঠিন বাড়ির পরিবেশ থেকে আসছে , এটি একটি গভীরতর পার্থক্য করতে পারে।আমরা বড় জিনিসগুলি প্রদর্শন করে এটি করি। আমার মনে পড়ছে একজন কিশোরী আমার স্বামীকে জিজ্ঞাসা করেছিল এবং আমি তার ল্যাক্রোস মরসুমে তার সিনিয়র রাতের জন্য তার সাথে হাঁটতে বলি কারন তাকে অনুভব করাতে চেয়েছিলাম যেন আমরা  তার পরিবার। উপস্থিত হওয়া সহজও হতে পারে। আমরা বড়ভাবে নিজেদেরকে দেখাতে পারি স্নাতকোত্তরগুলিতে অংশ নিয়ে, প্রথম দিনের কর্মস্থলগুলিতে গিয়ে এবং খেলাধুলাতে অংশগ্রহন করে এবং আমাদের কিশোর-কিশোরীরা যেখানে কঠোর পরিশ্রম করে এমন জায়গাতে অংশগ্রহন করে। বড় বড় বিষয়গুলি দেখানোতে অন্তর্ভুক্ত হয় অন্ত্যোষ্টিক্রিয়া, আদালতে উপস্থিত হওয়া

তারিখগুলি, এবং যখন আমাদের কিশোর-কিশোরী হতাশার খবর পায় সেখানে তাদের সঙ্গে উপস্থিত হওয়ার মাধ্যম।

জবাবদিহিতা এবং প্রার্থনা প্রদানের মাধ্যমে আমরা আমদের কিশোর-কিশোরীদের একটি দত্তক পরিবার হতে পারি। আমরা কঠিন প্রশ্ন জিজ্ঞাসা করতে পারি। অনেক বেশি শুনতে পারি, তারা যা বিশ্বাস করে তা চিন্তা করার জন্য চ্যালেঞ্জ জানাতে পারি এবং এই জিনিষগুলি ঘটার জন্য স্থান প্রস্তুত করতে পারি। আমরা মন্ডলীগুলিতে প্রতিশ্রুতিবদ্ধ লোকেদের খুঁজে পেতে পারি যারা কেবল আমাদের কিশোর-কিশোরীদের জন্যই নয়, তাদের পরিবারের জন্যও প্রার্থনা করতে আগ্রহী, তাদের নাম অনুসারে, সুনির্দিষ্ট প্রয়োজনের জন্য এবং চ্যালেঞ্জগুলির জন্য যার সাথে তারা মোকাবিলা করছে।

যখন কোনও মন্ডলী আমাদের কিশোর-কিশোরীদের জন্য একটি দত্তক পরিবার হিসাবে পরিচালনা করার প্রতিশ্রুতি দেয়, তখন এটি উদ্দেশ্যমূলক-হওয়ার প্রতিশ্রুতি থাকে। এটির গ্রহনযোগ্যতা সম্পর্কে ইচ্ছাকৃত হতে শুরু হয়। মন্ডলী হিসাবে আমাদের কিশোর-কিশোরী বা তাদের পরিবারকে পরিবর্তন করা নয়। আমাদের কাজ হল এমন একটি সম্প্রদায়ে আমন্ত্রন জানানো যেখানে তারা ঈশ্বরের প্রেমকে অনুভব করতে পারবে যা শেষ পর্যন্ত পরিবর্তন আনতে পারবে। যখন আমরা আমাদের কিশোর-কিশোরী বা তাদের পরিবারগুলিকে  তারা যেরকম সেভাবে গ্রহন করতে পারব যতই অগোছালো হয়ে যায় তবুও স্বাগত করার একটি সংস্কৃতি তৈরী করতে পারি, এবং সেই সংস্কৃতি রুপান্তরকামী। আমরা মধ্য ও উচ্চ বিদ্যালয়ের গোলযোগের মধ্য দিয়ে একের অপরকে ভালবাসতাম এবং তার বাইরেও তাদেরকে ভালবাসি। কখনও আমরা আমাদের কিশোর-কিশোরীদের প্রেম করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হতে পারি পরবর্তী উচ্চবিদ্যালয়, কলেজ এবং তার বাইরে সিদ্ধান্ত নেওয়ার সময় তাদের সঙ্গে হাঁটা , তখন আমরা একটি সঙ্কেত পাঠাই যে তারা সত্যই আমাদের পরিবারের একটি অংশ এবং এতে সমস্ত কিছু পরিবর্তনের সম্ভব না থাকে।

তখন কিছু সময় হয়েছিল যখন আমি ব্র্যান্ডঙ্কে ছেড়ে দিতে চেয়েছিলাম, তবে মন্ডলী হিসাবে আমরা এই প্রতিশ্রুতি দিয়েছিলাম যে আমরা তার সিদ্ধান্তগুলি নির্বিশেষে তাকে ভালবাসব। আমি ব্র্যান্ডনকে বার বার বলেছিলাম যে একদিন সে যীশুর পক্ষে সিদ্ধান্ত নেবে তাই অপেক্ষা করুন। যখন সে স্নাতক হয়েছিল তখন সে এই সিদ্ধান্ত নেয়নি।

বেশ কয়েকবছর পরে, আমার ফোন বেজে উঠল। অন্য প্রান্তে ছিল একটি পরিচিতি স্বর। “পালক আন্ড্রেয়া? আমি কেবল আপনাকে জানাতে চাচ্ছি যে আমি যা বলেছিলেন তাই আমি করেছি, আমি আমার জীবন যীশুকে দিয়েছি”। আমার মনে আছে আমি ফোনটি ফেলে দিই এবং কাঁদতে শুরু করি। গোলযোগ থাকা সত্ত্বেও বিনিয়োগটি চুড়ান্ত হয়ে গিয়েছিল। কয়েক মাস পরে সে বাড়িতে এসেছিল

এবং আমরা তাকে পূর্ন মন্ডলীর উপস্থিতিতে  বাপ্তাইজ দিয়েছিলাম। বাপ্তাইজ জায়গার পাশে তার মা দাড়িয়েছিলেন । যুব-পরিসেবা এবং ধৈর্যশীল শিষ্যত্বের কঠোর পরিশ্রম কেন মূল্যবান তা সেই দিনটি মনে করিয়ে দিয়েছিল।

আমরা কিশোর –কিশোরী বা তাদের পরিবারের উপর আমাদের কতটা প্রভাবে আছে তা আমরা কখনই জানতে পারি না , তবে মন্ডলী হিসাবে আমাদের কাজটি হল আমাদের শক্তি দিয়ে সবকিছু করা যাতে আমরা কিশোর-কিশোরী ও তাদের পরিবারের পাশাপাশি আসতে পারি। আমরা ফলাফলগুলির জন্য দায়ী নই, তবে আমরা যীশুর কাছে লোকদের পৌঁছানোর  মিশনে প্রতিশ্রুতিবদ্ধ থাকার জন্য দায়বদ্ধ। সারা, যুবতী আমার ভলিবল দল থেকে , সে কখনই যীশুর কাছে আসেনি, তবে তার সাথে আমাদের সংযোগটি  তার বড় বোনের কাছে যেতে সাহায্য করেছিল, যে অবশেষে তার সঙ্গে তার জীবন যীশুকে দিয়েছিল। তারা এখন বিবাহিত এবং মন্ডলীতে সেবাকার্য্য করছে। আমরা এখনও সেই বীজগুলির জন্য প্রার্থনা করছি যা রোপন করা হয়েছিল , পরামর্শদাতাগুলি নকল হয়েছিল , প্রদর্শনগুলি শেষ হয়েছিল......... কোন না কোনভাবে সেগুলি একদিন যীশুর পক্ষে সিদ্ধান্ত নিতে সাহায্য করবে,যেভাবে ব্র্যান্ডনের পক্ষে হয়েছিল।

## ছোট শুরু করুন এবং কোথাও শুরু করুন

হতে পারে আপনি নিজেকে আশ্চর্যজনকভাবে,কার্যকরী, যীশু প্রেমী পরিবারগুলির সাথে কাজ করছেন বা আপনি কিছু সত্যই অগোছালো এবং ভাঙা  সিস্টেমের মাঝে কাজ করছেন, আপনার কাজ একই। কিশোর-কিশোরীদের এমনভাবে যীশুর প্রেমে পড়তে সাহায্য করুন যা সবকিছু বদলে দেয়। এটি করার সর্বোত্তম সম্ভাব্য উপায় হল তাদের পরিবারের সাথে কাজ করা তা হতে পারে স্থানীয় বা দত্তক পরিবার। আপনি চিন্তা করার জন্য প্রলোভিত হবেন আপনার শুরু করার জন্য বিশাল পরিকল্পনা করতে হবে, কিন্তু আমার উৎসাহটি হল ছোট শুরু করুন এবং কোথাও শুরু করুন। আপনি কখনই জানেন না যে আপনি কার কাছে পৌঁছে যেতে পারেন।

## বোনাসঃ শুরু করতে ১৬টি সৃজনশীল ধারনা

কোথায় শুরু করবেন তা নিশ্চিত নন? আপনার জন্য কয়েকটি ধারনা এখানে দেওয়া হল।

১। **পিতামাতার সাপ্তাহিক ইমেল:** প্রতি সপ্তাহের শুরুতে, আসন্ন  অনুষ্ঠানগুলি এবং বিশদ, বকেয়া পরিশোধের বিষয়টি, যুব সংস্কৃতি এবং পিতৃমাতৃত্ব সম্পর্কে সহায়ক নিবন্ধ এবং আপনি যে বিষয়গুলি

প্রচার / শিক্ষা দিচ্ছেন। ঈশ্বর আপনার যুবদলে কিভাবে কাজ করছেন সে সম্পর্কে কয়েকটি বাক্য যুক্ত করতে দ্বিধা বোধ করবেন না, এবং পিতামাতারা জানুক যে আপনি তাদের জন্য প্রার্থনা করছেন।

২। **বাবা মায়েদের সংবাদপত্র:** একটি মাসিক সংবাদপত্র প্রেরন করুন যার মধ্যে থাকবে পিতৃ মাতৃত্ব সম্পর্কে সহায়ক নিবন্ধগুলি, যুব- সংস্কৃতিক প্রবনতা, যুব-পরিসেবার মূল বিষয় ইত্যাদি। আপনার জন্য ইতিমধ্যে একটি দুর্দান্ত সংবাদপত্র দেওয়া হয়েছে। যা ক্রয় করতে খুব বেশি খরচ হয় না, দেখুন – www.cpyv.org.

৩। **পারিবারিক প্রশিক্ষন সপ্তাহ:** যুব-সেবাকার্য্যে একজন প্রশিক্ষিত পেশাদারকে সপ্তায়ান্তে পিতৃমাতৃত্বের বিষয়ে সেমিনার করার জন্য আমন্ত্রন করুন। যদি কোন সমস্যা হয়, তবে জন্য স্থানীয় মন্ডলীর সঙ্গে অংশীদার হয়ে ব্যয় ভাগ করে নিন, বা স্থানীয় যুব-পালককে আমন্ত্রন করুন, যিনি যুব-পরিসেবাতে দীর্ঘদিন ধরে কাজ করছেন। আপনি মানসিক স্বাস্থ্যসেবা কর্মি, পরামর্শদাতা এবং বয়স্ক প্রাপ্ত বয়স্ক যারা কিশোর-কিশোরীদের পিতামাতার পরিচর্য্যা করেছেন এমন ব্যক্তিদেরও আমন্ত্রন করতে পারেন ঐ সপ্তাহের অংশ হওয়ার জন্য।

৪। **পারিবারিক সৃজনশীল প্রার্থনা কেন্দ্র:** এমন এক প্রার্থনার রাতের আয়োজন করুন যেখানে পরিবারগুলি একত্রিত হতে পারবে এবং সৃজনশীল প্রার্থনা কেন্দ্রগুলিতে নিযুক্ত থাকতে পারবে (প্রার্থনা কেন্দ্রের ধারনাগুলি অনলাইনে পাওয়া যাবে)। পরিবারগুলি প্রতিটি স্টেশনে কী করা উচিত সে সম্পর্কে সুস্পষ্ট নির্দেশনা সরবরাহ করুন। শেষে, পরিবারগুলিকে কাগজে লিখিতভাবে কিছু ধারনা দিন যা তারা তাদের নিজের বাড়িতে প্রয়োগ করতে পারে।

৫। **বিদ্যালয়ে পারিবারিক প্রার্থনার ফিরে যান:** স্কুল বছরের শুরুতে আপনার সাথে দেখা করার জন্য ১৫ মিনিটের জন্য সহিন আপ করার জন্য আমন্ত্রন জানান এবং তাদের জন্য প্রার্থনা করুন। গ্রীষ্ম থেকে তারা কী উদযাপন করেছে এবং স্কুল বছরের শুরুতে কি চ্যালঞ্জগুলি আছে তা জিজ্ঞাসা করে প্রার্থনা করুন।

৬। **পিতামাতার সংযোগ:** একটি মাসিক জমায়েতের আয়োজন করুন কোন বিষয় যুবসমাজ বা পিতৃমাতৃত্ব সম্পর্কিয় এবং পরে টেবিল গোষ্ঠী তৈরী করে সেই প্রশ্নগুলিকে আলোচনা করার জন্য দিন।

৭। **রাতের খাবারের রাত্রি:** সপ্তাহের মাঝামাঝি বড় অনুষ্ঠানের আগে, পরিবারগুলিকে অংশ নেওয়ার জন্য একটি নৈশভোজ আমন্ত্রন করুন। মন্ডলীর পুরোনো পরিবারগুলিকে সাধারন খাবার রান্না করতে

বলুন এবং অংশগ্রহঙ্কারী পরিবারগুলি অল্প ফি দিতে বলুন। যদি অনুদান পেতে পারেন তাহলে একটি বিনামূল্যে করুন।

৮। **সমান্তরাল শিক্ষন:** আপনার নেতৃত্বদানকারী পালকের সঙ্গে কাজ করুন এবং একই শাস্ত্রের অনুচ্ছেদ বা সিরিজটি শেখানোর চেষ্টা করুন। এটি পরিবারের জন্য ধারাবাহিকতাবোধ তৈরি করতে সহায়তা এং পাশাপাশি কথা বলার বিষয়গুলিও দিয়ে দেবে।

৯। **বিশ্বাসে টিকে থাকার পাঠ্যক্রম:** কিছু দুর্দান্ত পিতামাতা বা কৈশোর পাঠ্যক্রমের জন্য www.sticky.faith.org দেখুন। একটি অভিভাবক রবিবার বিদ্যালয় শ্রেনির আয়োজন করুন এবং একসাথে স্টিকি বিশ্বাস পাঠ্যক্রমের মাধ্যমে কাজ করুন।

১০। **বড় ঘটনাগুলির পুনরায় সংক্ষিপ্তকরন:** অনুষ্ঠানগুলি শেষ করে ফিরে আসার সঙ্গে সঙ্গে যেমন কৈশোরে কাম্প,পশ্চাদসরন, মিশন যাত্রা ইত্যাদি আপনি বাবামায়েদের ৩০ মিনিটের জন্য অতিরিক্ত থাকতে বলুন যখন তারা তাদের ছেলেমেয়েদের নিতে আসে। অনুষ্ঠানগুলি পুনরাবৃত্তি করার জন্য ৩০ মিনিট অতিবাহিত করুন , মূল বিষয়গুলি বলুন, এবং চ্যালেঞ্জ ছুঁড়ে দিন। বাবামায়েদের একটি প্রশ্নপত্র দিন যেন তারা বাড়িতে গিয়ে তাদের ছেলেমেয়েদের জিজ্ঞাসা করতে পারেন।

১১। **পিতামাতাকে গল্পকার হতে দিন:** আপনার কিশোর কিশোরীদের পিতামাতাকে যুব-দলে আসতে আমন্ত্রন জানান এবং কীভাবে তারা খ্রীষ্টকে জানলেন তার গল্প বলতে বলুন ।আপনার পিতামাতার একটি নামসূচী থাকতে হবে, যাদেরকে আপনার যুব-দলে তাদের বিশ্বাসে গল্পগুলি সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন।

১২। **পরিবারগুলিকে আপনার বাড়িতে আমন্ত্রন জানান:** পরিবারগুলিকে জানার সর্বোত্তম উপায় হল একসাথে খাওয়া দাওয়া করা। দুপুরে বা রাতের খাবারের জন্য এক জোরা পরিবারগুলিকে আমন্ত্রন জানান। এটি আপনাকে পরিবারগুলিকে জানার সুযোগ দেয় এবং পরিবারগুলিকে একে অপরের সাথে যোগাযোগের উপায় করে দেয়।

১৩। **পিরবারিক মিশন এবং সেবা দিবস:** একসঙ্গে সেবাকরার উপায়গুলি অনুসন্ধান করুন।এটি হতে পারে সপ্তাহব্যাপী অন্তর্দেশীয় মিশন যাত্রা অথবা স্থানীয় করুন। সেবাকার্য্যে সেবা করার এক বিকেল, একসাথে সেবা করা কিছু অবিশ্বাস্য শিষ্যত্বের সুযোগ তৈরী করে দেয়।

১৪। **উৎসাহজনক লিপি:** মেল পাঠান? হাতে লেখা উৎসাহজনক লিপি দীর্ঘ পথ যেতে পারে এবং তাঁর অনুভব পাওয়ার জন্য পরিবারগুলিকে সাহায্য করুন,এবং দেখাল যে তারা একা নন ।

**১৫। পরামর্শ বা প্রার্থনায় অংশীদার পরিকল্পনা:** আপনার পরিচর্য্যায় সমস্ত কিশোর-কিশোরীদের জন্য প্রার্থনা প্রোফাইল তৈরী করুন এবং আপনার মন্ডলীর লোকেদের প্রার্থনা অংশীদার গ্রহন করার জন্য বলুন। সকালের খাবারের প্রার্থনার সাথে এই পরিসেবাটি শুরু করুন যেখানে কৈশোররা প্রাপ্তবয়স্করা একে অপরের মুখোমুখি সাক্ষত করতে পারবে এবং এক বছরের জন্য একে অপরের জন্য প্রার্থনা করার প্রতিশ্রুতিবদ্ধ হতে পারবে।

**১৬। পিতৃ-মাতৃত্বের অংশীদার:** মাতৃসমা ও বাবার সাথে মেলে এমন অন্যান্য প্রাপ্তবয়স্ক যারা অতিতে ভাল পিতৃ-মাতৃত্ব করেছেন এবং যারা জীবনের পরবর্তী পর্যায়ে রয়েছেন। এই “জুড়িদারগুলি” প্রার্থনার অংশীদার , শিষ্যত্বের পরামর্শদাতা এবং আধ্যাত্মিক যাত্রার জন্য উৎসাহক হিসাবে কাজ করতে পারেন।

## অধ্যায়- ৬

## সমগ্রীক শিষ্যত্ব: আমাদের জীবনকে পাঠ্যক্রম হিসাবে দেখা

বাখো জাত্মিকো

বাখো জাত্মিকো হলেন সিল্যান্ডস অঞ্চলের যুব- সমন্বক এবং একজন পালক যিনি ইন্দোনেশিয়ার যোগকর্তায় কর্মরত। যুব সেবাকার্য্য তাঁর কাছে আকর্ষনীয় কারন সেখানে প্রভুর প্রতি আবেগ নিয়ে একটি নতুন প্রজন্ম রয়েছে। বাখোর কাছে শিষ্যত্ব গুরুত্বপূর্ন কারন খ্রীষ্টসম হঠাৎ এক মুহুর্তে দেখা যায় না বা একক অভিজ্ঞতার ফলস্বরুপ হয় না। শিষ্যত্ব বিশ্বাসীকে আরও খ্রীষ্টের মতো হওয়ার জন্য আধ্যাত্মিক যাত্রায় হাঁটতে সহায়তা করে।

আমদের সম্পর্ককীত্বের প্রয়োজনীয়তা আমাদের গল্পের একেবারে শুরুতে তুলে ধরা হয়েছে। আদি পুস্তকে ঈশ্বর ঘোষনা করেছেন, “মনুষ্যের একাকী থাকা ভাল নয়” (আদি পুস্তক ২:১৮)।ঈশ্বর জানতেন যে আমরা একে অপরের সাথে সম্পর্কের জন্য তৈরী হয়েছি। শাস্ত্রের বাকি অংশ জুড়ে আমরা সম্পর্কের তাৎপর্য খুঁজে দেখতে পাই। যদিও সম্পর্কগুলি কঠিন এবং চ্যালেঞ্জিং আস্থার সমর্থক, সমর্থন, বন্ধুত্ব, এবং প্রেমের গল্পগুলিও বেঁচে থাকার, অধ্যবসায়,আনন্দ এবং আশার গল্প। আমাদের সারা জীবনের যাত্রার জন্য একে অপরের প্রয়োজন হয়। আমি বিশ্বাস করি যে ঈশ্বর যখন বলেছিলেন

মনুষ্যের একাকী থাকা ভাল নয়, তখন তিনি সোশ্যাল মিডিয়ায় আমাদের কতজন অনুসরনকারী রয়েছে তা বাড়ানোর বিষয়ে তিনি বলেননি। আমি বিশ্বাস করি ঈশ্বর চান খাঁটি সম্পর্ক যেখানে জীবন ভাগ করে নেওয়া যায়।

এই অধ্যায়ে,আমরা অন্বেষন করতে যাচ্ছি, যদি আমরা ইচ্ছাকৃত হই,তবে আমাদের দৈনন্দিন জীবন আমাদের যুব সমাজের জন্য আমাদের সবচেয়ে বড় শিষ্যত্বের সংস্থান হিসাবে কাজ করতে পারে। সম্পর্কের জন্য এই "অন্তনির্মিত" আকাঙ্খাটি ব্যবহার করে, আমরা এমন একটি পরিস্থিতি তৈরী করতে পারি যেখানে অর্থবহ শিষ্যত্ব দেখা যাবে।

## যীশু তাঁর জীবনকে জীবন্ত পাঠ্যক্রম হিসাবে এবং ভিত্তি হিসাবে ব্যবহার করেছিলেন তাঁর শিষ্যদের সঙ্গে সম্পর্কের জন্য।

যখন আমরা যীশুর পরিচর্য্যার দিকে দৃষ্টিপাত করি, আমরা দেখতে পাই যে তাঁর পরিচর্য্যার ভিত্তি হিসাবে সম্পর্ক স্থাপনের একটি অত্যন্ত স্পষ্ট নিদর্শন। যীশু তাঁর প্রত্যেক শিষ্যকে ব্যক্তিগতভাবে আহ্বান করেছিলেন, "এস এবং আমাকে অনুসরন কর"।তারপর,সাড়ে তিনি বছর ধরে যীশু এই বারোজনের সাথে হাঁটলেন , কথা বললেন, পরিচর্য্যা করলেন, হাসলেন,কাঁদলেন এবং তাদের সঙ্গে যাত্রা করলেন। তিনি তাদের প্রতিশ্রুতিবদ্ধ কার্ড দেখতে চাইলেন না এবং তা সময়ে চেক করলেন না। এই সম্পর্কগুলি চলমান এবং বাস্তব ছিল। শিষ্যদের আহ্বান করা হয়েছিল, কেবল যীশুর কথা শুনতে বা তাঁর আদেশগুলি পালন করতে নয়, কিন্তু যীশুকে আরও কাছ থেকে অনুসরন এবং তাঁর সাথে সত্যই সংযুক্ত হতে।

পরিসেবার পরিপেক্ষিতে, আমাদের সর্বদা পৃষ্ঠের সম্পর্ক বা ছদ্ম-সম্পর্কের ফাঁদ থেকে সাবধান হতে হবে। ছদ্ম সম্পর্ক তৈরী হয় যখন আমরা বাস্তব সম্পর্কের পরিবর্তে ক্রিয়াকলাপ বা অনুষ্ঠানগুলিতে মনোনিবেশ করতে শুরু করি। ক্রিয়াকলাপ এবং অনুষ্ঠানগুলির মানুষকে আকৃষ্ঠ করার একটি উপায় হতে পারে তবে তারা আমাদের কোন কিছুর গ্যারেন্টি দেয় না। এই অর্থবহ সম্পর্কের বিকাশ গুরুত্বপূর্ন কারন শিষ্যত্ব-ইচ্ছাকৃত এবং সম্পর্কের দাবি করে। সম্পর্ক আমাদের জীবনের মাধ্যমে যীশুর সাথে অন্যদেরকে সংযুক্ত করার একটি উপায়। যখন আমরা অন্যদের সামনে বিশ্বাসের সাথে বিশ্বস্তভাবে জীবনযাপন করি, তখন আমরা তাদের জন্য যীশুর শিক্ষা এবং বাক্যগুলিকে জীবন্ত করে তুলি। আমাদের জীবন ক্রমাগত যীশুর দিকে নির্দেশ করে , কারন লক্ষ আমাদের নিজের অনুসরনকারী নয় কিন্তু যীশুর শিষ্য তৈরী করা।

## জীবন আমাদের পাঠ্যক্রম

পাঠ্যক্রমটি কেবলমাত্র এক গুচ্ছ পাঠ বা শ্রেনীতে ব্যবহৃত একটি বিষয় যা শিক্ষক বা শিক্ষার্থীকে সাহায্য কর। মন্ডলীতে, আমরা প্রায়শই আমাদের রবিবার। ক্লাসের উপকরন বা ছোট দলের পাঠ্য নির্দেশকে আমরা পাঠ্যক্রম হিসাবে দেখি, এই সংস্থানগুলি আমরা আমাদের যুবসমাজকে কী শিক্ষা দিই তার প্রতি দৃষ্টি নিবন্ধ রাখতে সহায়তা করে।

আমি যখন বাইবেল পড়ি বা অধ্যয়ন করি, তখন যীশু কীভাবে শিষ্যত্ব করেছিলেন,কীভাবে তিনি শিষ্যদের শিখিয়েছিলেন তা  অধ্যয়ন করতে ভীষন আগ্রহী মনে হয়। সেখান কোন ছাপানো পাঠ বা অধ্যয়ন নির্দেশনা ছিল না। যীশু প্রায়ই শিখিয়েছিলেন, কিন্তু এই শিক্ষাদানের সময়গুলি সাধারনত একটি নির্ধারিত বক্তৃতা সম্পাদনা করার পরিবর্তে কিছু ঘটে যাওয়ার উপর প্রতিক্রিয়ার পাঠ ছিল। যেমন আমি বাইবেলটি পড়ি, বেশিরভাগ সময়েই দেখি যীশু যা করতেন তা দেখার জন্য শিষ্যদের বলতেন, প্রান্তিকদের সাথে তিনি কীভাবে আচরন করতেন তা পর্যবেক্ষনের জন্য বলতেন এবং দুর্বলদের প্রতি তাঁর আচরনের দিকটিকেও মনোযোগ দিতে বলতেন। সংক্ষেপে যীশু চেয়েছিলেন শিষ্যরা যেন তাঁর জীবনযাত্রার ধরনগুলি সম্পর্কে সত্যিকারের অভিজ্ঞতা হয়। যীশু তাদের পাশাপাশি জীবনের উত্থান-পতনের মুখোমুখি হওয়ার এবং শিক্ষার সুযোগ দিয়েছিলেন। যীশু তাঁর জীবনকে জীবন্ত পাঠ্যক্রম হিসাবে ব্যবহার করেছিলেন এবং এটি তার শিষ্যদের সাথে সম্পর্কের ভিত্তি ছিল। “সম্পর্ক ব্যতিরেকে শিষ্যত্ব হয় না, কেবল তথ্য প্রেরন”[১]। এইভাবে, যীশু শীষ্যদের কেবল তাদের বক্তৃতা দিয়ে জ্ঞানই দেননি, কিন্তু তিনি তার শিষ্যদের জীবনকে তাদের সাথে একত্রে জীবনযাপনে রুপান্তরিত করেছিলেন।

আমরা যদি আমাদের যুব-সমাজের জন্য আমাদের জীবন উন্মুক্ত করার আমন্ত্রনটি গ্রহন করি শিষ্য করার উপায় হিসাবে, তাহলে আমাদের সত্যিকারের জীবনযাপন করতে হবে এবং উদাহরন সচেতনতার সাথে , যা আমরা তাদের জন্য স্থাপন করেছি।

যীশুর থেকে , আমরা জানি যে শিষ্যত্ব কেবল শিখানো সত্যকে স্মরন করা এবং সেগুলি পুনরাবৃত্তি করতে সক্ষম হওয়া সম্পর্কে নয়। শিষ্যত্ব তার থেকে অনেক বেশি। অবশ্যই, আমি বিশ্বাস করি শিষ্যত্ব প্রক্রিয়ায় অনুষ্ঠান ,পাঠ্যক্রম এবং উপকরণগুলি গুরুত্বপূর্ন,তবে,এই সত্যগুলিকে অনুশীলন করা হল মূল চাবিকাঠি। গ্রীক শব্দটি শিক্ষার্থীর জন্য ,ম্যাথিটেস যা আমাদের গনিত শব্দ থেকে নেওয়া হয়েছে , যার অর্থ, “প্রচেষ্টা সহ চিন্তাভাবনা[২]”। শিক্ষা অবশ্যই করার সঙ্গে জড়িত। শিষ্যরা চিন্তাভাবনা করে

এবং শেখে, তবে তারা যদি সত্যই তাদের শিক্ষকের পাঠ শিখতে থাকে তবে তাদের অবশ্যই শোনার এবং চিন্তাভাবনার বাইরে গিয়ে করতে হবে। এটি কাজ করার দ্বারা শুরু হতে পারে যেভাবে একজন সেই কাজকে অনুসরন করে।

আমি আমার নিজের জীবনের দিকে ফিরে তাকাতে পারি এবং লক্ষ করতে পারি যে কীভাবে অন্যরা জীবন যাপন করেছিল তা আমার জন্য শিষ্যত্বের সুযোগ হয়েছিল এবং যা আমার বিশ্বাসে জীবন ধারনের জন্য বেড়ে ওঠার কারন হয়ে দাড়িয়েছিল। আমি ভেবেছিলাম আমি প্রেমকে মোটামুটি ভালোভাবে বুঝতে প্রেরেছি, কিন্তু আমি সেই প্রেম সম্পর্কে আরও জানতে পেরেছিলাম যখন আমার বন্ধু ম্যারি বৃদ্ধ/বৃদ্ধা, অসুস্থ, দরিদ্রদের সঙ্গে দেখা করত, এবং একাকী বৃদ্ধার জন্য খাবার নিয়ে যেত,তাকে পরিষ্কার করত এবং তার দুগন্ধযুক্ত নোংরা পোষাক পরিবর্তন করত। আমি ভেবেছিলাম যে বলিদানের অর্থটি মোটামুটি ভালভাবে বুঝতে পেরেছি, তবে আমি আরও বেশি শিখেছিলাম যখন আমি এডওয়ার্ডকে আবিষ্কার করেছিলাম , একজন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, যে তার পুরো মাসের অর্থ একজন  মন্ডলী সদস্যকে দিয়েছিলেন যার ছেলের বই কেনার জন্য অর্থের প্রয়োজন ছিল।

আমরা যদি আমাদের যুব-সমাজের জন্য আমাদের জীবন উন্মুক্ত করার আমন্ত্রনটি গ্রহন করি শিষ্য করার উপায় হিসাবে, তাহলে আমাদের সত্যিকারের জীবন যাপন করতে হবে এবং উদাহরন সচেতনতার সাথে, যা আমরা তাদের জন্য স্থাপন করছি। বাস্তবতা হল আমরা তাদের জন্য উদাহরন হিসাবে সেবা করি হতে পারে আমরা এটি চিন্তাভাবনা করি বা না করি । সুতরাং খ্রীষ্ট যদি আমাদের মধ্যে থাকেন তবে তাঁর প্রেম  এবং তাঁর জীবন অবশ্যই আমাদের জীবনের মাধ্যমে প্রতিফলিত হবে । আসুন আমরা এমনভাবে  জীবনধারন করি যাতে আমরা পৌলের সাথে ঘোষনা করতে পারি, "আমার উদাহরন অনুসরন কর, যেভাবে আমি খ্রীষ্টের উদাহরন অনুসরন করি"(১ করিন্থীয় ১১:১)। সুতরাং এটি দেখতে কেমন হবে? আমরা কি আমাদের যুব-গোষ্ঠীর সাথে সারা দিন পিছনে পিছনে অনুসরন করি? আমি তিনটি উদাহরন  বলতে চাই কিভাবে আমরা আমাদের জীবনকে অবস্থান করতে পারি জীবন্ত পাঠ্যক্রম হিসাবে সেবা করার জন্য।

## একসাথে কাজকর্মগুলি করা

যেমনটি আমরা আগে আলোচনা করেছি, যীশুর প্রতিদিনের বক্তৃতা বা নির্দিষ্ট অবস্থানের জন্য সুনির্দিষ্ট সময়সূচী ছিল না। পরিবর্তে, সাহসের সঙ্গে আমি বলতে পারি, যীশু তাঁর শিষ্যদের কোন আপাত সময়সূচী বা অনুষ্ঠান ছাড়াই শিখিয়েছিলেন। যীশু তাঁর শিষ্যদের সংযুক্ত করেছিলেন একসাথে জীবন

যাপন করার মাধ্যমে এবং তাঁর শিক্ষার সময়গুলি এমন কার্যকলাপ অনুসরন করে যেখানে পাঠটি সদৃশ্য বা অনুশীলন করা হয়েছে।

যীশু যখন শিষ্যদের সৃষ্টির উপরে তাঁর কতৃত্ব সম্পর্কে শিখাতে চেয়েছিলেন, তিনি তাদেরকে একটি হ্রদে নামিয়ে আনেন এবং তাদের সাথে ঝড় এবং নৌকার উপরে ঢেউয়ের আছড়ে পড়ার অভিজ্ঞতা লাভ করেছিলেন। যখন তিনি শিষ্যদের ঈশ্বরকে তাদের সরবরাহকারী হিসাবে বিশ্বাস করা শিখতে চেয়েছিলেন তখন তিনি অভাবীদের প্রতি নেতৃত্ব দিয়েছিলেন এবং লোকেদের প্রয়োজন মেটানোর জন্য তাদের সাথে সহযোগীতা করেছিলেন। যীশু যখন শিষ্যদের জীবন্ত ঈশ্বরকে অনুসরন করার অর্থ কি তা বোঝাতে চেয়েছিলেন , তখন তিনি তাদের লাসারের সমাধিতে নিয়েগিয়েছিলেন, যেখানে তাকে চার দিন রাখা হয়েছিল এবং লাসারকে পুনরুত্থিত করেছিলেন।

একসাথে যীশুর সাথে পথ চলার দ্বারা,শিষ্যরা তাঁর প্রতিক্রিয়া দেখতে পেয়েছিলেন, যখন অসূচী মহিলা তাকে স্পর্শ করেছিল। শিষ্যরা শিখেছিল খাঁটি প্রেম দেখানোর অর্থ কি যখন তাঁর কাছে আসা কুষ্ঠরোগীর কাছে পৌঁছেছিলেন এবং তাকে স্পর্শ করেছিলেন। যীশু শিষ্যদের ফরীশীদের এবং সদ্দুকীদের তাঁর প্রতি সমালোচনাগুলি শোনাতে চেয়েছিলেন এবং তাঁকে ফাঁদে ফেলার চেষ্টাগুলি দেখানোর দ্বারা বোঝাতে চেয়েছিলেন ঐশ্বরিক জ্ঞানের প্রতি প্রতিক্রিয়া জানানোর অর্থ কী।

যীশুর বেশীরভাগ শিক্ষাই বক্তৃতায় উপস্থাপন করা হত না বরং তিনি প্রতিদিনের জীবনের ঘটনাগুলিতে তাঁর শিক্ষাকে দক্ষতার সাথে বুঝাতেন। তাঁর শিক্ষা তাঁর সহচরদের সাথে এবং তাঁর অনুসরনকারী জনতার সাথে সম্পর্ক থেকে বেরিয়ে আসত । তিনি প্রতিটি সুযোগ তাদের ব্যবহারিক চিন্তাভাবনা এবং জীবনকে পরিবর্তিত করার জন্য ব্যবহার করেছিলেন। যীশু যখন তাঁর শিষ্যদের অনুসরন করার জন্য আহ্বান করেছিলেন, তিনি তাঁর জীবনকে তাদের পাঠ্যক্রমে তৈরী করেছিলেন।

আমার বন্ধু ইস্হাক সেই অনেক লোকের মধ্যে একজন যিনি আমাকে খ্রীষ্টের মতো হয়ে উঠতে সহয়তা করেছেন। ইস্হাক এবং আমার একটি সাধারন আগ্রহ ছিল :পর্বতারোহন। পর্বতারোহনের সময় আমাদের একাসাথে প্রচুর রোমাঞ্চকর অভিজ্ঞতা হয়েছিল এবং তিনি এই আরোহনের সময় আমাকে অনেক অর্থপূর্ন শিক্ষা দিয়েছিলেন।

একদিন আরোহনের সময়,আমরা একটি পিচ্ছিল,ঢালুর উপরের দিকে পৌঁছে গেলাম যেখানে আমাদের শীর্ষে যাওয়ার পথে পথটি ৫০ ডিগ্রি পর্যন্ত ঝুঁকেছিল। ঐ সময় আমি ক্লান্ত হয়ে পড়েছিলাম। আমি সবকিছু ছেড়ে বাড়ি যেতে চেয়েছিলাম। আমি আপত্তি জানাতে শুরু করেছিলাম এবং নিজেকে জিজ্ঞাসা

করতে  শুরু করেছিলাম যে কেন আমি প্রথম স্থানে এই পর্বতটিতে আরোহনের সিদ্ধান্ত নিয়েছিলাম? আমাদের এই ক্লান্তিকর পরিস্থিতিতে ইস্‌হাকের প্রতিক্রিয়া শুনে আমি খুব অবাক হয়েছিলাম। তিনি বলেছিলেন, "আমাদের জীবন ঠিক এই রকম।  মাঝে মাঝে ঈশ্বর আপনাকে জীবনের উচ্চ সংকীর্ন এবং পাথুরে ঢালু পথে চলতে দেন,তবে আপনাকে বিশ্বাস করতে হবে যে তিনি আপনাকে সবুজ উপত্যকায় নিয়ে আসার প্রতিশ্রুতিও দিয়েছেন। আপনার যা করার দরকার তা হল প্রতিটি পরিস্থিতিতে ধন্যবাদ দেওয়া"।কী? এখানে আমি খুবই কম শ্বাস নিতে সক্ষম হয়েছিলাম, এবং ইসহাক একটি আধ্যাত্মিক পাঠ নিয়ে এসেছিলেন এবং আমার কাছে এটি সমস্ত ব্যাখ্যা কিরেছিলেন! তিনি ঠিকই ছিলেন... তিনি আমার চেয়েও ভাল আকারে ছিলেন।

তার সংক্ষিপ্ত বিবৃতি লক্ষ বস্তুতে সরাসরি আঘাত করেছিল। আমি পবিত্র আত্মা দ্বারা আঘাত পেয়েছিলাম এবং আমার বিরক্তিকর বিষয়ে দোষী সাব্যস্ত হয়েছিলাম। ইস্‌হাকের একটি ছোট্ট ব্যাখ্যা জীবন সম্পর্কে আমার দৃষ্টিভঙ্গিকে বদলে দিয়েছিল। যদিও এটি প্রায় ১৫ বছর আগে ঘটেছিল, আমি এখনও এটি আজকেও ছবির মতো দেখতে পাই। এটি আমার হৃদয়ের গভীরে আটকে আছে। আমার জন্য এটি ছিল ঐ সময়ে সবচেয়ে শক্তিশালী প্রচার যা কোন প্রচারক কখনও তৈরী করতে পারে।

এইভাবে আমরা শিষ্য শুরু করার সাথে সাথে, এই শিক্ষাগুলি যখন উত্থাপিত হয় তখন আমাদের খুব সচেতন হওয়া দরকার। আমাদের প্রার্থনার থাকতে হবে যেন পবিত্র আত্মা আমাদেরকে পরিচালনা করেন এবং জানতে সাহায্য করেন আমাদের যুব-সমাজের কী পাঠের প্রয়োজন । মন্ডলীর বাইরে আমাদের যুবক-যুবতীদের সাথে প্রার্থনায় সময় কাটানো খুবই প্রয়োজন । খেলাধুলার প্রক্রিয়াগুলি সংগঠিত করার ন্যায্যতা সম্পর্কে বলার সুযোগকে দেখা  এবং সাধারন লক্ষে বা উপসংহারের জন্য একসাথে কাজ করা । আপনার শহরের আশেপাশে ঘুরে বেড়ান এবং অভাবীদের সাহায্য করার উপায়গুলি সনাক্ত করুন। যুব-সমাজকে চ্যালেঞ্জ করুন ব্যক্তিদের মর্যাদা বিবেচনা করার জন্য এবং আমাদের সহায়তাকে কীভাবে শ্রদ্ধাশীল করা উচিৎ হবে। অনুষ্ঠান পরিকল্পনায় তদের সাহায্যের জন্য আহ্বান করুন। ন্যাস্ত দায়ীত্ব থেকে শুরু করে নৈতিক ব্যবসায়ের চর্চা থেকে অন্যের সেবা দেওয়া সবকিছুর বিষয়ে আপনি কথা বলতে সক্ষম হবেন। আমরা শিবির করা ভ্রমন করা সাঁতার ও মাছ ধরার জন্য সময় পরিকল্পনা করতে পারি। আমরা রান্না করা, সিনেমা দেখা বা একটি বই ক্লাবেও সময় কাটাতে পারি। সেখানে অনেক সম্ভাবনা আছে । মূল পাঠটি সহজভাবে হল একসাথে ক্রিয়াকলাপ করা শিষ্যত্বের স্থান তৈরির এক দুর্দান্ত উপায়।

## আনন্দে ও কান্নায় প্রতিমূর্তী হওয়া

যুবক-যুবতীদের শিষ্যত্ব প্রক্রিয়াটির মধ্য দিয়ে আমাদের পক্ষে খাঁটি ও বিশ্বস্ত যীশুর অনুসরনকারীর প্রতিমূর্তী হওয়া গুরুরত্বপূর্ন। আমদের যুব সমাজ আমাদের দেখছে যে আমদের জীবনে ভাল এবং মন্দ উভয়ের প্রতি আমাদের প্রতিক্রিয়া কিরকম। জীবনের সঙ্কটে আমরা কীভাবে প্রতিক্রিয়া জানাই কঠিন মুহুর্তে কীভাবে যীশুর শিষ্যরা জীবন ধারন করত তা শিক্ষনীয় । আমরা কী আমাদের নিজস্ব শক্তিতে প্রতিটি সঙ্কট সমাধানের চেষ্টা করি? শক্তিশালী এবং বুদ্ধিমান পছন্দ করতে আমরা কি প্রার্থনা সহকারে ঈশ্বরের নির্দেশনার অনুসরন করি? আমাদের জীবনকে সহজ করার জন্য খারাপকে শর্টকাট হিসাবে ন্যায়সঙ্গত করি? আমরা সংকটের প্রতি কীভাবে প্রতিক্রিয়া জানাই তার মধ্যে বা কীসের উপর নির্ভর করি তাঁর চেয়ে আরও বেশি যেভাবে শব্দ আমরা বলি।

সংকট মুহুর্তগুলি আমাদের জীবনে কী নির্দেশিত করে তার প্রকৃত প্রতিচ্ছবি হিসাবে কাজ করে। পাঠ্যক্রম হিসাবে আমাদের জীবন ভাগ করে নেওয়ার অর্থ হল যে আমাদের যুব-সমাজকে আমাদের আনন্দ এবং অশ্রু উভয়ের আমাদের কাছ থেকে দেখতে এবং শিখতে দিতে আমাদের প্রস্তুত থাকতে হবে। আমাদের জীবনে কঠিন সময়ে লোকদের আমন্ত্রন জানানো থেকে বিরত থাকা আমাদের পক্ষে স্বাভাবিক এবং শ্রদ্ধার জন্য স্বাস্থকর সীমানা রয়েছে। তবে, যদি আমাদের যুবসমাজ জানতে পারে যে আমরা যখন তাদের চারপাশে থাকি তখন এটির অস্তিত্বের মতো কাজ করা উচিৎ নয়। তারা আমাদের সেই উভয়কে দেখতে চায়। ঐ কঠিন সময়গুলিতে আমাদের মল্লযুদ্ধ এবং ঈশ্বরে বিশ্বাস। শিষ্যত্বের সত্য জীবন শিক্ষনীয় ম্যানুয়েল বইটিতে: শিষ্যদের সজ্জিত করন যারা শিষ্য বানায় এটি বলে,

"বিশ্বাসীদের মধ্যে সম্পর্ক ছাড়া অনুসরন করার মতো কোন প্রতিমূর্তি নেই, কোন সত্যতা নেই, কোনও জবাবদিহিতা নেই, কোন প্রয়োগ নেই এবং যাত্রার জন্য কোন সমর্থন নেই। এই বিষয়গুলি ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে আসে। শিক্ষার ক্ষেত্রে সেই সম্পর্কের পেক্ষাপট অভাবের কারনে, জীবন পরিবর্তন বিরল হচ্ছে যা এটি বর্তমানে খ্রীষ্টানদের মধ্যে হওয়া উচিত[3]"।

কখনও কখন জীবন একটি শান্ত,ফুলের বাগানের মতো হয়, তবে সাধারনত হয় না। বাস্তব জীবনে আমরা হাসি  এবং কাঁদি,উদযাপন করি এবং শোক করি। এই চুড়ান্তের প্রতি আমাদের প্রতিক্রিয়া আনাদের আনুগত্য, বিশ্বাস এবং সততা প্রকাশ করে। সুস্থ জীবনযাপন অন্যের জন্য একটি প্রতিমূর্তী হিসাবে কাজ করে এবং এমন একটি পরিবেশ সৃষ্টি করে যেখানে অন্যরাও বাড়তে সক্ষম হয়। এই জাতীয় পরিবেশে,আমরা কার্যকরী শিষ্য প্রস্তুতকারী হতে পারি যদিও বা আমাদের অশ্রু থাকে।

আমি কেবল ইস্টেরের সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছিলাম, আমার স্ত্রী, সুখী এবং মধুর তিনটি বছর যখন আমাদের জীবনের সাথে কিছু হৃদয় বিদারক খবব নেমে এল । বেশ কয়েকমাস আগে আমার স্ত্রী তার তলপেটে প্রচন্ড ব্যথা অনুভব করেছিল। কী ঘটেছে তা বোঝানোর জন্য কোনও ডাক্তারকে দেখানোর সিদ্ধান্ত নিয়েছিলাম । চিকিৎসক তাকে পরীক্ষা করার পর, তিনি আমার স্ত্রীর ডান ডিম্বাশয়ের উপর একটি বৃহৎ পুঁজকোষ দেখতে পেলেন। আমরা হতবাক হয়েগিয়েছিলাম। বিশেষত ইস্টের, কারন মাত্র চার বছর আগে তার বাম ডিম্বাশয়ের পুঁজকোষটিকে বের করার জন্য তাকে অস্ত্রপ্রচারের আশ্রয় নিতে হয়েছিল।সেই সময়টি আমাদের পক্ষে অবিশ্বাস্যরকম কঠিন ছিল,সম্ভবত আমাদের বিবাহের এখনও পর্যন্ত সবচেয়ে কঠিন সময়। চিকিৎসক বলেছিলেন যে আমার স্ত্রীর আরও একটি অস্ত্রপ্রচারের প্রয়োজন  হতে পারে এবং আমাদের সতর্ক করেদিয়েছিলেন যে পরবর্তীকালে সে হয়ত  সন্তান ধারন করতে নাও পারে।

আমাদের মন্ডলীর কিছু যুবক-যুবতী জানত আমরা কি অবস্থার মধ্যে দিয়ে যাচ্ছি। তারা নজর রাখছিল এবং মনোযোগ দিচ্ছিল এই সংকটের সময় আমাদের প্রতিক্রিয়াগুলির উপর। তারা জানত যে "সত্যিকারের আমি " এর মাধ্যমে প্রদর্শিত হবে। আমি কি হতাশা প্রকাশ করব এবং হতাশার সঙ্গে অভিশাপ দেব অথবা অভিযোগ, নিজেকে বা অন্যদেরকে বা ঈশ্বরকে দোষারোপ করব? আমি কি জিজ্ঞাসা করতে পারি যে ঈশ্বরের প্রতিশ্রুতি সুরক্ষাগুলি কোথায়? আমি কি জিজ্ঞাসা করতে পারি কারন তিনি আমাদের এর মাধ্যমে যেতে দিয়েছেন? অথবা আমি কী বিপরীত প্রতিক্রিয়াগুলি বেছে নিতে পারি এবং বিশ্বাস রাখা এবং ঈশ্বরের পরিকল্পনার উপর ভরসা করা?

এমন একটি কঠিন পরিস্থিতির মাঝেও আমার বিশ্বাসকে সুস্থভাবে বাঁচতে সাহায্য করার জন্য আমি ঈশ্বরকে ধন্যবাদ জানাই। আমি প্রার্থনায় ছিলাম এবং আমাদের শিষ্যত্ব সভাগুলিতে আমাদের বিশ্বাসকে তুলে ধরার জন্য  আমি বিশ্বাস সম্বন্ধে প্রচার  করতাম। আমার যুব-সমাজের জন্য আমার জীবনের "জীবন্ত পাঠ্যক্রম" থেকে শেখার জন্য এটি একটি নিখুঁত মুহূর্ত ছিল। আমার স্ত্রীর পুঁজকোষ সনাক্তকরনের  বেশ কয়েক সপ্তাহ পরে, তার উন্নতি সম্পর্কে জানতে চিকিৎসকের  কাছে ফিরে গিয়েছিলাম। ডাক্তার যখন আমার স্ত্রীকে আলট্রা সাউন্ড মেশিন দিয়ে পরীক্ষা করতে শুরু করলেন, তখন তিনি বলেছিলেন যে কিছুই নেই; তিনি কোনও পুঁজকোষ খুঁজে পেলেন না! আমরা যীশুর প্রশংসা করেছিলাম! তিনি আমাদের প্রার্থনার উত্তর দিয়েছেন এবং আমি এই অধ্যায়টি লিখতে গিয়ে, আমরা কেবলমাত্র আমদের সুন্দর শিশুকন্যার প্রথম জন্ম দিন উদযাপন করেছিলাম।

আমাকে দেখে এবং আমার “জীবন্ত পাঠ্যক্রম” থেকে শিখে আমার যুবসমাজ জানতে পেরেছিল ২০০০ বছর আগে যে যীশু বেঁচেছিলেন তিনি আজও জীবন্তই আছেন এবং সক্রিয়ভাবে এই বিশ্বে কাজ করছেন। তারা যীশুর কর্তৃত্ব সম্পর্কে জানতে পেরেছিল আমি কী বলেছিলাম কেবল তাঁর দ্বারা নয়, কিন্তু আমার পরিবারে তারা যা দেখেছিল তার দ্বারা। তারা শিখেছিল জীবনকে কীভাবে দেখতে হয় যখন আমাদের বিশ্বাস সত্যিকারের আমাদের দৈনন্দিন জীবনের উপর প্রভাব ফেলেছিল। সবচেয়ে গুরুত্বপূর্ন, তারা বা বিশ্বাসে বৃদ্ধি পাচ্ছে এবং যীশুকে অনুসরন করার প্রতিশ্রুতিবদ্ধতাতে তাঁর শিষ্য রুপেও বৃদ্ধি পাচ্ছে।

## আমাদের ব্যক্তিগত স্থান ভাগ করে নেওয়া

অন্যদের আমদের ব্যক্তিগত জায়গাতে প্রবেশ করা সর্বদা সহজ নয়। আমরা সাধারনত খুব বেশি লোককে আমাদের জীবনের ব্যক্তিগত ক্ষেত্রগুলিতে প্রবেশের হাত থেকে রক্ষা করি। প্রায়  আমাদের এক ধরনের প্রয়োজনীয়তা থাকে লোকদেরকে প্রবেশের জন্য। তারা হতে পারে পরিবার বা আমাদের ভাগ করে নেওয়ার সংযোগ যেখানে তাদেরকে বিশ্বাস করতে পারি। তবে, আমাদের জীবনকে জীবন্ত পাঠ্যক্রম তৈরী করার অর্থ আমাদেরকে অন্যদের দেখাতে হবে এবং আমদের সুরক্ষিত জায়গাগুলিতে প্রবেশ করার সুযোগ দিতে হবে। আবার, সমস্ত সীমানা ছিন্ন করার জন্য  এটি বলা নয়। সীমানাগুলি সহায়ক এবং স্বাস্থ্কর এবং নিরাপদ। যাইহোক, এটি পরীক্ষা  করে দেখা উচিত, প্রায় আমরা কিভাবে আমাদের সম্পর্কটি অগভীর স্তরে রেখেছি এবং ফলস্বরুপ তাদের জীবনকে যে কোন প্রভাব বিস্তার থেকে বিরত রাখছি। আমরা কোনভাবে লোকদের উপর প্রভাব বিস্তার বা শিষ্য তৈরী করতে পারব না যদি তাদেরকে আমরা দূরে রাখি। জীবন ভাগ করে নেওয়ার অর্থ, কাছে আসার জন্য তাদেরকে আমন্ত্রন জানানো এবং গভীর কথোপকথনের জন্য কঠিন প্রশ্ন জিজ্ঞাসা করা, এবং বিশ্বস্ত  সম্পর্ক গঠন করা। শিষ্যত্বে অর্থপুর্ন কথোপকথনের প্রয়োজন আছে, কেবলমাত্র অল্প কথা নয়, আন্তরীক মনোযোগ, কেবল চিনির আবরন নয়, এবং তীব্র কোচিং এবং সংক্ষিপ্ত সভাগুলি নয়।

**আমরা লোকদেরকে শিষ্য এবং প্রভাব বিস্তার করতে পারব না যদি আমরা তাদেরকে দুরত্বে রাখি।**

যীশু নিজেই তাঁর শিষ্যদের এই লাইনটি অতিক্রম করতে এবং তাঁর ব্যক্তিগত জায়গায় প্রবেশ করতে দিয়েছিলেন। আমি বিশ্বাস করি যে যীশুর পক্ষে তাদের বিভিন্ন পরিবেশের সমস্ত কে গ্রহন করা সহজ ছিল না। তবে সমস্যাটি আসলে দুই ভাবেই হয়েছিল। তারা যীশুর গভীরতর  সম্পর্কে প্রবেশ করেছিল,

এর অর্থ হল যীশুও তাদের জীবনে পুরোপুরিভাবে প্রবেশ করেছিলেন। একবার তারা যীশুর শিষ্য হয়ে ওঠার পর, এর অর্থ হল তারা অনান্য শিষ্যদের সাথে জীবনযাপন করেছিল। আমি ভাবতে পারি না যে এটি তাদের পক্ষে সহজ ছিল। বারোজন শিষ্যের একটি দল কোনভাবেই “প্রাকৃতিক” বন্ধু ছিল না। অবস্থাগুলি চিন্তা করা কঠিন ছিল এবং দৃষ্টিভঙ্গিগুলি বেশি বিপরীত এক জন করগ্রাহী এবং জেলটের থেকে। এবং তবুও তাদের একত্রিত হওয়া একটি নির্দিষ্ট সাধারন উদ্দেশ্য বলে ধরে নেওয়া হয়েছিল যার জন্য প্রয়োজন ছিল একসঙ্গে পথচলা, একসঙ্গে খাওয়াদাওয়া, একসঙ্গে জীবনধারন করা এবং একে অপরকে ভালভাবে জানা।

যদিও অন্যদের আমাদের ব্যক্তিগত জায়গাতে প্রবেশ করতে দেওয়া সহজ নয়, শিষ্যত্ব প্রক্রিয়াতে এটি অভিরুচি নয় কিন্তু একটি প্রয়োজনীয়তা যা অন্যদেরকে বৃদ্ধি করতে পারবে। মা মেরী ফ্রান্সিস লিখেছেন:

“যদি আমরা একে অপরকে বন্ধু বলে না ডাকি , তাহলে আসুন একে অপরকে বোন বলার ভান না করি। আমাদের সত্যিকারের বোনদের থাকতে পারে না যারা সত্যিকারের বন্ধু নয়। এবং তাই এটি প্রতিটি মানুষের সম্পর্কের সাথে থেকে যায়[৪]”।

আমাদের অবশ্যই খ্রীষ্টেতে ভাই বোনদের সাথে বন্ধুত্ব গড়ে তুলতে হবে যাদের আমরা শিষ্য করছি। এটির প্রায়ই অর্থ হল আমাদের  আরামদায়ক ব্যক্তিগত অঞ্চলগুলিকে অন্যদের দ্বারা বাধা দেওয়া। তাদের সম্ভবত বিভিন্ন পরিবেশ থাকবে। আমাদের যুবসমাজের জন্য, তাদের প্রায়ই বিভিন্ন বিশ্ব দৃষ্টিভঙ্গি থাকবে ,তবে আমরা সবাই বেশি করে খ্রীষ্টসম হওয়ার পথযাত্রী, আমাদের উত্থান-পতনের মধ্যেও একসাথে পথ চলতে হবে। খাঁটি শিষ্য প্রেমময় সম্পর্ক গড়ে তুলতে হবে সহচর শিষ্যদের প্রয়োজনের প্রতি স্বার্থকে অস্বীকার করার এক আগ্রহের মাধ্যমে প্রেমকে প্রকাশ করতে হবে। এই “একই প্রেম” পৌল ফিলিপীয় ২:১-১১ –এ তে বর্ননা করেছেন, যেখানে তিনি শিষ্যদের এক অপরের সাথে সম্পর্কের ক্ষেত্রে খ্রীষ্টের আত্মত্যাগমুলক মনোভাব অনুকরন করার জন্য পরামর্শ দিয়েছেন।

লোকদের আমাদের ব্যক্তিগত জায়গাতে প্রবেশ করার জন্য আমন্ত্রন জানানোর একটি উপায় হল আমাদের বাড়িতে বা যেখানে আমরা থাকি সেখানে আসতে আমন্ত্রন জানানো। আমরা তাদেরকে আমাদের বাড়ির উঠোনে কিছু চা বা কফি খেতে আমন্ত্রন জানাতে পারি, আমাদের রান্নাঘরে একসাথে রান্না করতে, তাদের সাথে মধ্যাহ্নভোজ বা রাতের খাবার খাওয়া, তাদেরকে আমাদের সোফায় বসতে দেওয়া বা আমাদের দোলনা চেয়ারে দোল খেতে দিন। এই সমস্ত শিষ্যত্বের আরও আনুষ্ঠানিক সময়ের

আগেই সংঘটিত হওয়া উচিৎ এবং তার পরে সেখানে আমরা বাইবেল অধ্যয়ন , প্রার্থনা বা আমাদের শিষ্যত্বের বিষয়সূচী নিয়ে আলোচনা করতে পারব। যাইহোক,তাদেরকে আমাদের বাড়িতে আমন্ত্রনের দ্বারা, এটির অর্থ হল তাদেরকে দেখানো কিভাবে আমরা ঘরটি সাজিয়ে রেখেছি এবং কিভাবে আমরা জীবনযাপন করি তা দেখানো। তারা দেখবে আমাদের বই রাখার তাকে কি আছে এবং জানবে কি ধরনের বই আমরা পড়ি। তারা আমাদের ডিভিডি সংগ্রহ দেখতে পাবে এবং জানবে কি ধরনের সিনেমা আমরা দেখি। তারা আমাদের গানের সংগ্রহশালা দেখবে এবং জানবে কি ধরনের গান আমরা শুনি, তারা লক্ষ করবে কিভাবে আমরা আমাদের পরিবারের সদস্যদের সাথে আচরন করি এবং জানবে কিভাবে আমরা আমাদের প্রেমকে প্রদর্শন করি। অন্যকথায়, আমরা তাদেরকে আমাদের বিশ্ব দেখাবো, আমাদের আসল অভ্যাষ এবং মনোভাব এবং আমাদের জীবনযাত্রার গুনগত মান দেখাব।

আমারা ব্যক্তিগত অভিজ্ঞতার ভিত্তিতে, আপনি শিষ্য করেন এমন লোকদের সাথে সম্পর্ক স্থাপনে এটি একটি কার্যকর এবং গুরুত্বপূর্ন পর্যায়ে পরিনত হবে। তারা স্বীকৃত এবং গুরুত্বপূর্ন বোধ করবে। তাদের বন্ধু হিসাবে গ্রহন করা হল বাইরের লোকেদেরকে খ্রীষ্টিয় মন্ডলীতে এবং সম্প্রদায়ের মধ্যে আসার সবচেয়ে মূল কারন।[5] যখন তারা অনুভব করবে খাঁটি বন্ধুত্বের, তারা আমাদের সঙ্গে সংযুক্ত হবে, এবং যেখানে বিশ্বাস তৈরী হবে, তখন তারা আমাদের জন্য তাদের জীবন উন্মুক্ত করে দেবে এবং আমরা আমাদের মূল্যবোধ, এবং শিক্ষাগুলি যেভাবে ঈশ্বর পরিচালনা করেন সেভাবে আমরা তাদের সঙ্গে ভাগ করে নিতে পারি।

## আরামদায়ক এবং নিরাপদ জায়গাগুলির মান

এটি বিনা বলাতে যেতে দেওয়া উচিৎ, কিন্তু এই প্রচেষ্টাগুলি দিয়ে সম্পর্ক তৈরী করা হল শিষ্যত্বের মূল ভিত্তি, এটি লক্ষ করা গুরুত্বপূর্ন যে আমাদের যুবসমাজের জন্য আরামদায়ক এবং নিরাপদ সে সমস্ত কিছু জায়গা এবং উপায় করা উচিৎ। আমাদের অবশ্যই তাদের উপর অতিরিক্ত বোঝা চাপানো বা এমন কিছু করতে বাধ্য করা উচিৎ নয় যা তারা করতে চায় না। লক্ষ হল শিষ্যত্ব করা। যীশু বলেছিলেন, “হে পরিশ্রান্ত ও ভারাক্রান্ত লোক সকল, আমার নিকটে আইস,আমি তোমাদিগকে বিশ্রাম দিব। আমার যোঁয়ালি আপনাদের উপর তুলিয়া লও , এবং আমার কাছে শিক্ষা কর, কেননা আমি মৃদুশীল ও নম্রচিত্ত; তাহাতে তোমারা আপন আপন প্রানের জন্য  বিশ্রাম পাইবে। কারন আমার যোঁয়ালি  সহজ এবং ভার লঘু”(মথি ১১:২৮-৩০)। আমাদের যুবক – যুবতীরা  অনেক বোঝা এবং ভয় বহন করে। আমাদের তাদের প্রয়োজনের প্রতি সংবেদনশীল হতে হবে এবং তারা যেখানে তাদের সঙ্গে সেখানেই দেখা করতে হবে। আমাদের যুবসমাজ যীশুকে অনুসরন করার অর্থ কি তা শিখছে, এবং তারা সর্বদা এটি সঠিকভাবে করবে না। আমাদের জিবিত পাঠ্যক্রমগুলিতে আমাদের কী প্রতিমুর্ত্তি

করা উচিৎ তা হল নিঃশর্ত এবং খাঁটি ঐশ্বরিক প্রম ।যদি আমরা এটি ভালভাবে প্রতিমূর্ত্তি করতে পারি, তবে আমরা আমাদের যুব-সমাজের সাথে আমাদের সম্পর্কিয় শিষ্যত্বের একটি শক্ত ভিত্তি স্থাপন করতে পারব।

**আমাদের যুবসমাজ যীশুকে অনুসরন করার অর্থ কি তা শিখছে, এবং তারা সর্বদা এটি সঠিকভাবে করবে না। আমাদের জিবিত পাঠ্যক্রমগুলিতে আমাদের কি প্রতিমূর্ত্তি করা উচিৎ তা হল নিঃশর্ত এবং খাঁটি ঐশ্বরিক প্রেম।**

অধিকন্তু, আমাদের যুবসমাজের জন্য আরামদায়ক এবং নিরাপদ স্থান দেওয়ার অর্থ হল তাদের এমন একটি জায়গা দেওয়া উচিত যেখানে তারা দেখতে এবং শুনতে পাবে। আমাদের যুবসমাজ সামাজিক যোগাযোগ মাধ্যম এবং অনলাইনে আগের তুলনায় অনেক বেশি সংযুক্ত এবং তবুও তারা অবিশ্বাস্যভাবে একাকী এবং বিচ্ছিন্ন বোধ করছে। তাদের নিরাপদ স্থান প্রয়োজন যেখানে তারা নিজেরাই হত পারবে, যেখানে তারা তাদের ধারনাগুলি এবং তাদের ভয় ভাগ করে নিতে পারবে এবং যেখানে তারা তাদের পছন্দের এবং গ্রহনযোগ্য হতে পারবে। যীশু এইভাবেই মানুষকে ভালবাসেন এবং এই পাঠটি অবশ্যই আমাদের জীবিত পাঠ্যক্রমের একটি কেন্দ্রিয় অঙ্গ হতে হবে।

এর অর্থ এই নয় যে ঈশ্বর কখনও বলেননি যে যুবসেমাজের সাথে চ্যালঞ্জিং বাক্য প্রচার করতে। যীশু তাঁর শিষ্যদের জন্য সময় সময় কঠিন বাক্য ব্যবহার করতেন।তবে, যদি আমরা দৃঢ় সম্পর্ক তৈরী করতে পারি এবং যদি এখানে বিশ্বাস এবং শর্তহীন প্রেম থাকে তবে আমাদের যুবসমাজকে প্রেমে এই চ্যালেঞ্জিং কথাগুলি আমাদের পক্ষে বলতে পারা সম্ভব হবে।

সম্পর্কগুলি হল জটিল । বুধবার রাতের তৈরী করা ছাপানো পাঠ্যক্রমে শিষ্যত্ব রাখা অনেক সহজ এবং নিরাপদ। যাইহোক, ঈশ্বরের বাক্য আমাদের মাথা থেকে আমাদের হৃদয় এবং আমাদের হাত এবং পায়ের মধ্য দিয়ে সরে না যাওয়া পর্যন্ত শিষ্যত্ব সত্যিই গভীরে প্রবেশ করে না। শিষ্যত্ব কোনও শ্রেনীকক্ষের চার দেওয়ালের সম্পর্ক নয়। শিষ্যত্ব হল যীশুর সাথে আমাদের যাত্রায় একসাথে চলার সময় অন্যদের সাথে আমাদের জীবন ও অভিজ্ঞতা ভাগ করে নেওয়া।